কর্মক্ষেত্র-র পরিপূরক পত্রিকা

পেশাপ্রবেশ

চাকরির পরীক্ষায় অপ্রতিদ্বন্দ্বী

চার কেন্দ্রীয় বাহিনীতে
২৫২৭১ কনস্টেবল, রাইফেলম্যান
নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে
মাল্টি টাস্কিং নন-টেকনিক্যাল স্টাফ
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

কেন্দ্রীয় সরকারে
স্টেনোগ্রাফার
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

বাংলা ব্যাকরণ • ইংরেজি শিক্ষার আসর • অর্থনীতির হালচাল • ভারতের ইতিহাস • ভারতের ভূগোল

*
বহু ছেলেমেয়ে 'কর্মক্ষেত্র' পড়ে
নিজের পায়ে দাঁড়িয়েছে।
অন্তত চারটি ছেলে ও দুটি মেয়ের
কথা আমার এই মুহূর্তে মনে পড়ছে।
যারা 'কর্মক্ষেত্র'-র সহায়তায়
কাজ পেয়েছিল। ওদেরকে আমিই
'কর্মক্ষেত্র'-র গ্রাহক করে দিয়েছিলাম।
'কর্মক্ষেত্র' প্রথম থেকেই ছোটখাটো
ব্যবসার এক আশ্চর্য নির্দেশিকা দিয়ে
আসছেন, যা অনুসরণ করলে যুবাপ্রজন্ম
বাঁচবার ও বাঁচাবার পথের সন্ধান পাবে।
টুথপেস্ট বানাবেন, না হাওয়াই চপ্পলের
ফিতে? মেশিনে পোট্যাটো চিপস বানিয়ে
বেচবেন, না ভিনিগার তৈরি করবেন?
'কর্মক্ষেত্র' এত বছরে, এরকম অন্তত
এক হাজার অল্প পুঁজির ব্যবসার হদিশ
দিয়েছে। ওই সব ব্যবসায় নেমে
কয়েক হাজার মানুষই স্বাবলম্বী হয়েছেন।
মৃত্যু যখন দরজায় ঘা দিচ্ছে, তেমন
সময়ে যে ঔষধ বাঁচাতে পারে, তাকে
আমাদের মুনিঋষিরা নাম দিয়েছেন
বিশল্যকরণী। আমি তো 'কর্মক্ষেত্র'কে
বলব বিশল্যকরণী।
'কর্মক্ষেত্র' যেভাবে স্বল্প পুঁজিতে ব্যবসা
করার পরিকল্পনা জোগায়, তাতে তো
সাধারণ ঘরের ছেলেমেয়েরা যেন
নতুন জীবনের রসদ পায়।
'কর্মক্ষেত্র' বলছে, পরিশ্রম করো
সততার সঙ্গে, শ্রমকে ভয় পেও না,
স্বীয় কর্মগুণে ভাগ্যকে জয় করো।
আজ দেশের তরুণ প্রজন্মকে এই কথা
বলার মহান দায়িত্ব 'কর্মক্ষেত্র' গ্রহণ করেছেন,
আমি অন্তর থেকে যেন সাড়া পাচ্ছি।
মহাশ্বেতা দেবী
৩ জুলাই, ২০০৫
মহাশ্বেতা দেবী: *জ্ঞানপীঠ, ম্যাগসেসে, আকাদেমি প্রভৃতি জাতীয় ও আন্তর্জাতিক বহু পুরস্কারে ভূষিতা লেখিকা।*
কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ

*

সপ্তদশ বর্ষ দশম সংখ্যা অক্টোবর ২০২১ কার্তিক ১৪২৮

সূচিপত্র

১০ খবরের পাতা
৫৮ সংবাদ শিরোনামে
২৬ কে কী বললেন

সংবাদ নিবন্ধ

২৭ সেন্ট্রাল ভিস্তা কি সরকারের অগ্রাধিকার? □ কৌশিক বন্দ্যোপাধ্যায়

অর্থনীতির হালচাল

২৯ বৈষম্য সৃষ্টিকারী ভারতীয় অর্থনীতির মডেল □ ডঃ দেবব্রত দত্ত

৩১ **বাংলা ব্যাকরণ** □ শিশিরকুমার আচার্য

৩২ **জেনারেল ইংলিশ** □ কমলেশ কুমার

বিবিধ

৫ সম্পাদকীয়
৭ পাঠকের চিঠি
৩৪ **কারেন্ট অ্যাফেয়ার্সের প্রশ্নোত্তর**

ভারত কথা

৩৬ **ভারতের ভূগোল** □ পাভেল ঘোষ
৩৮ **ভারতের ইতিহাস** □ ধীমান ঘোষ

পরীক্ষার প্রস্তুতি

৪০ **চার কেন্দ্রীয় বাহিনীতে ২৫২৭১ কনস্টেবল, রাইফেলম্যান**
নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

৪৬ **স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে মাল্টি টাস্কিং (নন টেকনিক্যাল) স্টাফ**
নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

৫১ **কেন্দ্রীয় সরকারে কয়েকশো স্টেনোগ্রাফার**
নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

কপিরাইট
© **স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ ২০২১**
পেশাপ্রবেশ-এ প্রকাশিত কোনও লেখা ও তার কোনও অংশ প্রকাশকের লিখিত অনুমতি ছাড়া মূলে বা অনুবাদে প্রকাশ করা যাবে না।

প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী
সম্পাদক: মহাশ্বেতা সমাজদার

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক, নবমুদ্রণ প্রাঃ লিঃ, ব্লক-সিপি, প্লট নম্বর-৪, সেক্টর ফাইভ, সল্টলেক সিটি, কলকাতা-৭০০ ০৯১ থেকে মুদ্রিত ও ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯ থেকে প্রকাশিত।

দাম ২০ টাকা

PESHAPROBESH
A Monthly on Career and Competition

29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
Telephone: 2283 2320, 2290 0008
Fax: 2287 6448
E-mail: swarnakshar.prakasani@gmail.com
Website: www.swarnakshar.in

@bettersolution4u https://ebooks.bettersolution4u.in

স্বর্ণাক্ষরে ভ্রমণকাহিনি

অনলাইন কিনতে হলে লগ ইন করুন: www.readbengalibooks.com

বিমল মুখার্জির
দুচাকায় দুনিয়া
১৯২৬ সালে সাইকেলে পৃথিবী পর্যটনে বেরিয়েছিলেন প্রথম ভারতীয় ভূ-পর্যটক বিমল মুখার্জি। তাঁর সেই দুঃসাহসিক বিশ্বভ্রমণের রোমাঞ্চকর অভিজ্ঞতা।
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত। ৭ম মুদ্রণ ₹৩০০

অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
ভ্রমণকাহিনীর মহাসংকলন
সেরা ভ্রমণ কাহিনী
প্রখ্যাত লেখক-পর্যটকদের অবিস্মরণীয় ভ্রমণকথা
১ম খণ্ড ৫ম মুদ্রণ ₹ ৭৫০
২য় খণ্ড ৩য় মুদ্রণ ₹৩০০
৩য় খণ্ড ১ম প্রকাশ ₹৩০০

ভ্রমণের নবনীতা
নবনীতা দেব সেন

নানা মহাদেশের মাটির জলস্পর্শ আছে এ বইয়ে।
তৃতীয় মুদ্রণ ₹১২৫

দেশে দেশে
প্রতাপকুমার রায়

প্রখ্যাত ভ্রামণিকের ভ্রমণগাথা ₹৭৫

ইছামতীর মশা
শঙ্খ ঘোষ

কবির দেখা কবির লেখা একগুচ্ছ অসাধারণ ভ্রমণকথার সংকলন।
পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ ₹১৫০

শঙ্খ ঘোষের

বেড়াতে যাবার সিঁড়ি
দাম ₹১২০

বসন্ত সিংহ রায়ের
কাঞ্চনজঙ্ঘা অভিযান
হার না মানা পর্বতারোহীর ডায়েরির পাতা থেকে সরাসরি, কাঞ্চনজঙ্ঘা অভিযানের অনুপুঙ্খ বিবরণ। প্রচুর ছবি।
দাম ₹১৫০

বন্ধুভরা বসুন্ধরা
অমরেন্দ্র চক্রবর্তী
দেশে দেশে ঘুরে বেড়ানোর আন্তরিক আলেখ্য।
সঙ্গে রঙিন ছবি।
ম্যাপলিথো কাগজে ছাপা।
পরিবর্ধিত ২য় সংস্করণ ₹ ১২০

চিন তিব্বত মোঙ্গোলিয়া
শঙ্কররঞ্জন রায়চৌধুরী

চিন, তিব্বত আর মোঙ্গোলিয়া— ভৌগোলিক রহস্যভরা তিন ভুবনে বিচিত্র প্রকৃতি আর মানুষের জীবনস্রোতে ভেসে বেড়ানোর পুঙ্খানুপুঙ্খ বর্ণনা।
দ্বিতীয় মুদ্রণ ₹৯০

বাঁধা পথের বাঁধন ছেড়ে
রবীন চক্রবর্তী

উত্তর-পূর্ব ভারত আর লাদাখ ভ্রমণে আগ্রহীদের এ-বই পথ দেখাবে। সঙ্গে খুঁটিনাটি দরকারি তথ্য।
২য় সংস্করণ ₹৯০

প্রাপ্তিস্থান
শিশু সাহিত্য সংসদ প্রাঃ লিঃ, ৩২এ, আচার্য প্রফুল্লচন্দ্র রোড, কলকাতা-৯ ফোন: ২৩৫০-৭৬৬৯/৩১৯৫ **কথাশিল্প**, কলেজ স্ট্রিট। **অভিযান বুক স্টোর**, ১০/২এ, রমানাথ মজুমদার স্ট্রিট, কলকাতা-৯ **ফোন:** ৮০১৭০ ৯০৬৫৫। **দে বুক স্টোর** (আদি), **দে বুক স্টোর** (দীপু), বলাকা বুক স্টল ইত্যাদি। ■ বাংলাদেশে: বাতিঘর চট্টগ্রাম, প্রেস ক্লাব ভবন, ১৪৬/১৫১ জামাল খান রোড, চট্টগ্রাম-৪০০০। ফোন: ০৩১২৮৬৯৩৯১/০১৭৩৩০৬৭০০৫। **বাতিঘর ঢাকা**, বিশ্বসাহিত্য কেন্দ্র ভবন, ১৭, ময়মনসিংহ রোড, বাংলা মোটর, ঢাকা ১০০০। ফোন: ০২৯৬৩৫৩৩৯/০১৯৭৩৩০৪৩৪৪। **বাতিঘর সিলেট**, গোল্ডেন সিটি কমপ্লেক্স, ৬৮২, পূর্ব জিন্দাবাজার, সিলেট ৩১০০ ফোন: ০১৯১১৫০৯৬৯৬

স্বর্ণাক্ষর ✆ ৯৮৩৬৩ ০৯১৭০ (সকাল ১১টা থেকে সন্ধে ৬টা)
ই-মেল: swarnakshar.books@gmail.com

*

সম্পাদকীয়

প্রায় দু'বছর এ বঙ্গে স্কুল-কলেজ বন্ধ। বন্ধ যাবতীয় পঠনপাঠন। দু'টি পর্ষদের পরীক্ষার ফল কোনওমতে জোড়াতালি দিয়ে প্রকাশ করা গিয়েছে। কিন্তু সকলেই জানেন সেই ফল প্রকৃত ফল নয়, এই গণ হারে পাশও প্রকৃত ছবি নয়, যথাযথ ভাবে পরীক্ষা হতে পারলে কারও কারও ফল আরও ভালো হতে পারত। অতিমারির দিনকাল পার করে আসা এই ছাত্রছাত্রীদের এমনই দুর্ভাগ্য যে, তাঁদের উপর চাপিয়ে দেওয়া এই ফলের বোঝা আজীবন তাঁদের বইতে হবে।

প্রশাসনের তরফে এই 'চাপিয়ে দেওয়া'র মানসিকতাটাই বিপজ্জনক। স্কুল-কলেজ খুলে পঠনপাঠন স্বাভাবিক করার ক্ষেত্রে প্রশাসন নিশ্চিত ভাবেই দ্বিধাগ্রস্ত, পাছে ফের সংক্রমণ বেড়ে গিয়ে বিপদে ফেলে কোভিড! কিন্তু পঠনপাঠন আর বাজারের সময় নির্দিষ্ট করে ভিড় নিয়ন্ত্রণ একই প্রশাসনিক দৃষ্টিভঙ্গি থেকে বিচার করা যায় না। শিক্ষার সঙ্গে লক্ষ লক্ষ ছাত্রছাত্রীর ভবিষ্যৎ জড়িত। দু'বছরের পাঠহীনতায় ছাত্রছাত্রীরা যা শিখেছিল তাও ভুলতে বসেছে। অনেকের উৎসাহ চলে গিয়েছে, অতিমারিজনিত আর্থিক সংকটের জেরে অনেকে অর্থোপার্জনের রাস্তায় চলে গিয়েছে, গ্রামে বালিকা বয়সেই বিবাহ বেড়ে গিয়েছে বলে প্রায়শই খবর পাওয়া যাচ্ছে। স্কুল খুললে এদের বেশিরভাগকেই হয়তো আর ক্লাসরুমে দেখা যাবে না। অতএব দীর্ঘদিন স্কুল-কলেজ বন্ধ থাকাটা এক ধরনের সামাজিক ক্ষতি, সে ক্ষতি অপূরণীয়।

এই অবস্থায় অতিমারির কবল থেকে সুরক্ষিত থেকেও কী ভাবে পঠনপাঠন আংশিক ভাবে হলেও চালিয়ে যাওয়া যায়, সে সম্পর্কে সামাজিক স্তরে আলোচনার দরকার ছিল, বিশেষজ্ঞদের মনোভাব জানার দরকার ছিল। সর্বোপরি প্রয়োজন ছিল ইতিবাচক দৃষ্টিভঙ্গি নিয়ে পঠনপাঠনকে চালু রাখার। অনলাইন বা টেলিভিশনের মাধ্যমে ক্লাস ইত্যাদি এ দেশের আর্থ-সামাজিক অবস্থার নিরিখে যে কার্যকরী নয়, সে কথা প্রমাণিত। অথচ আরও বিকল্প ছিল। স্থানীয় মানুষ, শিক্ষক, ক্লাব, স্বেচ্ছাসেবী সংস্থাগুলিকে সঙ্গে নিয়ে মিলিত উদ্যোগে ছোট-ছোট দলে এক-একটি ক্লাসের পড়াশোনার বন্দোবস্ত করার কথা ভাবতে পারত সরকার। তাতে অন্তত খানিক পাঠচর্চার মধ্যে থাকা হত, কিন্তু বাস্তবে এর কিছুই হল না।

এখন যা পরিস্থিতি, তাতে শীতের আগে পঠনপাঠন শুরু হওয়ার সম্ভাবনাও বিশেষ নেই। দু'বছর ধরে শিক্ষার বিষয়ে এই চূড়ান্ত সরকারি ঔদাসীন্য সামাজিক ভাবে শুধু পীড়াদায়ক নয়, আত্মধ্বংসী।

@bettersolution4u https://ebooks.bettersolution4u.in Page 5/68

*

জীবনে আমি চাকরি পাইনি ব'লে দুঃখ ছিল। ফলে, 'কর্মক্ষেত্র' আমি গোগ্রাসে গিলি। প'ড়ে বুঝেছি, চাকরি পেতে যে এলেম দরকার আমার তা নেই। প্রশ্নোত্তরগুলো রপ্ত করার চেষ্টা করি। পরে বুঝি, খুব দেরি ক'রে ফেলেছি। কী করব, আমাদের বয়সকালে তো 'কর্মক্ষেত্র' জন্মায়নি। স্বনিযুক্তি প্রকল্পগুলো আত্মস্থ ক'রে তবু লাখপতি হওয়ার স্বপ্ন দেখি। এ বয়সেও হয়তো একবার কপাল ঠুকে দেখা যেতে পারে। তার চেয়েও বড় কথা হল, 'কর্মক্ষেত্র' আমাকে কাজ না দিলেও অনেক কিছু শেখায় পড়ায়।

জীবনে আমি চাকরি পাইনি ব'লে দুঃখ ছিল। ফলে, 'কর্মক্ষেত্র' আমি গোগ্রাসে গিলি। প'ড়ে বুঝেছি, চাকরি পেতে যে এলেম দরকার আমার তা নেই। প্রশ্নোত্তরগুলো রপ্ত করার চেষ্টা করি। পরে বুঝি, খুব দেরি ক'রে ফেলেছি। কী করব, আমাদের বয়সকালে তো 'কর্মক্ষেত্র' জন্মায়নি। স্বনিযুক্তি প্রকল্পগুলো আত্মস্থ ক'রে তবু লাখপতি হওয়ার স্বপ্ন দেখি। এ বয়সেও হয়তো একবার কপাল ঠুকে দেখা যেতে পারে। তার চেয়েও বড় কথা হল, 'কর্মক্ষেত্র' আমাকে কাজ না দিলেও অনেক কিছু শেখায় পড়ায়।

১৮/১২/২০০০

কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ

*

পাঠকের চিঠি

২০১৬ রিও দি জেনেইরো অলিম্পিক্স

করোনা-অতিমারি আতঙ্কে ২০২০ সালে মুলতুবি রাখা হয় টোকিয়ো অলিম্পিক্স। তবে, লাতিন আমেরিকাতে সর্বপ্রথম, বিশ্বের বৃহত্তম প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় ২০১৬ সালে ব্রাজিলের রিও দি জেনেইরো মহানগরীতে। ৫ থেকে ২১ অগস্ট ২০৭টি দেশের ১১ হাজারেরও বেশি ক্রীড়াবিদ এই প্রতিযোগিতায় অংশ নিয়েছিলেন। ২৯তম অলিম্পিক্সের কিছু তথ্য 'পাঠকের পাতা' বিভাগে পরিবেশিত হল।

১। সিরিয়ার ১৮ বছরের শরণার্থী ইউসরা মারদিনি, মেয়েদের বাটারফ্লাই সাঁতার ইভেন্টে এবং দক্ষিণ সুদানের শরণার্থী গোয়োর মারিয়াল, পুরুষদের ১০০ মিটার দৌড়ে রিওদি জেনেইরো অলিম্পিক্সে অংশ নেন।

২। ৭৪ কেজি ফ্রিস্টাইল মল্লযুদ্ধে ভারতীয় প্রতিযোগী নরসিং যাদব, ডোপিং-এর অভিযোগে রিও অলিম্পিক্সে যোগদানের যোগ্যতা হারান।

৩। রিও অলিম্পিক্সে ফুটবলে প্রথম বার সোনা জেতে ব্রাজিল। টাই ব্রেকারে জার্মানিকে হারায় ৫-৪ গোলে। নেইমারের নেতৃত্বে নজির গড়ে ব্রাজিল।

৪। লন্ডন অলিম্পিক্সে ব্রোঞ্জ পেলেও রিও অলিম্পিক্সে প্রথম রাউন্ডেই মোঙ্গোলিয়ার গানজোরিগিলিন মানদাঘনারান-এর কাছে হেরে যান ভারতের কুস্তিগির যোগেশ্বর দত্ত।

৫। প্রথম দক্ষিণ আফ্রিকান হিসেবে মেয়েদের ৮০০ মিটার দৌড়ে সোনা জেতেন ক্যাস্টর সেমেনিয়া। অলিম্পিক্সে প্রথম মার্কিন স্প্রিন্টার হিসেবে ১৫০০ মিটার দৌড়ে সোনা জেতেন ম্যাথিউ সেন্ট্রোউইটজ।

৬। রিও অলিম্পিক্সে পুরুষদের হকিতে অপ্রত্যাশিত ভাবে বেলজিয়ামকে হারিয়ে সোনা জেতে আর্জেন্টিনা। আর্জেন্তিনার হয়ে ১১টি গোল করেন গনজালো পেইল্লাত।

৭। ক্রীড়াসুলভ মনোভাব দেখিয়ে, মহিলাদের ৫,০০০ মিটার দৌড়ে নিউজিল্যান্ডের নিক্কি হ্যাম্বলিন-কে উঠে দাঁড়াতে সাহায্য করেন মার্কিন দেশের অ্যাবি দি' আগোস্তিনো। তাঁর ডান হাঁটুতে চিড়ও ধরা পড়েছিল।

৮। বিদ্যুৎ মানব উসেইন বোল্ট-এর পাশাপাশি রিও অলিম্পিক্সে জামাইকার হয়েই ১০০ ও ২০০ মিটার দৌড়ে সোনা জেতেন এলেইন থমসন।

৯। কিরঘিজস্তানের আইসুলু তাইনিবেকোভা-কে হারিয়ে রিও অলিম্পিক্সে কুস্তিতে ব্রোঞ্জ জেতেন হরিয়ানার রোহটক-এর মেয়ে সাক্ষী মালিক।

১০। ব্রাজিলের হয়ে অলিম্পিক্সে প্রথম বক্সিংয়ে সোনা জেতেন লাইটওয়েট বক্সার রবসন কোনসিকাও। তিনি হারান ফ্রান্সের সোফিয়েন ওনিহাই-কে।

১১। মহিলাদের হ্যামার থ্রো-তে রিও অলিম্পিক্সে ৮২.২৯ মিটার দূরত্বে রেকর্ড করেন পোল্যান্ডের অ্যানিতা ভিলোদারজিক।

১২। প্রথম ব্রাজিলীয় হিসেবে অলিম্পিক্সে পোল ভল্টে সোনা জেতেন থিয়াগো দা সিলভা।

১৩। মেয়েদের ৪০০ মিটার দৌড়ে ফেভারিট অ্যালিসন ফেলিক্স-কে হারিয়ে সোনা জেতেন বাহামা দ্বীপপুঞ্জের অখ্যাত স্প্রিন্টার— শাউনাই মিলার।

১৪। ছেলেদের সাইক্লিং-এ পরস্পরের মধ্যে ধাক্কা লেগে রিও অলিম্পিক্সি ট্র্যাক থেকে ছিটকে যান অস্ট্রেলিয়ার গ্লেন ও' শি এবং ইটালির এলিয়া ভিভিয়ানি।

১৫। অলিম্পিক্সে পুয়ের্তো রিকো-র হয়ে প্রথম সোনা যেতেন মহিলা লন টেনিস খেলোয়াড় মোনিকা পুইগ, জার্মানির অ্যাঞ্জেলিক কের্বের-কে হারিয়ে।

১৬। দু'বারের বিশ্বচ্যাম্পিয়ন স্পেনের ক্যারোলিনা মেরিনের কাছে হেরে রুপো জেতেন পি ভি সিন্ধু। খেলার ফল ২১-১৯, ২১-১২, ২১-১৫।

১৭। মাইকেল ফেল্পস-কে ১০০ মিটার বাটারফ্লাই সাঁতারে হারান সিঙ্গাপুরকে প্রথম অলিম্পিক স্বর্ণপদক এনে দেওয়া যোসেফ শ্যুলিং।

১৮। নিষিদ্ধ মাদক সেবনের জন্য বালগেরিয়ার মহিলা স্প্রিন্টার সিলভিয়া দানিকোভা এবং চিনের মহিলা সাঁতারু চেন জিনাই-কে রিও অলিম্পিক্সে খেলতে দেওয়া হয়নি।

১৯। কাজাখস্তানের মেয়ে দ্মিত্রি বালানদিন, তাঁর দেশের হয়ে অলিম্পিক্সে সাঁতারে প্রথম সোনা পেলেন। পুরুষদের ৭৭ কেজি ক্লিন অ্যান্ড জার্ক ভারোত্তলনে ওই দেশেরই নিজাত রেহিসভ বিশ্বরেকর্ড করেন।

২০। পদক না পেলেও বক্সার মনোজ কুমার, অলিম্পিক মেডালিস্ট, লিথুয়ানিয়ার ইভালদাস পেত্রাউস্কাস-কে হারান।

কৌশিক রায়
সহশিক্ষক (ইংরেজি), আবেশকুড়ি উচ্চ মাদ্রাসা (উঃ মাঃ)
সবরণদিঘি, পোঃ সর্ব্বমঙ্গলা, থানা-গঙ্গারামপুর
জেলা: দক্ষিণ দিনাজপুর, পিন-৭৩৩ ১২৪

@bettersolution4u https://ebooks.bettersolution4u.in Page 7/68

পেশাপ্রবেশ

চাকরির পরীক্ষায় অপ্রতিদ্বন্দ্বী

প্রতি সংখ্যা ২০ টাকা। বার্ষিক গ্রাহকমূল্য (ডাকব্যয় সহ) ২৩০ টাকা।

প্রতি মাসের 'পেশাপ্রবেশ' যাঁরা ঘরে বসেই পেতে চান তাঁরা অনুগ্রহ করে ১ বছরের গ্রাহকমূল্য (ডাকব্যয় সহ) ২৩০ টাকা (ক্যুরিয়ারে পেতে চাইলে ৪৯০ টাকা) Swarnakshar Prakasani Private Limited-এর নামে ব্যাঙ্ক ড্রাফট নীচের ঠিকানায় পাঠান। সঙ্গের চিঠিতে বা মানি অর্ডার ফর্মের নীচে স্পষ্টাক্ষরে আপনার পুরো নাম-ঠিকানা অবশ্যই লিখবেন। "পেশাপ্রবেশ-এর গ্রাহকমূল্য" কথাটিও লিখতে ভুলবেন না। যে মাসে গ্রাহকমূল্য পাঠাবেন, তার পরের মাস থেকে পত্রিকা পাবেন। পত্রিকা পাঠানো হবে পিরিয়ডিক্যাল চ্যানেলে।

গ্রাহক হবার ফর্ম

Sending Rs. 230 □ Rs. 490 towards my subscription to PESHAPROBESH* for One year by Cash/Bank Draft Payable at Kolkata.

Name:..

Address:..

....

....

Bank Draft No.:........................ Date:.......................... Bank:..................................

Branch:...................... Signature & Date:...................... Phone No.:............................

ড্রাফট Swarnakshar Prakasani Pvt. Ltd.-এর নামে লিখবেন। পাঠাবেন এই ঠিকানায়:
Swarnakshar Prakasani Pvt. Ltd., 29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019.

খবরের পাতা

*

১ অগস্ট - ৩১ অগস্ট

আ ন্ত র্জা তি ক

আফগানিস্তানের দখল নিল তালিবান

দু'দশক পেরিয়ে ফের আফগানিস্তানের শাসনক্ষমতার দখল নিল তালিবান। ১৫ অগস্ট রাজধানী কাবুল দখল করে নেয় তারা। দেশের ৩৪টি প্রদেশই এখন তাদের কব্জায়। প্রেসিডেন্ট আশরফ গনি ইস্তফা দিয়ে পলাতক। রাস্তা-ঘাট, বাজার-দোকান, প্রেসিডেন্টের প্রাসাদ— সর্বত্রই বন্দুক হাতে তালিবানের উপস্থিতি। এত দ্রুত পটপরিবর্তন ঘটে যাবে সে দেশে, ভাবেনি আফগানিস্তানের মাটি থেকে সেনা ফিরিয়ে নেওয়া মার্কিন সরকারও।

৯/১১ হামলার পরে দীর্ঘ কুড়ি বছর আফগানিস্তানের মানুষের নিরাপত্তার দায়িত্ব সামলেছে ন্যাটো এবং আমেরিকান বাহিনী। মূলত আফগানিস্তানের মাটি থেকে তালিবান ও আল কায়দার মতো জঙ্গিগোষ্ঠীগুলির দাপট মুছে ফেলতেই বিদেশি সেনাবাহিনী এত বছর ধরে ঘাঁটি গেড়ে থেকেছে সেখানে। মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন ৩১ অগস্টের মধ্যে আফগানিস্তান থেকে পুরোপুরি সেনা সরিয়ে নেওয়ার কথা ঘোষণার করেন। তার পর থেকেই ক্ষমতা দখল করতে আক্রমণের ঝাঁজ বাড়ায় তালিবান। আফগান সেনা প্রথম দিকে প্রতিরোধ গড়ে তুললেও ক্রমশ কোণঠাসা হয়ে পড়ে তালিবান আক্রমণের মুখে।

কাবুল দখলের পর তালিবান একাধিক বিবৃতি দিয়ে বলেছে, প্রাক্তন সরকারের আধিকারিক, সেনা বা পুলিশকর্তাদের কোনও চিন্তা নেই। তাঁদের উপরে তালিবানের কোনও আক্রোশ নেই। 'নিয়ম' মেনে মহিলাদের চলাচলেও কোনও আপত্তি নেই তালিবানের। বস্তুত 'মানবিক মুখ' দেখানোর প্রতিশ্রুতি দিলেও কার্যক্ষেত্রে দেখা গিয়েছে তালিবান শাসনের সেই চিরাচরিত চিত্রই। মহিলাদের বোরখা না পরার জন্য খুন, মহিলা গভর্নর সেলিমা মাজারির 'নিপাত্তা হয়ে যাওয়া', হাত-পা ট্রাকের সঙ্গে বেঁধে টানতে টানতে আফগান যুবকদের নিয়ে যাওয়া থেকে শুরু করে প্রকাশ্য রাস্তায় প্রতিবাদীদের উপরে গুলি চালানো এবং হত্যা— ফের নৃশংসতার পথেই হাঁটতে দেখা গেছে তাদের।

তালিবান বাহিনী কাবুল দখল করার পর থেকেই দেশ ছাড়ার হিড়িক পড়ে যায় আফগানদের মধ্যে। স্থানীয় সংবাদমাধ্যমের দাবি, তালিবান ত্রাসে ইতিমধ্যে আফগানিস্তান ছেড়েছেন ১ লক্ষ ২৩ হাজার সাধারণ মানুষ। তাঁদের মধ্যে একটা বড় অংশ শরণার্থীর তকমা পেয়ে বিদেশি বিমানে চেপে ইউরোপ বা উত্তর আমেরিকায় পৌঁছেছেন। মার্কিন সেনার বিমানে চেপে আফগানদের দেশ

https://t.me/bettersolution4u www.bettersolution4u.blogspot.com Page 10/68

ছাড়ার মরিয়া প্রচেষ্টার ভয়াবহ ছবি প্রকাশ্যে আসতেই কেঁপে উঠেছে বিশ্ববাসী। কাঁটাতারের বেড়া টপকে বিমানবন্দরে ঢোকা, বিমানের চাকার সঙ্গে নিজেকে বেঁধে নেওয়া এবং মাঝ-আকাশ থেকে মাটিতে খসে পড়ার মতো মর্মান্তিক ঘটনা ঘটেছে একের পর এক।

আফগানিস্তানের রাজনৈতিক পরিস্থিতির এহেন দ্রুত অবনতির জন্য মার্কিন প্রেসিডেন্ট বাইডেনকে কাঠগড়ায় দাঁড় করিয়েছে আন্তর্জাতিক মহল। যদিও জো বাইডেনের দাবি, আফগানিস্তান থেকে সামরিক বাহিনী সরিয়ে কোনও ভুল করেনি তাঁর প্রশাসন। একটি নিউজ চ্যানেলকে দেওয়া সাক্ষাৎকারে নিজের অবস্থান স্পষ্ট করে তিনি জানান, গোটা আফগানিস্তানে এখন যে-অরাজক পরিস্থিতি চলছে, সেটা কোনও ভাবেই এড়ানো যেত না। তাহলে দু'দশক ধরে বিপুল খরচ করে আফগান মুলুকে লড়াইয়ের ফল কী হল, সেই প্রশ্ন উঠতে শুরু করেছে।

উল্লেখ্য ৩১ অগস্টের এক দিন আগেই আফগানিস্তান ছাড়ে মার্কিন বাহিনী। সর্বশেষ সেনা হিসেবে মাঝরাতে বায়ুসেনার বিমানে ওঠেন মেজর জেনারেল ক্রিস্টোফার টি ডোনাহিউ। তারপর টারম্যাকেই বিজয়োল্লাসে ফেটে পড়ে তালিবান যোদ্ধারা। মার্কিন বায়ুসেনার সি-১৭ বিমান রানওয়ে থেকে 'টেক অফ' করা মাত্র হামিদ কারজাই বিমানবন্দরের ভেতরেই বিজয় উৎসব শুরু করে দেয় তালিবান। বিমানবন্দর থেকেই যুদ্ধ জয়ের ঘোষণা করে তালিবান মুখপাত্র জবিউল্লা মুজাহিদ বলে, 'অভিনন্দন আফগানিস্তান। এই জয় আমাদের সকলের। আমাদের এই জয় থেকে যেন শিক্ষা নেয় অন্য হানাদারেরা!'

চিন অবশ্য তালিবান নেতৃত্বকে স্বাগতই জানিয়েছে। বেজিংয়ের মুখপাত্র সাংবাদিক বৈঠক করে বলেছেন, 'আমরা আশা করছি, শান্তি আর অহিংসার পথে আফগানিস্তানে ক্ষমতা হস্তান্তর হতে চলেছে। আমরা আফগান মানুষের ইচ্ছেকে গুরুত্ব দিই। আশা করব তালিবান নেতৃত্ব সে দেশের মানুষের সুরক্ষা ও অধিকারের দিকটি বিবেচনা করে দেশ শাসন করবেন।' তালিবান-চিন সমঝোতা প্রকাশ্যে আসার পরই তালিবানের মুখপাত্র সুহেল শাহিন বলেন, 'আফগানিস্তানকে নতুন করে গড়ে তুলতে বড় ভূমিকা নেবে চিন।' তালিবানের পাশে দাঁড়িয়েছে পাকিস্তানও। প্রধানমন্ত্রী ইমরান খান বলেছেন, 'অন্য দেশের সংস্কৃতিকে আপন করতে গেলে মানসিক ভাবে পরাধীন হয়ে যেতে হয়। আফগানিস্তানের মানুষ সেই পরাধীনতার শৃঙ্খল ভেঙেছেন।' আফগানিস্তানে তালিবান পরিপূর্ণ সরকার গঠন করতে সক্ষম বলেও দাবি করেছে ইসলামাবাদ।

মনে করা হচ্ছে, তালিবানের সহ-প্রতিষ্ঠাতা মোল্লা আব্দুল গনি বরাদর আফগানিস্তানের শাসনভার গ্রহণ করতে পারে। তালিবানের এক মুখপাত্র জানিয়েছে, হক্কানি ও হেকমতিয়ার গোষ্ঠীর সঙ্গে আলোচনা চলছে। তার পরেই এই বিষয়ে সিদ্ধান্তে পৌঁছনো যাবে। এই পরিস্থিতিতে বরাদর ও সিরাজুদ্দিন হক্কানি-সহ ১৩৫ জন তালিবকে 'জঙ্গি' তালিকা থেকে সরিয়ে দেওয়ার কথা ঘোষণা করেছে রাষ্ট্রপুঞ্জ। ২০০১-এর ২৩ ফেব্রুয়ারি থেকে জঙ্গি তালিকায় রয়েছে বরাদরের নাম। তবে দোহায় আলোচনায় বসার আগে তার দেওয়া শর্ত অনুযায়ী বরাদরের উপর থেকে কিছু নিষেধাজ্ঞা সরিয়ে নেয় আমেরিকা। ১৯৮০-র দশকে আফগানিস্তানে সোভিয়েত-বিরোধী লড়াইয়েও সক্রিয় ভূমিকা নিয়েছিল বরাদর। কন্দহরে এক সময়ের মাদ্রাসা-পরিচালক বরাদর ১৯৯৪ সালে আত্মীয় মহম্মদ ওমরের সঙ্গে তালিবানের প্রতিষ্ঠা করে। আফগানিস্তানে তালিব-জমানায় উপ-প্রতিরক্ষামন্ত্রীর দায়িত্ব সামলেছে বরাদর। মার্কিন চাপের মুখে ২০১০ সালে করাচিতে তাকে গ্রেপ্তার করে পাক সরকার। পরে মার্কিন নীতির বদল ঘটলে মুক্তি পায় সে।

তালিবান এখন কী ভাবে দেশ চালায় এবং সরকার গঠনের লক্ষ্যে কী পদক্ষেপ করে, সে দিকেই নজর আন্তর্জাতিক মহলের।

এক নজরে ঘটনাপ্রবাহ

- **১৪ এপ্রিল:** আফগানিস্তান থেকে সেনা প্রত্যাহারের ঘোষণা আমেরিকার প্রেসিডেন্ট জো বাইডেনের।
- **৪ মে:** দক্ষিণ হেলমন্দ প্রদেশ-সহ সাতটি প্রদেশে আফগান সেনার উপর আক্রমণ তালিবানের।
- **১১ মে:** কাবুলের কাছে নেরখ জেলার দখল নিল তালিবান।
- **৭ জুন:** মোট ২৬টি প্রদেশে তালিবানের সঙ্গে সংঘর্ষে নিহত ১৫০ আফগান সেনা।
- **২২ জুন:** উত্তরেও আক্রমণের ঝাঁজ বাড়াল তালিবান।
- **২ জুলাই:** বাগরাম বায়ুসেনা ঘাঁটি থেকে সেনা প্রত্যাহার আমেরিকার।
- **৫ জুলাই:** তালিবান জানাল, অগস্টের মধ্যে আফগান সরকারের কাছে পেশ করা হবে শান্তি-প্রস্তাব।
- **২১ জুলাই:** দেশের প্রায় ৫০ শতাংশ জেলা দখল তালিবানের।
- **২৬ জুলাই:** আফগান সেনাকে সাহায্য চালিয়ে যাওয়ার প্রতিশ্রুতি আমেরিকার। রাষ্ট্রপুঞ্জ জানাল, মে ও জুনে সেনা-তালিবান সংঘর্ষে হতাহত প্রায় ২,৪০০ সাধারণ মানুষ। ২০০৯-এর পরে যা সবচেয়ে বেশি।
- **৬ অগস্ট:** প্রথম প্রাদেশিক রাজধানী হিসেবে জারঞ্জ দখল করল তালিবান।
- **৭ অগস্ট:** শেবেরগানও তালিবানের কব্জায়।
- **৮ অগস্ট:** তালিবানের দখলে কুন্দুজ এবং সর-ই-পুল।
- **১১ অগস্ট:** ফারা সিটি, পুল-ই-কুমরি এবং ফৈজাবাদ তালিবানের দখলে।
- **১২ অগস্ট:** গজনি ও হেরাট তালিবানের কবলে। দোহায় শুরু তিন দিনের শান্তি বৈঠক। উপস্থিত তালিবান, আফগান মধ্যস্থতাকারী, আফগানিস্তানে আমেরিকার বিশেষ দূত এবং প্রতিবেশী দেশের প্রতিনিধি।
- **১৩ অগস্ট:** কন্দহর, কালা-ই-ন, পুল-ই-আলম, ফিরোজ কো-র পাশাপাশি কাবুলের ৫০ কিলোমিটার দক্ষিণে লোগোর প্রদেশও দখল করল তালিবান।
- **১৪ অগস্ট:** মাজার-ই-শরিফ, পকতীকা প্রদেশের রাজধানী শরনা দখল করল তালিবান।
- **১৫ এপ্রিল:** কাবুল কব্জায় তালিবানের। জালালাবাদও। প্রেসিডেন্ট পদে ইস্তফা দিয়ে দেশ ছাড়লেন আশরফ গনি।
- **১৬ অগস্ট:** ক্ষমতায় তালিবান। সম্ভাব্য প্রেসিডেন্ট তালিবান নেতা মোল্লা আব্দুল গনি বরাদর।

@bettersolution4u https://ebooks.bettersolution4u.in

কাবুলে আত্মঘাতী বিস্ফোরণে নিহত ১৮৫

গোয়েন্দাদের আশঙ্কা সত্যি প্রমাণিত করেই আত্মঘাতী বিস্ফোরণে কেঁপে উঠল আফগানিস্তানের রাজধানী কাবুল। ২৬ অগস্ট স্থানীয় সময় সন্ধে সাড়ে ছ'টা নাগাদ বিমানবন্দরের কাছে পর পর দু'টি আত্মঘাতী বিস্ফোরণে এক শিশু-সহ অন্তত ১৮৫ জন নিহত হয়েছেন। নিহতের মধ্যে ১৬৯ জন আফগান, ১৩ জন আমেরিকান মেরিন ক্যরের সেনা এবং দু'জন ব্রিটিশ নাগরিক। জখম দেড়শোরও বেশি।

এদিন প্রথম বিস্ফোরণটি হয় হামিদ কারজাই আন্তর্জাতিক বিমানবন্দরের 'অ্যাবি গেটের' সামনে। ১৫ অগস্ট কাবুল-পতনের পর থেকে প্রতিদিন গড়ে কুড়ি হাজার আফগান দেশ ছাড়ছেন। এই ফটক দিয়েই তাঁদের বিমানবন্দরের ভিতরে ঢুকতে হচ্ছে। এদিনও সকাল থেকে বিমানবন্দরের এই ফটকের সামনে জড়ো হয়েছিলেন অনেকে। থিকথিকে সেই ভিড়ের মধ্যেই প্রথম বিস্ফোরণটি ঘটায় এক আত্মঘাতী জঙ্গি।

দ্বিতীয় বিস্ফোরণটি হয় বিমানবন্দরের খুব কাছেই ব্যারন হোটেলের সামনে। এই হোটেলে এখন ব্রিটিশ নাগরিকেরা রয়েছেন। বিমানবন্দরের সামনে বিস্ফোরণের পর একাধিক দুষ্কৃতী সেখানে জড়ো হয়ে এলোপাথাড়ি গুলি চালাতে থাকে। তাতেও অনেকে জখম হন।

জঙ্গি সংগঠন ইসলামিক স্টেট খোরাসান (আই এস কে) এই হামলার দায় নিয়ে আত্মঘাতী জঙ্গির নাম ও ছবি প্রকাশ করেছে। তারা বলেছে, আব্দুল রহমান আল-লোগারি নামে ওই জঙ্গিই বিমানবন্দরের ভিতরে-বাইরে তালিবান যোদ্ধা এবং মার্কিন বাহিনীর পাহারাকে ফাঁকি দিয়ে বিস্ফোরণ ঘটিয়েছিল। মার্কিন সেনার দোভাষী এবং সাহায্যকারী গুপ্তচরেরা তাদের হামলার লক্ষ্য বলেও জানিয়ে দিয়েছে আই এস কে।

বস্তুত, আই এস কে তালিবানের শত্রু বলেই পরিচিত। তবে ইসলামিক স্টেটের এই শাখা সংগঠনটির সূত্রে বিস্ফোরণে নাম জড়িয়েছে পাকিস্তানের। আই এস কে-র প্রধান আসলাম ওরফে আবদুল্লা ফারুকিকে গত বছর কাবুলের এক গুরুদ্বারে বিস্ফোরণের তদন্তে নেমে গ্রেপ্তার করেছিল আফগান গোয়েন্দাবাহিনী। ওই বিস্ফোরণে এক ভারতীয়-সহ ২৭ জন মারা যান। জিজ্ঞাসাবাদে পাক নাগরিক ফারুকি দাবি করেছিল, গুরুদ্বারের বিস্ফোরণে সে জড়িত এবং তাতে পাকিস্তানেরও হাত রয়েছে। ফারুকির সঙ্গেই সে বার গ্রেপ্তার হয়েছিল আরও চার পাকিস্তানি। ফারুকির বাড়ি আফগানিস্তান সীমান্ত লাগোয়া খাইবার পাখতুনখোয়া প্রদেশের ওরাকজাই জেলায়। ফারুকি প্রথমে ছিল লস্কর-ই-তইবায়। পরে যোগ দেয় তেহরিক-ই-তালিবানে। ২০১৯ সালের এপ্রিলে সে আই এস কে-র নেতা হয়।

দোহায় ভারত-তালিবান বৈঠক

এই প্রথম আনুষ্ঠানিক ভাবে তালিবানের সঙ্গে আলোচনায় বসল ভারত। ৩১ অগস্ট দোহায় তালিবান নেতা শের মহম্মদ আব্বাস স্তানিকজাইয়ের সঙ্গে কাতারে ভারতের রাষ্ট্রদূত দীপক মিত্তলের বৈঠক হয়। বিদেশ মন্ত্রকের দাবি, তালিবানের পক্ষ থেকেই বৈঠকের অনুরোধ জানানো হয়েছিল। দোহায় তালিবানের যে রাজনৈতিক দপ্তর রয়েছে, স্তানিকজাই তার প্রধান।

মন্ত্রকের দাবি, এখনও যেসব ভারতীয় আফগানিস্তানে আটকে রয়েছেন, তাঁদের নিরাপত্তা ও ফেরত আনা বিষয়ে আলোচনা হয় এদিনের বৈঠকে। আফগানিস্তানের মাটি থেকে ভারত-বিরোধী কার্যকলাপ ও সন্ত্রাসবাদে মদত প্রসঙ্গে বৈঠকে উদ্বেগ প্রকাশ করেন মিত্তল।

নব্বইয়ের দশকে আফগানিস্তানে ক্ষমতায় থাকা তালিবানকে ভারত স্বীকৃতি দেয়নি। পরিবর্তিত পরিস্থিতিতে ভারত সরকার রাজনৈতিক অবস্থান বদল করতে চলেছে কি না, এদিনের বৈঠকের পর তা নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে। বিদেশ মন্ত্রকের দাবি, তালিবানের কাবুল দখলের পরে এখন ভারতের অগ্রাধিকারের বিষয় হল, আফগানিস্তানে আটকে থাকা ভারতীয়দের উদ্ধার করে আনা। যেসব আফগান শিখ ও হিন্দুরা ভারতে আশ্রয় নিতে চাইছেন, তাঁদেরও উদ্ধার করে আনা অগ্রাধিকারের মধ্যে রয়েছে। এছাড়া আফগানিস্তানের মাটিতে যাতে ভারত বিরোধী কার্যকলাপ ও সন্ত্রাসবাদ মদত না পায়, তা নিশ্চিত করাও ভারতের কাছে গুরুত্বপূর্ণ। বিদেশ মন্ত্রক জানিয়েছে, মিত্তল ভারতের উদ্বেগের কথা তালিবান নেতাকে জানিয়েছেন। তালিবানের তরফে আশ্বাস দেওয়া হয়েছে, ইতিবাচক ভাবেই এই দু'টি বিষয় দেখা হবে।

ভারতের অগ্রাধিকারে থাকা এই দু'টি বিষয়ে নজর দিতে সম্প্রতি বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর, জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত ডোভাল ও অন্যান্য শীর্ষকর্তাদের নিয়ে উচ্চস্তরীয় গোষ্ঠী তৈরি করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। গত ২৬ অগস্ট বিদেশ মন্ত্রক সর্বদলীয় বৈঠকে জানিয়েছিল, তখনও পর্যন্ত ভারত আফগানিস্তান থেকে ৫৬৫ জনকে উদ্ধার করেছে। তাঁদের মধ্যে দূতাবাসের কর্মী

https://t.me/bettersolution4u www.bettersolution4u.blogspot.com Page 12/68

ও ভারতীয় বাদে ১১২ জন আফগান শিখ ও হিন্দু রয়েছেন। কিন্তু কাবুল বিমানবন্দরে বিস্ফোরণের জেরে উদ্ধারের কাজ সাময়িক ভাবে বন্ধ রাখা হয়।

রাষ্ট্রপুঞ্জের নিরাপত্তা পরিষদের প্রস্তাবেও তালিবানকে আহ্বান জানানো হয়েছে, যাতে অন্য দেশের নাগরিকরা দেশে ফিরতে চাইলে এবং আফগান নাগরিকরা বিদেশে যেতে চাইলে, নিরাপত্তার বন্দোবস্ত করা হয়। দেশত্যাগীদের বাধা না দেওয়ার বিষয়ে তালিবানের প্রতিশ্রুতির কথাও মনে করিয়ে দেওয়া হয়।

এই প্রেক্ষিতে এদিন তালিবান নেতা স্তানিকজাইয়ের ইতিবাচক আশ্বাসকে গুরুত্বপূর্ণ বলেই ভারত মনে করছে। বিদেশ মন্ত্রকের কর্তারা মনে করিয়ে দিচ্ছেন, সম্প্রতি তালিবান বিবৃতি দিয়ে বলেছে, ভারতের সঙ্গে অতীতের মতোই বাণিজ্যিক, সাংস্কৃতিক, অর্থনৈতিক ও রাজনৈতিক সম্পর্ক রেখে চলতে চায় তারা।

ইরান সফরে জয়শঙ্কর

ইরানের নতুন প্রেসিডেন্ট ইব্রাহিম রইসির শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত হলেন ভারতের বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর। এছাড়া ১০টি দেশের রাষ্ট্রনায়ক, ১১টি দেশের বিদেশমন্ত্রী এবং ১০টি দেশের অন্যান্য মন্ত্রী ৫ অগস্টের এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

ইরানের শীর্ষনেতা আয়াতোল্লা খামেনেইয়ের ঘনিষ্ঠ বলে পরিচিত রইসি জুন মাসে বিপুল ভোটে জয়ী হন। অন্য কোনও মন্ত্রীকে না পাঠিয়ে খোদ বিদেশমন্ত্রীকে তেহরানে পাঠানোর মধ্য দিয়ে ভারত সরকার রইসির সঙ্গে সুসম্পর্ক গড়ে তোলার বার্তা দিল বলেই কূটনৈতিক মহলের ধারণা। শপথগ্রহণ অনুষ্ঠানের পর, ৬ অগস্ট ইরানের প্রেসিডেন্টের সঙ্গে বৈঠক করেন এস জয়শঙ্কর। চাবাহার বন্দরে ভারতের সক্রিয়তা, আমেরিকার চাপে ইরান থেকে ভারতে তেল আমদানি বন্ধ হয়ে যাওয়া, কাশ্মীর নিয়ে ইরানের বিরূপ মন্তব্য ইত্যাদি ভারত-ইরান দ্বিপাক্ষিক সম্পর্কের সব দিকই এই আলোচনায় উঠে আসে। বৈঠকের পরে রইসি বলেন, তাঁর সরকারের লক্ষ্য হবে ভারতের সঙ্গে সম্পর্ককে নতুন উচ্চতায় নিয়ে যাওয়া। তাঁর কথায়, ভারত ও ইরানের বন্ধুত্ব ঐতিহাসিক। কঠিন সময়ে ভারত বন্ধুত্বের হাত সরিয়ে না নেওয়ায় তিনি ধন্যবাদ জানান ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে।

পরমাণু প্রকল্প রূপায়ণের প্রেক্ষিতে মার্কিন যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞার কবলে পড়া ইরান পশ্চিম এশিয়ায় ভারতের গুরুত্বপূর্ণ সহযোগী। ভূকৌশলগত দিক দিয়ে গুরুত্বপূর্ণ ইরানের চাবাহার বন্দরে বিপুল অর্থ বিনিয়োগ করেছে ভারত। ২০১৯ সাল পর্যন্ত ইরান থেকে বিপুল পরিমাণ অপরিশোধিত তেল আমদানি করেছে দিল্লি। আমেরিকার হুমকিতে তেল আমদানি এখন বন্ধ করে দিতে হলেও আফগানিস্তানে উদ্ভূত নতুন পরিস্থিতির জেরে ইরানের বন্ধুত্বের গুরুত্ব বহু গুণ বেড়ে গিয়েছে ভারতের কাছে।

রইসি নির্বাচনে জয়লাভের পরে প্রথম কোনও দেশের বিদেশমন্ত্রী হিসেবে টেলিফোনে তাঁকে শুভেচ্ছা জানিয়েছিলেন জয়শঙ্কর। বিনিময়ে মিলেছিল শপথগ্রহণ অনুষ্ঠানে হাজির থাকার আমন্ত্রণ। সেই নিমন্ত্রণ গ্রহণ করেই তেহরানে এসে বন্ধুত্ব আর-এক বার ঝালিয়ে নিলেন ভারতের বিদেশমন্ত্রী। প্রয়োজনে ইরানের পরিকাঠামো ক্ষেত্রে আরও বিনিয়োগ করতে যে ভারত আগ্রহী, সেই বার্তাও দিলেন নিষেধাজ্ঞার চাপে থাকা নতুন রাষ্ট্রপতিকে।

বোলসোনেরোর বিরুদ্ধে তদন্তে সুপ্রিম ইলেক্টোরাল কোর্ট

ব্রাজিলের নির্বাচনী ব্যবস্থা নিয়ে আপত্তিকর মন্তব্যের জেরে দেশের সুপ্রিম ইলেক্টোরাল কোর্ট (টি এস ই)-এর তোপের মুখে পড়লেন ব্রাজিলের প্রেসিডেন্ট জইর বোলসোনেরো। তিনি মন্তব্য করেছিলেন, 'ব্রাজিলের নির্বাচনে ব্যবহৃত প্রযুক্তি খুঁতে ভরা। তাই আগামী নির্বাচনে দুর্নীতি অনিবার্য।' এই মন্তব্যের প্রেক্ষিতে ৩ অগস্ট বোলসোনেরোর বিরুদ্ধে তদন্ত চালানোর সিদ্ধান্ত ঘোষণা করল টি এস ই।

সোশ্যাল মিডিয়ায় দেশের নির্বাচনী পদ্ধতির বিরুদ্ধে করা

@bettersolution4u https://ebooks.bettersolution4u.in Page 13/68

এমন মন্তব্য অপরাধমূলক হয়ে দাঁড়ায় কি না, তা-ও খতিয়ে দেখার জন্য সুপ্রিম কোর্টের কাছে আর্জি জানানো হবে বলে জানিয়েছে টি এস ই।

বিশেষজ্ঞদের মতে, একাধিক দুর্নীতির অভিযোগে এমনিতেই দিন দিন বোলসোনেরো-বিরোধী সুর চড়া হচ্ছে ব্রাজিলে। ফলে ২০২২-এর নির্বাচনে যে তাঁর পরাজয় এক প্রকার নিশ্চিত তা বেশ বুঝতে পারছেন প্রেসিডেন্ট। তা সত্ত্বেও দ্বিতীয় বার প্রেসিডেন্ট পদপ্রার্থী হওয়া নিয়ে তাঁর উৎসাহে কোনও ঘাটতি নেই। সম্প্রতি বোলসোনেরো অভিযোগ করেন, প্রাক্তন বামপন্থী প্রেসিডেন্ট লুইজ ইনাসিয়ো লুলা দা সিলভা-কে পদে ফেরাতে নাকি হাত মিলিয়েছেন সুপ্রিম ইলেক্টোরাল কোর্টের সদস্যরা। বোলসোনেরোর এই অভিযোগের পর আর দেরি করেনি টি এস ই। তাঁর বিরুদ্ধে তদন্ত হওয়া উচিত কি না, তা নিয়ে শুরু হয় ভোটাভুটি। রায় গিয়েছে তদন্তের পক্ষেই।

নির্বাচনী প্রক্রিয়ায় দুর্নীতি এড়াতে অনেক দিন ধরেই প্রিন্ট করা রসিদ চালুর পক্ষে সওয়াল করছেন বোলসোনেরো। যাতে বৈদ্যুতিক ভোটযন্ত্রের উপর সন্দেহ হলে এই কাগজগুলির ভিত্তিতে গণনা করা যায়। বোলসোনেরো জানিয়েছেন, যদি এই ব্যবস্থা অবলম্বন না করা হয়, তা হলে তিনি নির্বাচনের ফলাফল মানবেনই না। যদিও এই পথে হাঁটার কোনও যুক্তিই দেখছেন না ব্রাজিলীয় সুপ্রিম কোর্টের বর্তমান এবং প্রাক্তন মিলিয়ে গঠিত ১৮ জন বিচারপতির দল। তাঁদের যুক্তি, ১৯৯৬ সালে বৈদ্যুতিক ভোটযন্ত্রের ব্যবহার শুরুর পর থেকে ব্রাজিলে নির্বাচনে জালিয়াতির নজির নেই। তা ছাড়া, নির্বাচনের আগে ও পরে তো বটেই, নির্বাচন চলাকালীনও ভোটযন্ত্রের অডিট করা হয়। যার সাক্ষী থাকে পুলিশ, রাজনৈতিক দলগুলির প্রতিনিধি, ব্রাজিলের বার অ্যাসোসিয়েশনের সদস্য-সহ আরও অনেকে। তাঁদের আশঙ্কা, বোলসোনেরোর কথামতো কাগজের ব্যালটে ফিরে গেলেই বরং দুর্নীতির আশঙ্কা আরও বৃদ্ধি পাবে।

জা তী য়

দেশে কত গরিব জানে না কেন্দ্র

অতিমারির সঙ্কটের সময় দেশে দরিদ্রের সংখ্যা কত, তা জানা নেই বলে কবুল করল এন ডি এ সরকার। ১৩ অগস্ট সংসদে এক প্রশ্নের উত্তরে অর্থ মন্ত্রক জানিয়েছে, 'অতিমারির সময় দেশে গরিবদের সংখ্যা কত, সে বিষয়ে কোনও সরকারি পরিসংখ্যান নেই।'

অর্থমন্ত্রকের যুক্তি, দরিদ্রদের সংখ্যার সরকারি হিসেব পারিবারিক খরচের বড় মাপের সমীক্ষার উপরে নির্ভরশীল। পরিসংখ্যান মন্ত্রকের ন্যাশনাল স্যাম্পল সার্ভে অর্গানাইজেশন (এন এস এস ও) সাধারণত পাঁচ বছর অন্তর সেই সমীক্ষা করে। তার ভিত্তিতেই ঠিক হয়, কারা দারিদ্রসীমার নীচে। ২০১১-১২ সালে এই সমীক্ষা হয়েছিল। এরপর বর্তমান কেন্দ্রীয় সরকারের আমলে ২০১৬-১৭ অর্থবর্ষে ফের তা হওয়ার কথা ছিল। কিন্তু রিপোর্ট প্রকাশের আগেই তার একাংশ ফাঁস হয়ে যায় সংবাদমাধ্যমে। দেখা যায়, মানুষ খরচ কমিয়েছেন। অর্থাৎ আয়ে টান পড়েছে। ২০১৯ সালের লোকসভা ভোটের ঠিক আগে এই রিপোর্ট ফাঁস হয়ে যাওয়ায় অস্বস্তিতে পড়ে সরকার। সেই রিপোর্ট আর কোনওদিনই সামনে আসেনি।

পাঁচ বছর অতিক্রান্ত হওয়ায় ফের ২০২০-২১ বা ২০২১-২২ সালে সমীক্ষা হওয়ার কথা। তবে পরিসংখ্যান মন্ত্রক সূত্রে খবর, চলতি বছরে এই সমীক্ষা হওয়া কঠিন। অর্থ মন্ত্রকও জানিয়েছে, যথাসময়ে সমীক্ষা হবে। তবে তা নির্ভর করছে প্রয়োজনীয় সব তথ্য কখন পাওয়া যাচ্ছে এবং অতিমারি পরিস্থিতি কবে স্বাভাবিক হয়ে আসছে, তার উপর। তখনই জানা যাবে দেশে গরিব মানুষের সংখ্যা কত।

২০১১-১২ সালের সমীক্ষায় দেখা গিয়েছিল, দেশে গরিবের সংখ্যা প্রায় ২৭ কোটি। জনসংখ্যার প্রায় ২১.৯ শতাংশ। ২০০৪-০৫ সালে ওই সংখ্যা ছিল ৪০ কোটির বেশি। উল্লেখ্য, ২০১১-১২ সালে গ্রামে কারও মাসিক খরচ ৮১৬ টাকার কম হলে ও শহরে ১০০০ টাকার নীচে হলে, তাঁকে দারিদ্রসীমার নীচে রাখা হয়েছিল। অর্থনীতিবিদদের একাংশের মতে, কোভিডের ধাক্কা লাগার পরে দেশে দরিদ্রের সংখ্যা লাফিয়ে বাড়ার সম্ভাবনা আছে।

সরকারি সম্পদকে বেসরকারি ব্যবহারের ঘোষণা কেন্দ্রের

সরকারি সম্পদকে বেসরকারি ক্ষেত্রের হাতে ব্যবহারের জন্য তুলে দিয়ে বছরে প্রায় ৬ লক্ষ কোটি টাকা রাজকোষে ঢোকানোর পরিকল্পনার কথা ২৩ অগস্ট ঘোষণা করল কেন্দ্রীয় সরকার। এই বিপুল অর্থের প্রায় অর্ধেক আসবে জাতীয় সড়ক ও রেলের পরিকাঠামো থেকে।

অ্যাসেট মনিটাইজেশন প্রকল্পের আওতায় রেল, জাতীয় সড়ক, বিদ্যুৎ উৎপাদন ও পরিবহণ, তেল ও গ্যাসের পাইপলাইন থেকে শুরু করে ২৫টি বিমানবন্দর, কলকাতা-

 https://t.me/bettersolution4u www.bettersolution4u.blogspot.com Page 14/68

হলদিয়ার মতো জাহাজবন্দরের পরিকাঠামো পর্যন্ত ব্যবসায়িক ভাবে ব্যবহারের জন্য তুলে দেওয়া হবে বিভিন্ন কর্পোরেট সংস্থার হাতে। এই তালিকায় রয়েছে ক্রীড়া স্টেডিয়ামও। ২০২১-২২ থেকে ২০২৪-২৫ অর্থবর্ষের মধ্যে এই 'ন্যাশনাল মনিটাইজেশন পাইপলাইন'-এ কোন প্রকল্প *বেসরকারি সংস্থাকে ব্যবহার করতে দেওয়া হবে, তার বিশদ বর্ণনাও প্রকাশ করেছে নীতি আয়োগ। চলতি অর্থবর্ষে সরকারের নিশানা ৮৮ হাজার কোটি টাকা আয় করা।

নীতি আয়োগের বক্তব্য, পশ্চিমবঙ্গ-সহ রাজ্যের বিভিন্ন জাতীয় সড়কের বিভিন্ন অংশে টোল আদায় ও দেখাশোনার দায়িত্ব বেসরকারি সংস্থার হাতে তুলে দেওয়া হবে। একই ভাবে রেলের ৪০০টি স্টেশন, ৯০টি দূরপাল্লার ট্রেন, দার্জিলিং, কালকা-সিমলা, মাথেরান ও নীলগিরির টয় ট্রেন, ইস্টার্ন ও ওয়েস্টার্ন ডেডিকেটেড ফ্রেট করিডর, কোঙ্কণ রেলওয়ে এবং বিভিন্ন রেলওয়ে কলোনি ও রেলের স্টেডিয়াম বেসরকারি সংস্থার হাতে ব্যবহারের জন্য তুলে দেওয়া হবে। হাওড়া-সহ ১২টি ক্লাস্টারের ১০৯ জোড়া ট্রেন চালানোর দায়িত্বও বেসরকারি সংস্থাকে দেওয়া হবে। এদিন কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন বলেন, 'এমন নয় যে, আমরা সরকারি সম্পত্তি বেসরকারি সংস্থাকে বিক্রি করে দিচ্ছি। সরকার টাকা আয়ের জন্য মরিয়াও হয়ে ওঠেনি। অনেক সরকারি সম্পত্তি হয় একেবারে অব্যবহৃত অবস্থায় পড়ে রয়েছে, নয়তো পুরোপুরি ব্যবহার করা হচ্ছে না। সেখান থেকে বিপুল অঙ্ক আয়ের সুযোগ রয়েছে।' তিনি জানান, বেসরকারি সংস্থাকে এই সব সম্পদ ব্যবসার জন্য কাজে লাগাতে দেওয়া হবে। তাতে যেমন অর্থনৈতিক কর্মকাণ্ড বাড়বে, তেমনই সরকারেরও আয় হবে। ওই আয়ের টাকা আবার নতুন পরিকাঠামো তৈরিতে খরচ হবে বলেও অর্থমন্ত্রীর দাবি। অর্থাৎ মালিকানা সরকারের হাতেই থাকছে। নির্দিষ্ট সময় পরে ফের সম্পত্তি সরকারের কাছেই হস্তান্তরিত হবে।

বিরোধী দলগুলি যদিও কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে সরকারি সম্পত্তি বিক্রির অভিযোগ তুলেছে। তাদের মতে, আদতে সরকারি সম্পত্তি বিক্রির রাস্তাই ধাপে ধাপে খুলে দিচ্ছে কেন্দ্র।

এক নজরে কোথা থেকে কত আয়

- **জাতীয় সড়ক:** ১,৬০,০০০ কোটি টাকা (২৬,৭০০ কিলোমিটার)
- **রেল:** ১,৫২,০০০ কোটি টাকা (৪০০ স্টেশন, ১০৯ জোড়া দূরপাল্লার ট্রেন ও অন্যান্য)
- **বিদ্যুৎ পরিবহণ:** ৩৯,০০০ কোটি টাকা (৫,০০০ মেগাওয়াট জল, বায়ু ও সৌরবিদ্যুৎ উৎপাদনের পরিকাঠামো)
- **গ্যাসের পাইপলাইন:** ২৪,০০০ কোটি টাকা (গেল-এর ৮,০০০ কিলোমিটার পাইপলাইন)
- **তেলের পাইপলাইন:** ২২,০০০ কোটি টাকা (ইন্ডিয়ান অয়েল, হিন্দুস্তান পেট্রোলিয়ামের ৪,০০০ কিলোমিটার পাইপলাইন)
- **টেলি-যোগাযোগ:** ৩৯,০০০ কোটি টাকা (বি এস এন এল, এম টি এন এলের টাওয়ার)
- **খনি:** ৩২,০০০ কোটি টাকা (১৬০টি কয়লাখনি প্রকল্প)
- **বন্দর:** ৩৩,০০০ কোটি টাকা (২৫টি বিমানবন্দর ও ৩১টি জাহাজবন্দরের পরিকাঠামো)
- **স্টেডিয়াম:** ১১,০০০ কোটি টাকা

এক নজরে পশ্চিমবঙ্গের চিহ্নিত ক্ষেত্র

- দার্জিলিঙের টয় ট্রেন (দার্জিলিং-হিমালয়ান রেলওয়ে)
- ১২টি ক্লাস্টারের ১০৯ জোড়া দূরপাল্লার ট্রেন
- শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় বন্দর, খিদিরপুর ও হলদিয়ার বেশ কিছু বার্থ ও জেটি
- জাতীয় সড়কের ছ'টি অংশ
- পশ্চিমবঙ্গে ভারত-নেটের ফাইবার নেটওয়ার্ক
- সাই নেতাজি সুভাষ পূর্বাঞ্চলীয় কেন্দ্র (এন এস ই সি), কলকাতা

সংসদে পাশ হল বিমা বিলের সংশোধনী

বিরোধীদের বিক্ষোভ-প্রতিবাদের মধ্যে কোনও আলোচনা ছাড়াই ২ আগস্ট লোকসভায় ধ্বনি ভোটে পাশ হয়ে গেল সাধারণ বিমা ব্যবসা (জাতীয়করণ) আইনের সংশোধনী বিল, যেখানে রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থায় সরকারের হাতে বাধ্যতামূলক ভাবে অন্তত ৫১ শতাংশ অংশীদারি থাকার শর্ত তুলে নিয়ে বেসরকারিকরণের পথ তৈরি করা হল।

এদিন সংসদে কেন্দ্রীয় অর্থমন্ত্রী বিল পাশ করানোর সময় বিরোধী দলের নেতা কংগ্রেসের অধীর চৌধুরী বিমা বিলের প্রতিবাদ করে বলেন, 'আমার সমস্ত শক্তি দিয়ে দেশ এবং সাধারণ মানুষের স্বার্থ বিরোধী এই সংশোধনী বিলটির বিরোধিতা করছি।'

অর্থমন্ত্রী নির্মলা সীতারামন অবশ্য বিল নিয়ে সংসদে আলোচনা হতে না পারার জন্য বিরোধীদের হট্টগোলকেই দায়ী করেছেন। বিমা বিল পাশ হওয়ার সঙ্গে সঙ্গেই এদিনের মতো মুলতুবি করে দেওয়া হয় অধিবেশন।

বিমা সংস্থা বেসরকারিকরণের বিরুদ্ধে দেশ জুড়ে ক্ষোভে ফেটে পড়তে দেখা গিয়েছে বিমা শিল্পের কর্মী এবং বিভিন্ন ট্রেড ইউনিয়নগুলিকে। মোদী সরকার অবশ্য এই বিষয়ে কোনও প্রতিক্রিয়া দেয়নি। বাজেটে দু'টি ব্যাঙ্ক এবং একটি সাধারণ বিমা সংস্থা বেসরকারিকরণের কথা বলা হলেও নির্মলা সীতারামন এদিন বলেছেন, বেসরকারিকরণ সরকারের লক্ষ্য নয়। তাঁরা চান, রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিকে পুঁজি পাওয়ার রাস্তা করে দিয়ে বেসরকারি সংস্থার সঙ্গে প্রতিযোগিতায় নামার যোগ্য করে তুলতে।

@bettersolution4u https://ebooks.bettersolution4u.in Page 15/68

রেট্রোসপেক্টিভ ট্যাক্স প্রত্যাহারের প্রস্তাব পেশ সংসদে

২০১২ সালে চালু হওয়া পুরনো আর্থিক লেনদেনে কর (রেট্রোসপেক্টিভ ট্যাক্স) প্রত্যাহারের প্রস্তাব সংবলিত 'কর আইন (ট্যাক্সেশন লজ) সংশোধনী বিল ২০২১', ৫ অগস্ট লোকসভায় পেশ করলেন অর্থমন্ত্রী নির্মলা সীতারামন।

উল্লেখ্য, ইউ পি এ-শাসনকালে ওই করব্যবস্থা চালু করা হয়। তবে এত দিন তা নিয়ে বি জে পি সরকারের অর্থমন্ত্রীরা কোনও আপত্তি করেননি। উলটে এন ডি এ-র আমলেও রেট্রোসপেক্টিভ কর আদায়ের নোটিস গিয়েছে ব্রিটেনের ভোডাফোন এবং কেয়ার্ন এনার্জির মতো সংস্থার কাছে। এই অবস্থায় আচমকাই সেই নিয়ম বাতিলের উদ্যোগকে মূলত ওই দুই সংস্থার সঙ্গে আপস মীমাংসার চেষ্টা বলেই মনে করছে ওয়াকিবহাল মহল। কর আদায়ের প্রশ্নে সম্প্রতি এদের কাছেই আইনি লড়াইয়ে হেরেছে সরকার।

ভারতে ব্যবসা করছে এমন বিদেশি সংস্থা এ দেশের সম্পত্তি হস্তান্তর করার জন্য যদি শেয়ার হস্তান্তর করে মুনাফা গোনে, তবে তার উপরে কর বসাতে চেয়েছিলেন ইউ পি এ জমানার অর্থমন্ত্রী প্রণব মুখোপাধ্যায়। এমনকী এসব ক্ষেত্রে বিদেশের মাটিতে মুনাফা হলেও তা করযোগ্য বলে বিবেচিত হয়। ২০২১ সালের ২৮ মে পাশ হওয়া সংশোধিত আয়কর আইনে আরও বলা হয়, এই আইন বলবৎ হওয়ার আগে যদি কোনও সংস্থা ভারতে ওই ভাবে লাভ করে থাকে, তাতেও মেটাতে হবে কর। যে দিন ওই লেনদেন হয়েছে, সেই দিন থেকে। যা পুরনো লেনদেনের বকেয়া কর হিসেবে গণ্য হবে। এদিন ওই বকেয়া কর আদায়ের নিয়ম বাতিল করতেই নতুন বিল পেশ করে কেন্দ্রীয় সরকার।

নতুন বিলে বলা হয়েছে, বিভিন্ন সংস্থার থেকে পুরনো লেনদেনের উপর কর হিসেবে যে-অর্থ আদায় করা হয়েছে, তা ফেরত দেবে সরকার। তবে ওই অর্থে কোনও সুদ দেবে না।

কেন্দ্রীয় সরকারের এই পদক্ষেপে ভোডাফোন-আইডিয়ার মতো বকেয়ার ভারে ধুঁকতে থাকা টেলিকম সংস্থাগুলিতে লগ্নি আসার পথ খুলতে পারে বলে মনে করছে বিশেষজ্ঞ মহল। কেন্দ্রীয় অর্থমন্ত্রীরও দাবি, ভারত লগ্নির আকর্ষণীয় গন্তব্য। কিন্তু পথের কাঁটা এই সব নিয়ম। তাই তা তোলার উদ্যোগ।

সংশ্লিষ্ট মহলের দাবি, কেয়ার্ন এবং ভোডাফোন কর-কাণ্ড থেকে দ্রুত রেহাই পেতে মরিয়া কেন্দ্র। গত বছর আন্তর্জাতিক সালিশি আদালতে কর আদায় নিয়ে দুই সংস্থার সঙ্গেই আইনি লড়াই হেরেছে তারা। উলটে ক্ষতিপূরণ দেওয়ার নির্দেশ এসেছে। শুধু তা-ই নয়, কেয়ার্ন সেই ক্ষতিপূরণ না পেয়ে ফরাসি ট্রাইবুনালের অনুমতি নিয়ে বিদেশে ভারতের সম্পত্তি বাজেয়াপ্ত করে এবং বেচে প্রাপ্য উশুলের পথে এগোচ্ছে। অনেকেরই ধারণা, আগামী দিনে এই পথে হাঁটতে পারে আরও কিছু সংস্থা। প্রায় ১৭টি সংস্থার বিরুদ্ধে রেট্রোসপেক্টিভ কর আদায়ের বিজ্ঞপ্তি জারি করা হয়েছিল।

তাৎপর্যপূর্ণ ভাবে নির্মলা সীতারামনও ক'দিন আগেও কেয়ার্ন কর মামলা প্রসঙ্গে ভারত সরকারের কর বসানোর অধিকারের পক্ষে সওয়াল করেছিলেন। শিল্পমহল অবশ্য সরকারের এদিনের পদক্ষেপকে স্বাগত জানিয়েছে।

লোকসভায় পাশ হল ও বি সি বিল

সরকার ও বিরোধী সব দলের সমর্থনে লোকসভায় সংবিধানের ১২৭তম সংশোধনী বিল পাশ হল। কেন্দ্রের পাশাপাশি রাজ্য সরকারকেও ও বি সি তালিকা তৈরির ক্ষমতা দিতে কেন্দ্রীয় সরকার এই বিল আনে। এই বিল আইনে পরিণত হলে তা ১০৫তম সংশোধনী আইন হিসেবে গণ্য হবে।

১০ অগস্ট লোকসভায় বিল পেশ করে কেন্দ্রীয় সমাজকল্যাণ মন্ত্রী বীরেন্দ্র কুমার যুক্তি দেন, রাজ্যগুলির ও বি সি তালিকা তৈরির ক্ষমতা নিশ্চিত করতেই এই বিল আনা হয়েছে। কারণ মারাঠা সংরক্ষণ মামলায় সুপ্রিম কোর্ট বলেছে, শুধুমাত্র কেন্দ্রের হাতেই ও বি সি নির্ধারণের ক্ষমতা রয়েছে। তার ফলে রাজ্যগুলির ও বি সি তালিকা থেকে মুছে গিয়ে ৬৭১টি সম্প্রদায়, ও বি সিদের পাঁচ ভাগের এক ভাগ মানুষের সংরক্ষণের আওতা থেকে বাদ পড়ার আশঙ্কা তৈরি হয়েছে।

উল্লেখ্য, তফসিলি জাতি ও জনজাতির জন্য ২২.৫ শতাংশ সংরক্ষণের পরে ও বি সিদের জন্য কেন্দ্রীয় সরকারি চাকরি ও শিক্ষা প্রতিষ্ঠানে ২৭ শতাংশ আসন সংরক্ষিত থাকে। কিন্তু মহারাষ্ট্রে মরাঠাদের মতো গোটা দেশেই অনেক সম্প্রদায় নিজেদের অনগ্রসর শ্রেণি দাবি করে বাড়তি সংরক্ষণ দাবি করছে। কংগ্রেস, এস পি, আর এল ডি-র মতো বিরোধী দলগুলি ফের আসন সংরক্ষণের ৫০ শতাংশের ঊর্ধ্বসীমা শিথিল করার দাবি তুলেছে।

উল্লেখ্য, ২০১১-য় ইউ পি এ সরকার আর্থ-সামাজিক জাতিগণনা (সোশিও ইকনমিক কাস্ট সেনসাস) করালেও তা প্রকাশ করেনি। লোকসভায় উত্তরপ্রদেশের বি জে পি সাংসদ সঙ্ঘমিত্রা মৌর্য সেই গণনা প্রকাশের দাবি তুলেছেন।

https://t.me/bettersolution4u www.bettersolution4u.blogspot.com

কিন্তু কেন্দ্রীয় সরকার তা খারিজ করে দিয়েছে। কেন্দ্রের বক্তব্য, ২০২১-এর জনগণনার কাজ ইতিমধ্যেই কোভিডের কারণে পিছিয়ে গিয়েছে। তার সঙ্গে জাতিগণনার কাজ সম্ভব নয়। কেন্দ্র ফের সংসদে জানিয়ে দিয়েছে, এ বারের জনগণনার সময় আর জাতপাতের তথ্য নেওয়াঃ হবে না। শুধুমাত্র তফসিলি জাতি, জনজাতির সংখ্যাই গোনা হবে। এর সঙ্গে ও বি সিদের মাথা গোনা সম্ভব নয়। তবে পরে জাতিগণনা হতে পারে।

ছাড়পত্র পেল করোনার পঞ্চম প্রতিষেধক

ভারতে ছাড়পত্র পেল জনসন অ্যান্ড জনসনের তৈরি করোনার প্রতিষেধক। এদেশে এই নিয়ে পাঁচটি প্রতিষেধক মানবদেহে প্রয়োগের সবুজ সংকেত পেল।

এর আগে এ দেশে যে-চারটি প্রতিষেধক ছাড়পত্র পেয়েছিল, সেগুলি সবই দুই ডোজের। ব্যতিক্রম জনসন অ্যান্ড জনসনের প্রতিষেধকটি। সংস্থার দাবি, তাদের প্রতিষেধকের একটি ডোজই মানবশরীরে কাঙ্ক্ষিত রোগ প্রতিরোধ ক্ষমতা তৈরি করতে সক্ষম।

৭ অগস্ট কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী মনসুখ মাণ্ডবিয়া নিজেই টুইট করে জনসন অ্যান্ড জনসনকে ছাড়পত্র দেওয়ার কথা জানান। তিনি বলেন, আজকের পরে ভারতের হাতে পাঁচটি প্রতিষেধক আসায় করোনার বিরুদ্ধে লড়াই আরও শক্তিশালী হতে চলেছে।

ভারতে তাদের প্রতিষেধক উৎপাদন করতে বায়োলজিক্যাল-ই সংস্থার সঙ্গে চুক্তি করেছে জনসন অ্যান্ড জনসন। তবে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রক জানিয়েছে, মডার্নার মতো এই প্রতিষেধকটির ক্ষেত্রেও ক্ষতিপূরণের বিষয়ে ঐকমত্য এখনও অধরা। ফাইজার, মডার্না, জনসন অ্যান্ড জনসনের মতো সংস্থাগুলি গোড়া থেকেই দাবি করে এসেছে যে, তাদের প্রতিষেধক নেওয়ার পরে কারও শারীরিক ক্ষতি হলে কোনও ভাবেই ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবে না সংশ্লিষ্ট টিকা সংস্থা। এই দাবি মানতে এখনও রাজি নয় কেন্দ্রীয় সরকার। সরকারের একটি অংশের যুক্তি, যেহেতু এ দেশে পরীক্ষামূলক প্রয়োগ না করেই সরাসরি ওই প্রতিষেধকগুলিকে ব্যবহারের ছাড়পত্র দেওয়া হচ্ছে, সেই কারণে ক্ষতিপূরণের শর্ত মেনে নিতে হবে সংস্থাকে।

সমস্যা হল, এ নিয়ে দর কষাকষি করতে গিয়ে ভারতের বাজার নিয়ে আগ্রহ হারাচ্ছে বিদেশি টিকা সংস্থাগুলি। মডার্নার টিকা মাসখানেকেরও বেশি আগে ছাড়পত্র পেলেও কেবল ক্ষতিপূরণের শর্ত নিয়ে সমাধানসূত্র না মেলায় এখনও ভারতের বাজারে আত্মপ্রকাশ করেনি ওই টিকা। স্বাস্থ্য মন্ত্রকের একাংশের আশঙ্কা, এ নিয়ে সরকার চূড়ান্ত কোনও সিদ্ধান্ত না নিলে মডার্নার মতোই বাজারে আসার ক্ষেত্রে দেরি হতে পারে জনসন অ্যান্ড জনসনের টিকারও। ফলে বিদেশী টিকা দিয়ে দেশীয় টিকার জোগানের ঘাটতি মেটানোর যে-পরিকল্পনা সরকার নিয়েছে, তা ধাক্কা খেতে পারে।

রাজনীতিতে দাগি নিয়ন্ত্রণে পদক্ষেপ সুপ্রিম কোর্টের

একই দিনে দু'টি পৃথক মামলায় দু'টি পৃথক নির্দেশিকা জারি করে রাজনীতির দুর্বৃত্তায়ন রোধ করার প্রশ্নে তৎপর এবং কঠোর হল সুপ্রিম কোর্ট।

১০ অগস্ট শীর্ষ আদালতের নির্দেশ, এবার থেকে নির্বাচনে প্রার্থী বাছাই করার ৪৮ ঘণ্টার মধ্যে প্রার্থীর নামে অপরাধমূলক রেকর্ড আছে কি না, তা জানাতে হবে সব রাজনৈতিক দলকে। এ ব্যাপারে আগের নির্দেশ না মানায় বি জে পি, কংগ্রেস, সি পি এম-সহ আটটি দলকে জরিমানা করেছে শীর্ষ আদালত। পাশাপাশি, আদালতের নির্দেশ, বিধায়ক বা সাংসদের বিরুদ্ধে যেসব অপরাধমূলক মামলা রয়েছে, হাই কোর্টের অনুমতি ছাড়া কোনও রাজ্য সরকার সেই মামলা প্রত্যাহার করতে পারবে না। কোনও বিশেষ আদালতের বিচারকের এজলাসে যদি এমন মামলা থেকে থাকে, শীর্ষ আদালতের পরবর্তী নির্দেশ না আসা পর্যন্ত সেই সব মামলার এজলাসও বদল করা যাবে না।

এদিন সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি এন ভি রমণার নেতৃত্বাধীন বেঞ্চে ২০১৬ সালে একটি জনস্বার্থ মামলার শুনানি হয়। মামলাটি করেছেন আইনজীবী তথা বি জে পি নেতা অশ্বিনী উপাধ্যায়। তাঁর আবেদন ছিল, বিধায়ক-সাংসদদের বিরুদ্ধে জমে থাকা অপরাধমূলক মামলা ফাস্ট ট্র্যাকে আনা হোক এবং দোষী সাব্যস্ত হলে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করায় নিষেধাজ্ঞা ঘোষিত হোক। পাশাপাশি, আইনজীবী বিজয় হংসারিয়া এই মামলায় আদালত-বন্ধুর ভূমিকা পালন করতে গিয়ে আদালতকে জানান, মুজফ্ফরনগর দাঙ্গা-সহ একাধিক অভিযোগে বি জে পি বিধায়কদের বিরুদ্ধে ৭৬টি মামলা প্রত্যাহার করতে চাইছে উত্তরপ্রদেশ সরকার। কর্নাটক সরকার দলীয় বিধায়কদের ৬১টি মামলা প্রত্যাহার করতে চায়। একই প্রবণতা রয়েছে মহারাষ্ট্র এবং উত্তরাখণ্ড সরকারেরও। প্রধান বিচারপতি রমণা, বিচারপতি বিনীত সারন এবং বিচারপতি সূর্য কান্তের বেঞ্চ এর পরই নির্দেশ দেয়, হাই কোর্টের অনুমতি

@bettersolution4u https://ebooks.bettersolution4u.in

ছাড়া এমন কোনও মামলা প্রত্যাহার করা যাবে না। বিচারকের মৃত্যু বা অবসর গ্রহণ ছাড়া বদল করা যাবে না এজলাসও। সেই সঙ্গে এই মামলাগুলির অগ্রগতি খতিয়ে দেখতে শীর্ষ আদালত নিজে একটি বিশেষ বেঞ্চ গঠন করবে। মামলা প্রত্যাহারের ক্ষেত্রে রাজ্য সরকারগুলি ফৌজদারি কার্যবিধির ৩২১ ধারার অহরহ অপব্যবহার করে বলেও মন্তব্য করেছে আদালত।

রাজনীতিতে অপরাধীদের যোগদান প্রতিরোধ সংক্রান্ত অন্য মামলাটি ছিল বিচারপতি রোহিন্টন নরিম্যান এবং বিচারপতি বি আর গাভাইয়ের বেঞ্চে। নির্বাচনে প্রার্থী বাছাই পর্ব থেকেই যাতে দাগিদের যোগদান নিয়ন্ত্রণ করা যায়, তার জন্য প্রার্থী বাছাইয়ের ৪৮ ঘণ্টার মধ্যে তাঁর অপরাধমূলক রেকর্ড সংবাদমাধ্যমে এবং রাজনৈতিক দলগুলির নিজস্ব ওয়েবসাইট ও সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্টে প্রকাশ করতে হবে, বলেছে বেঞ্চ। বস্তুত এদিনের এই নির্দেশ বিচারপতি নরিম্যানের নেতৃত্বাধীন বেঞ্চেরই গত বছর ১৩ ফেব্রুয়ারির নির্দেশের পরিমার্জন। সেবার শীর্ষ আদালত বলেছিল, হয় প্রার্থী বাছাইয়ের ৪৮ ঘণ্টার মধ্যে অথবা মনোনয়ন জমা দেওয়ার প্রথম তারিখের দু'সপ্তাহ আগে প্রার্থীদের অপরাধমূলক রেকর্ড প্রকাশ করতে হবে। এর পরিপ্রেক্ষিতে আইনজীবী ব্রজেশ মিশ্র মামলা করে প্রশ্ন তোলেন, রাজনৈতিক দলগুলি এই নির্দেশ মানেনি। তা হলে কেন তাদের বিরুদ্ধে আদালত অবমাননার মামলা করা হবে না? বিচারপতি নরিম্যান এবং বিচারপতি গাভাই এদিন এ প্রসঙ্গে বলেন, 'দলগুলির কাছে আবেদন করলে তা তাদের কর্ণগোচর হয় না। বারবার বললেও তাদের গভীর ঘুম ভাঙতে চায় না।' এদিনের রায়ে আগের নির্দেশ কঠোরতর করে শুধু ৪৮ ঘণ্টার শর্তই বলবৎ রেখেছে আদালত।

সুনন্দা মৃত্যু মামলায় রেহাই শশী তারুরের

দীর্ঘ সাড়ে সাত বছর পর স্ত্রী সুনন্দা পুষ্করের রহস্যজনক মৃত্যু ঘিরে চলা মামলা থেকে মুক্তি পেলেন তিরুঅনন্তপুরমের কংগ্রেস সাংসদ শশী তারুর। মামলা থেকে অব্যাহতি পাওয়ায় খুশি তারুর টুইটারে লেখেন, 'আদালতের এই রায়ে আমি খুশি। দীর্ঘ সাড়ে সাত বছরের এই সময়টা দুঃস্বপ্নের মতো কেটেছে।'

১৮ অগস্ট দিল্লি আদালতের বিশেষ বিচারপতি গীতাঞ্জলি গয়াল ভার্চুয়াল শুনানিতে জানান, স্ত্রী সুনন্দা পুষ্করের মৃত্যুর ঘটনার সঙ্গে তারুরের যোগ স্পষ্ট নয়। তাঁকে এই মামলা থেকে মুক্তি দেওয়া হচ্ছে। বরাবরই তাঁর বিরুদ্ধে ওঠা যাবতীয় অভিযোগ ভিত্তিহীন ও বিরোধীদের অপপ্রচার বলে দাবি করে এসেছেন তারুর।

২০১০ সালে সুনন্দা পুষ্কর ও শশী তারুর বিয়ে করেন। ২০১৪ সালের ১৭ জানুয়ারি রাতে দিল্লির এক অভিজাত হোটেলের সুইটে রহস্যজনক অবস্থায় মৃত্যু হয় ৫১ বছর বয়সি সুনন্দার। ময়না-তদন্তে তাঁর দেহে মাদক পাওয়া যায়। আত্মহত্যায় প্ররোচনা দেওয়ার অভিযোগে শশী তারুরের বিরুদ্ধে মামলা দায়ের করে দিল্লি পুলিশ। তাঁর বিরুদ্ধে ভারতীয় দণ্ডবিধির ৪৯৮-এ (পারিবারিক হিংসা) এবং ৩০৬ (আত্মহত্যায় প্ররোচনা) ধারায় অভিযোগ আনা হয়েছিল। সুনন্দার মৃত্যু-মামলায় গ্রেপ্তারও করা হয় তারুরকে। পরে জামিনে ছাড়া পান তিনি।

অ র্থ নী তি

'তাক লাগানো' বৃদ্ধির হার

গত আর্থিক বছরের এপ্রিল-জুন ত্রৈমাসিকে দেশ জোড়া লকডাউনের ধাক্কায় কার্যত থমকে গিয়েছিল দেশের অর্থনীতি। খাদে গড়িয়ে পড়েছিল বৃদ্ধির হার। অর্থনীতি সঙ্কুচিত হয়েছিল ২৪ শতাংশেরও বেশি। তার সাপেক্ষে হিসেব হওয়ায় এ বছর এপ্রিল-জুনে বৃদ্ধির হার যথেষ্টই বেশি। তাকেই 'তাক লাগানো' বলে দাবি কেন্দ্রীয় সরকারের। দাবি সত্ত্বেও এখনও কোভিডের আগের বছরের (২০১৯-২০) স্তরে ফিরতে পারল না দেশের মোট অভ্যন্তরীণ উৎপাদন বা জি ডি পি।

বৃদ্ধির হার যে ২০ শতাংশের আশেপাশে থাকবে, সেই পূর্বাভাস আগেই দিয়েছিল রিজার্ভ ব্যাঙ্ক এবং একাধিক মূল্যায়ন সংস্থা। ৩১ অগস্ট কেন্দ্রীয় পরিসংখ্যান মন্ত্রক ঘোষণা করল, এপ্রিল-জুনে বৃদ্ধির হার দাঁড়িয়েছে ২০.১ শতাংশ। কোনও ত্রৈমাসিকে এতটা বৃদ্ধি এই প্রথম। তাই এই হার সর্বকালীন রেকর্ডও। কিন্তু অর্থনীতিবিদরা মনে করিয়ে দিয়েছেন, এতে উচ্ছ্বসিত হওয়ার কারণ নেই। কারণ, গত অর্থবর্ষে এপ্রিল-জুনে লকডাউনের ধাক্কায় জি ডি পি-র ২৪.৪ শতাংশ সঙ্কোচন হয়েছিল। তার তুলনায় এ বছরের এপ্রিল-জুনে জি ডি পি ২০.১ শতাংশ বেড়েছে। কিন্তু এখনও কোভিডের আগের বছরের (২০১৯-২০ সালের এপ্রিল-জুন) স্তরে তা পৌঁছতে পারেনি।

সরকারি পরিসংখ্যানও বলছে, কোভিডের আগের বছরে এপ্রিল-জুনে জি ডি পি ছিল ৩৫.৩৫ লক্ষ কোটি টাকা। লকডাউনের ধাক্কায় ২০২০-২১ অর্থবর্ষের প্রথম তিন মাসে তা ২৬.৯৫ লক্ষ কোটিতে নেমে যায়। এ বছরের এপ্রিল-জুনে তা বেড়ে ৩২.৩৮ লক্ষ কোটি টাকা হলেও, এখনও কোভিডের আগের বছরের তুলনায় প্রায় ৩ লক্ষ কোটি টাকা কম। পরিসংখ্যান মন্ত্রকের তথ্যই বলছে, একমাত্র কৃষি বাদে বাকি সব ক্ষেত্রে কোভিডের আগের বছরের তুলনায় এ বছরের এপ্রিল-জুনে বৃদ্ধির হার কম।

একই ভাবে, লগ্নির ক্ষেত্রেও দেখা যাচ্ছে, তা কোভিডের আগের স্তরে পৌঁছয়নি। বাজারে কেনাকাটা বা বেসরকারি খরচ লকডাউনের সময়ের তুলনায় প্রায় ১৯ শতাংশ

https://t.me/bettersolution4u www.bettersolution4u.blogspot.com Page 18/68

বেড়েছে। কিন্তু মনে রাখা দরকার, লকডাউনের সময় তা ২৬ শতাংশ কমে গিয়েছিল। সব মিলিয়ে ওই খরচের মাত্রা এখনও কোভিডের আগের বছরের তুলনায় ১২ শতাংশ কম।

সুদের হার অপরিবর্তিত রাখল রিজার্ভ ব্যাঙ্ক

খুচরো বাজারে পণ্যের মূল্যবৃদ্ধির হাত থেকে যে এখনই নিস্তার পাবেন না সাধারণ মানুষ, সেই ইঙ্গিত রিজার্ভ ব্যাঙ্কের ঋণনীতি পর্যালোচনাতেও। ৬ অগস্ট আর বি আই তাদের পর্যালোচনাতে সুদের হার (রেপো রেট, যে-সুদে ব্যাঙ্কগুলিকে ঋণ দেয় আর বি আই) স্থির রেখেছে। এই নিয়ে টানা সাত বার সুদের হার একই থাকল।

পর্যালোচনাতে উদ্বেগ প্রকাশ পেয়েছে চলতি অর্থবর্ষে মূল্যবৃদ্ধির পূর্বাভাসকে ঘিরে। মূল্যবৃদ্ধির পূর্বাভাস বাড়িয়ে ৫.৭ শতাংশ করা হয়েছে। যার কারণ হিসেবে দেখানো হয়েছে জোগানের সমস্যা, কাঁচামাল এবং অশোধিত তেলের চড়া দামকে। পরের অর্থবর্ষের প্রথম ত্রৈমাসিকে পূর্বাভাস নামতে পারে ৫.১ শতাংশে।

আর বি আইয়ের বেঁধে দেওয়া মূল্যবৃদ্ধির সহনসীমা এখন ৪ শতাংশ। বিশেজ্ঞদের একাংশের মতে, আর বি আই আগামী দিনে সুদ বৃদ্ধির পথে না-হাঁটার নীতিতে অনড়ই থেকেছে। তবে মূল্যবৃদ্ধির হার মাথা না নামালে যে ভবিষ্যতেও তেমনই থাকতে পারবে, সেই নিশ্চয়তা নেই। শীর্ষ ব্যাঙ্কের গভর্নর শক্তিকান্ত দাসের বার্তা, আর্থিক বৃদ্ধিই পাখির চোখ। তাই সুদ কম রেখে শিল্পে লগ্নি বাড়ানোর পথ চওড়া করতে চান তাঁরা।

সেনসেক্সের ঊর্ধ্বমুখী দৌড়

অতিমারির মাত্রাছাড়া দুর্ভোগের মধ্যেই মাইলফলকের পর মাইলফলক পার করছে সেনসেক্স। নজিরবিহীন ভাবে এক মাসের মধ্যে ৫৪ হাজার থেকে ৫৭ হাজারের ঘরে পৌঁছে গেল সেনসেক্স।

৪ অগস্ট ৫৪ হাজার (৫৪,৩৬৯.৭৭), ১৩ অগস্ট ৫৫ হাজার (৫৫.৪৩৭.২৯), ২৭ অগস্ট ৫৬ হাজার (৬৫,১২৪.৭৬) এবং ৩১ অগস্ট ৫৭ হাজারের (৫৭,৫৫২.৩৯) ঘরে পা রাখল সেনসেক্স সূচক। ৩১ অগস্ট ৬৬২.৬৩ পয়েন্ট উঠে সূচক প্রথম পা রাখল ৫৭ হাজারের ঘরে। নিফ্‌টিও পেরিয়েছে ১৭ হাজার। নতুন রেকর্ড গড়ে থেমেছে ১৭,১৩২.২০ অঙ্কে।

করোনায় যখন সাধারণ মানুষ নাস্তানাবুদ, তখন শেয়ার বাজার রেকর্ড গড়েই চলেছে। গত বছর ২৩ মার্চ লকডাউনের ঠিক মুখে যে-সেনসেক্স ২৫ হাজারের ঘরে তলিয়ে গিয়েছিল, তা-ই নজিরবিহীন ভাবে ৫৭ হাজার পেরোল মাত্র ১৭ মাসে। চলতি বছরে গত আট মাসে এই সূচক উঠেছে মোট ৯৮০১.০৬ পয়েন্ট। জুলাইয়ের শেষে সূচক ছিল ৫২,৫৮৬ অঙ্কে।

তবে বিশেষজ্ঞদের একাংশের সতর্কবার্তা, অর্থনীতির বর্তমান সমস্যা বা আশঙ্কা নিয়ে বিচলিত নয় বাজার। ভবিষ্যতে অর্থনীতি ঘুরে দাঁড়াবে, এই আশাতেই লগ্নি করছেন বিনিয়োগকারীরা। কিন্তু এত দ্রুত চড়া বাজারে লগ্নির ঝুঁকিও বেশি। সাধারণ লগ্নিকারীদের সচেতন হয়ে সাবধানে বিনিয়োগের পরামর্শ দিচ্ছেন তাঁরা। জুলাইয়ে মূল্যবৃদ্ধির মাথা নামানো, আর্থিক বৃদ্ধির হার এবং জুনে শিল্পবৃদ্ধির উঁচু হার পরিসংখ্যানগত ভাবে বাজারকে ভরসা জোগালেও, বিশেষজ্ঞদের একাংশের মত, বাস্তবে গত বছর তলিয়ে যাওয়া অর্থনীতির সঙ্গে তুলনা হওয়ায় বৃদ্ধি সব ক্ষেত্রেই বেশি দেখাচ্ছে। অর্থনীতির বাস্তব ছবিও এটা নয়।

শিল্পবৃদ্ধি ১৩.৬ শতাংশ, কমল মূল্যবৃদ্ধির হার

অবশেষে খুচরো বাজারে মূল্যবৃদ্ধির হার ৬ শতাংশের নীচে নেমেছে বলে জানাল কেন্দ্র। জুলাইয়ে তা ৫.৫৯ শতাংশ। মূলত আনাজ-সহ বিভিন্ন খাদ্যপণ্যের দাম কমে যাওয়াতেই এমনটা ঘটেছে।

এদিকে শিল্পে উৎপাদনও জুনে ১৩.৬ শতাংশ বেড়েছে। যদিও গত বছর জুনে তলিয়ে যাওয়া উৎপাদনের নিরিখে বৃদ্ধির গণনা হওয়ায় তা এমন উঁচুতে দেখাচ্ছে। ১২ অগস্ট এই পরিসংখ্যান প্রকাশ করেছে কেন্দ্র। বিশেষজ্ঞেরা বলছেন, এটা হওয়ারই ছিল। শিল্পবৃদ্ধির এই হারকে বাস্তবের ছবি ধরলে ভুল করা হবে। অতিমারির আগের তুলনায় শিল্পোৎপাদন এখনও অনেক কম। নিচু ভিতে ভর করেই এবার কলকারখানা, খনন, বিদ্যুৎ, মূলধনী পণ্য, দীর্ঘমেয়াদি ভোগ্যপণ্যের উৎপাদন বেড়েছে বিপুল। মূল্যবৃদ্ধির হার অবশ্য প্রত্যাশার থেকে কমেছে বলে মত তাঁদের। মূল কারণ, খাদ্যপণ্যের মূল্যবৃদ্ধির হার কমে ৩.৯৬ শতাংশে নেমে আসা। তবে মাছ, মাংস, ডিম এখনও চড়া।

পাইকারি মূল্যবৃদ্ধির হার ১০ শতাংশের উপরে

আগের মাসের থেকে হার একটু কমলেও চলতি জুলাইয়ে গত বছরের একই সময়ের চেয়ে উপরেই থাকল পাইকারি মূল্যবৃদ্ধি। ১৬ অগস্ট কেন্দ্রীয় সরকার জানিয়েছে, এবার তা ১১.১৬ শতাংশ। এই নিয়ে টানা চার মাস ধরে দুই অঙ্কেই ঘোরাফেরা করছে পাইকারি মূল্যবৃদ্ধির হার।

শিল্পমহলের উদ্বেগ, কাঁচামালের চড়া দামের জেরেই কলকারখানায় তৈরি পণ্যের দাম বেড়েছে। গত বছর জুলাইয়ে মূল্যহ্রাস (-০.২৫ শতাংশ) দেখেছিল দেশ। কলকারখানায় তৈরি পণ্য, অশোধিত তেল ও প্রাকৃতিক গ্যাসের চড়া দর মূল্যবৃদ্ধিকে এত ঠেলে তোলার জন্য দায়ী। অর্থমন্ত্রী নির্মলা সীতারামনের অবশ্য আশা, চলতি অর্থবর্ষে মূল্যবৃদ্ধি রিজার্ভ ব্যাঙ্কের বেঁধে দেওয়া সহনসীমার (৪ শতাংশ) মধ্যেই থাকবে। তাঁর দাবি, বাজারে নগদের জোগান যথেষ্ট। যার হাত ধরে চাহিদা মুখ তুলবে। কর আদায়ের পাশাপাশি উৎসবের মরশুমের আগে বাড়বে ঋণ।

@bettersolution4u https://ebooks.bettersolution4u.in Page 19/68

পরিকাঠামোয় উৎপাদন বৃদ্ধি

জুলাইয়ে আটটি প্রধান পরিকাঠামো ক্ষেত্রের বৃদ্ধি হয়েছে। ৩১ অগস্ট বাণিজ্য ও শিল্প মন্ত্রক জানিয়েছে, ওই মাসে তা বেড়েছে ৯.৪ শতাংশ হারে। মূলত কয়লা, প্রাকৃতিক গ্যাস, ইস্পাত, সিমেন্ট এবং বিদ্যুতের ভালো উৎপাদনের উপর নির্ভর করে ঘুরে দাঁড়াচ্ছে অর্থনীতি, দাবি কেন্দ্রের।

এদিন সন্ধ্যায় কেন্দ্রের মুখ্য আর্থিক উপদেষ্টা কৃষ্ণমূর্তি সুব্রহ্মণ্যম আর্থিক বৃদ্ধি নিয়ে মন্তব্য করতে গিয়ে বলেছেন, অর্থনীতি যে ইংরেজি 'ভি' (ভিক্ট্রি) বর্ণের মতো ঘুরে দাঁড়াচ্ছে, সে ব্যাপারে পূর্বাভাস দিয়েছিল কেন্দ্র। তার বাস্তবতা এই পরিসংখ্যানেই স্পষ্ট হয়ে গিয়েছে।

সংশ্লিষ্ট ক্ষেত্রের বিশেষজ্ঞেরা অবশ্য মনে করিয়ে দিচ্ছেন, দেশব্যাপী লকডাউনের জেরে গত বছরের জুলাইয়ে আটটি পরিকাঠামো ক্ষেত্র ৭.৬ শতাংশ সঙ্কুচিত হয়েছিল। সেই নিরিখেই এবারের পরিসংখ্যানকে এতটা বড় দেখাচ্ছে।

কেন্দ্রের দেওয়া তথ্য অনুযায়ী, জুলাইয়ে কয়লা, প্রাকৃতিক গ্যাস, শোধনাগারজাত পণ্য, ইস্পাত, সিমেন্ট এবং বিদ্যুৎ ক্ষেত্রের উৎপাদন বৃদ্ধির হার ছিল যথাক্রমে ১৮.৭ শতাংশ, ১৯.৯ শতাংশ, ৬.৭ শতাংশ, ৯.৩ শতাংশ, ২১.৮ শতাংশ এবং ৯ শতাংশ। তবে অশোধিত তেলের উৎপাদন ৩.২ শতাংশ কমেছে। সারের উৎপাদন বেড়েছে ০.৫ শতাংশ।

প শ্চি ম ব ঙ্গ

প্রয়াত সাহিত্যিক বুদ্ধদেব গুহ

প্রয়াত হলেন বিশিষ্ট কথাসাহিত্যিক বুদ্ধদেব গুহ। ২৯ অগস্ট রাতে দক্ষিণ কলকাতার বেলভিউ নার্সিংহোমে তাঁর জীবনাবসান হয়। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৫ বছর। গত এপ্রিলের শেষ দিকে তিনি কোভিডে আক্রান্ত হয়েছিলেন। কোভিড-পরবর্তী জটিলতাতেই প্রয়াত হন তিনি। কেওড়াতলা মহাশ্মশানে তাঁর শেষকৃত্য সম্পন্ন হয়।

১৯৩৬-এর ২৯ জুন কলকাতায় জন্ম বুদ্ধদেব গুহর। সেন্ট জেভিয়ার্স কলেজ ও কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে পড়াশোনার পর পেশা হিসেবে বেছে নিয়েছিলেন চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সিকে। পশ্চিমবঙ্গের আয়কর বিভাগের উপদেষ্টা বোর্ডের সদস্যও ছিলেন তিনি। কাজ করেছেন আকাশবাণী কলকাতার অডিশন বোর্ডের সদস্য হিসেবেও। কিন্তু সব কিছুকে ছাপিয়ে গিয়েছিল তাঁর কলমের জোর। প্রকৃতিকে কলমের আঁচড়ে তুলে এনে বাঙালি পাঠকের মনে ঠাঁই দিয়েছিলেন বুদ্ধদেব গুহ। তাঁর একের পর এক লেখা সমৃদ্ধ করেছে বাংলা সাহিত্যকে। প্রথম প্রকাশিত গ্রন্থ 'জঙ্গল মহল'। তার পর 'মাধুকরী', 'কোজাগর', 'অববাহিকা', 'কোয়েলের কাছে', 'বাবলি', 'একটু উষ্ণতার জন্য', 'হলুদ বসন্ত' তাঁর পাঠকপ্রিয় উপন্যাস। কিশোর সাহিত্যেও ছিল তাঁর অনায়াস বিচরণ। তাঁর সৃষ্ট 'ঋজুদা' ও 'ঋভু'র মতো চরিত্র আকৃষ্ট করে রেখেছে কয়েক প্রজন্মের কিশোর-কিশোরীকে। শিকার-কাহিনিতে বাঙালি পাঠকের মনে নিজের জায়গাটি পাকা করেছেন তিনি। 'হলুদ বসন্ত' উপন্যাসের জন্য তিনি ১৯৭৬ সালে আনন্দ পুরস্কার পান।

তাঁর সঙ্গেই শেষ হয়ে গেল বাংলা সাহিত্যের একটি স্মরণীয় অধ্যায়, যার সঙ্গে ওতপ্রোত ভাবে মিশে রয়েছে প্রকৃতি ও নারী। হারিয়ে গেল দুর্লভ বাংলা টপ্পা গানের চর্চাও। হাতেগোনা দু'-একজনের মধ্যে বুদ্ধদেব গুহই ছিলেন অন্যতম, যাঁর গলায় সুর-তাল-লয়ে রূপ পেত হারিয়ে যাওয়া বাংলা টপ্পা।

বুদ্ধদেব গুহর মৃত্যুতে শোকপ্রকাশ করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা, সাহিত্যিক শীর্ষেন্দু মুখোপাধ্যায়, সঞ্জীব চট্টোপাধ্যায়, বাণী বসু প্রমুখ ।

বিষমদ কাণ্ডে আমৃত্যু জেল খোঁড়া বাদশার

মগরাহাটের বিষমদ কাণ্ডে মূল আসামি নুর ইসলাম ফকির ওরফে খোঁড়া বাদশাকে ২ অগস্ট আমৃত্যু কারাদণ্ড দিলেন আলিপুর আদালতের জেলা ও দায়রা বিচারক পুষ্পল শতপথী। ২০১১ সালে ওই বিষমদ খেয়ে ১৭৩ জনের মৃত্যু হয়েছিল।

এই ঘটনায় উস্তি থানায় দায়ের হওয়া অন্য একটি মামলায় আগেই যাবজ্জীবন কারাদণ্ড হয়েছিল বাদশার। এদিন মগরাহাট থানায় দায়ের আরেকটি মামলায় আমৃত্যু কারাদণ্ডের সাজা ঘোষণা করা হল।

২০১১-র ১৪ ডিসেম্বর বিষমদ পানের ঘটনায় ১৭৩ জন মানুষের মৃত্যু হয়। বহু মানুষ শারীরিক ভাবে প্রতিবন্ধী হয়ে যান। সরকারি আইনজীবী তমাল মুখোপাধ্যায় বাদশার সর্বোচ্চ সাজার আর্জি জানান। বাদশার আইনজীবীরা জানান, মৃতের সংখ্যা নিয়ে বিভ্রান্তি রয়েছে। তা বিবেচনা করে শাস্তি ঘোষণার আর্জি জানান তাঁরা। বিচারক সাজা ঘোষণার আগে বাদশাকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দেন। বাদশা জানায়, সে ওই ব্যবসার সঙ্গে জড়িত ছিল না। সে প্রতিবন্ধী। তার একটি অবিবাহিত মেয়ে আছে। সংসারে আর্থিক অনটন রয়েছে। নিজেকে নির্দোষ বলেও দাবি করে সে।

https://t.me/bettersolution4u www.bettersolution4u.blogspot.com Page 20/68

বিচারক শতপথীর পর্যবেক্ষণ, এই ঘটনা সমাজে প্রভাব ফেলেছিল। এই ধরনের ঘটনা সংঘটিত হওয়া চরম অপরাধ। তার পরেই বাদশার সাজা ঘোষণা করেন তিনি।

আলিপুর আদালত সূত্রে খবর, বিষমদ কাণ্ডে মগরাহাট, উস্তি ও মন্দিরবাজার থানায় তিনটি পৃথক মামলা করা হয়েছিল। মামলার তদন্তভার নেয় সি আই ডি। মন্দিরবাজার থানার মামলায় অভিযুক্তেরা বেকসুর খালাস পেয়েছে বলে সংশ্লিষ্ট সূত্রের খবর। সি আই ডি-র দাবি, অতিরিক্ত লাভের আশায় অন্যান্য চোলাই মদের ব্যবসায়ীকে টেক্কা দিতে ২০০৮ থেকে বেশি নেশা হয়, এমন মদ তৈরি করতে শুরু করে বাদশা। কড়া মদ তৈরির জন্যই মিথানল মেশানো হত। অভিযোগ, উত্তরোত্তর বেশি পরিমাণে মিথানল মিশিয়ে যাচ্ছিল সে। তার পরিণতিতেই মৃত্যু হয় ১৭৩ জনের।

খে লা ধু লো

সাতটি পদক জিতে অলিম্পিক্সে প্রথম পঞ্চাশে ভারত

একটি সোনা, দু'টি রুপো ও চারটি ব্রোঞ্জ পদক নিয়ে এবারের টোকিও অলিম্পিক্স শেষ করল ভারত। গত চার দশকে অলিম্পিক্সে এটাই সব চেয়ে ভাল পারফরম্যান্স ভারতের। পদক তালিকায় প্রথম ৫০টি দেশের মধ্যেই রয়েছেন ভারতীয়েরা। তাঁদের অবস্থান ৪৮ নম্বরে।

এ বছর ২৩ জুলাই থেকে ৮ অগস্ট জাপানের টোকিও শহরে বসেছিল অলিম্পিক্সের আসর। এবারের পদকজয়ীরা হলেন: নীরজ চোপড়া, মীরাবাই চানু, রবি কুমার দাহিয়া, লাভলিনা বরগোহাঁই, বজরং পুনিয়া, পি ভি সিন্ধু এবং ভারতীয় পুরুষ হকি দল। এর আগে অলিম্পিক্সে গত চার দশকে ভারতের সেরা অবস্থান ছিল ৫১ নম্বরে, ২০০৮ সালে বেজিং অলিম্পিক্সে। সেবার অভিনব বিন্দ্রার শুটিং থেকে পাওয়া সোনা-সহ ভারতীয় দলের পদক সংখ্যা ছিল ৩।

নর্মান প্রিচার্ডকে ধরলে আধুনিক অলিম্পিক্সের ইতিহাসে ভারত অংশ নিচ্ছে ১৯০০ সাল থেকে। সেবার কলকাতার সেন্ট জেভিয়ার্স কলেজের ছাত্র প্রিচার্ড ২০০ মিটার হার্ডলস ও ২০০ মিটার দৌড়ে রুপো পেয়েছিলেন। এর পর অলিম্পিক্সে ভারত প্রথম দল পাঠায় ১৯২০ সালে অ্যান্টোয়ার্প অলিম্পিক্সে। সেবার ছ'জনের ভারতীয় দল কোনও পদক পায়নি। ১৯২৪ সালেও ভারতের পদকপ্রাপ্তি ছিল শূন্য। ১৯২৮ সালে আমস্টারডাম অলিম্পিক্স থেকে ভারত প্রথম পদক পাওয়া শুরু করে। সেবার ভারত পেয়েছিল ২৪তম স্থান। ১৯২৮ সাল থেকে ১৯৫৬ সাল পর্যন্ত ভারত যখন হকিতে স্বর্ণপদক পাওয়া নিয়ম করে ফেলেছিল, তখন পদক তালিকায় ভারত অনেক উপরের দিকেই থাকত। কিন্তু তখন অংশগ্রহণকারী দেশের সংখ্যা যেমন কম ছিল, তেমনই ইভেন্টের সংখ্যাও ছিল কম। ১৯৮০ সালে ভারতের অবস্থান ছিল ২৩ নম্বরে। সে বার হকিতে সোনা পেয়েছিল বাসুদেব ভাস্করনের নেতৃত্বাধীন দল। ২০১২ সালে লন্ডন অলিম্পিক্সে ভারত শেষ করেছিল ৫৭তম স্থানে। রিওতে ভারতের অবস্থান ছিল আরও ১০ ধাপ পিছনে। সে জায়গা থেকে পাঁচ বছরের মধ্যে ভারত এক লাফে এগিয়েছে ১৯ ধাপ।

উল্লেখ্য, এবারের অলিম্পিক্সে ৩৯টি সোনা, ৪১টি রুপো ও ৪৩টি ব্রোঞ্জ পদক জিতে পদকতালিকায় প্রথম স্থানে রয়েছে আমেরিকা। ৩৮টি সোনা, ৩২টি রুপো ও ১৮টি ব্রোঞ্জ এবং ২৭টি সোনা, ১৪টি রুপো ও ১৭টি ব্রোঞ্জ-সহ দ্বিতীয় ও তৃতীয় স্থানে আছে যথাক্রমে চিন ও জাপান।

এক নজরে ভারতের পদকজয়ীরা

● **নীরজ চোপড়া**— ভারতকে সেরা সাফল্য দিলেন পানিপতের খান্ডরা গ্রামের ২৩ বছরের নীরজ চোপড়া। জীবনের প্রথম অলিম্পিক্সে ৮৭.৫৮ মিটার জ্যাভলিন ছুড়ে দেশকে ট্র্যাক অ্যান্ড ফিল্ডে সোনা এনে দিলেন। অলিম্পিক্সের ইতিহাসে ব্যক্তিগত ইভেন্টে অভিনব বিন্দ্রার পর তিনিই দ্বিতীয় ভারতীয় যিনি সোনা জিতলেন। ২০১৮ সালে পেয়েছেন অর্জুন পুরস্কার।

● **সাইখোম মীরাবাই চানু**— কর্ণম মালেশ্বরীর পর অলিম্পিক্সে ভারোত্তোলনে দীর্ঘ ২১ বছরের খরা কাটিয়ে পদক জিতলেন চানু। ২৬ বছরের চানু ৪৯ ক্যাটেগরিতে ২০২ কেজি ওজন তুলে জিতলেন রুপো। চানু ২০১৮ সালে পেয়েছেন পদ্মশ্রী ও রাজীব গান্ধী খেলরত্ন (নতুন নামকরণে মেজর ধ্যানচাঁদ খেলরত্ন)।

● **রবি কুমার দাহিয়া**— সুশীল কুমারের পরে অলিম্পিক্স কুস্তি (৫৭ কেজি ফ্রিস্টাইল ক্যাটেগরি) থেকে দেশকে

@bettersolution4u https://ebooks.bettersolution4u.in Page 21/68

দ্বিতীয় রুপো এনে দিয়েছেন সোনপত জেলার নাহরি গ্রামের ২৩ বছরের পালোয়ান।

● **পি ভি সিন্ধু**— গতবার রিও অলিম্পিক্সে রুপো জেতার পর এবার ব্রোঞ্জ পদক জিতলেন ভারতের ব্যাডমিন্টন তারকা পি ভি সিন্ধু। সুশীল কুমারের পর দ্বিতীয় ভারতীয় এবং প্রথম মহিলা হিসেবে দু'টি অলিম্পিক্স পদক জয়ের বিরল নজির গড়লেন তিনি। পাশাপাশি, আন্তর্জাতিক আঙিনায় সিন্ধু চতুর্থ ব্যাডমিন্টন খেলোয়াড়, যিনি দু'টি অলিম্পিক্স মেডেল জিতলেন।

● **লাভলিনা বরগোহাঁই**— বিজেন্দ্র সিংহ এবং মেরি কমের পর অলিম্পিক্সে বক্সিং থেকে ফের পদক আনলেন অসমের ২৩ বছরের লাভলিনা। মেয়েদের ৬৯ কেজি ওয়েল্টারওয়েট ক্যাটেগরিতে ব্রোঞ্জ জিতলেন তিনি। গত বছর অর্জুন পুরস্কার পান তিনি।

● **বজরং পুনিয়া**— ২৭ বছরের কুস্তিগির ছিনিয়ে আনলেন ব্রোঞ্জ পদক। ছেলেদের ৬৫ কেজি ফ্রিস্টাইল ক্যাটেগরিতে তিনি ধরাশায়ী করলেন কাজাখস্তানের দৌলেত নিয়াজবেকভকে। ২০১৫ সালে অর্জুন পুরস্কার এবং ২০১৯-এ পদ্মশ্রী ও রাজীব গান্ধী খেলরত্ন পুরস্কার পেয়েছেন পুনিয়া।

● **ভারতের পুরুষ হকি দল**— দীর্ঘ ৪১ বছরের প্রতীক্ষার অবসান ঘটিয়ে অলিম্পিক্সে হকিতে ব্রোঞ্জ পদক জিতল ভারতীয় হকি দল। জার্মানিকে রুদ্ধশ্বাস ম্যাচে ৫-৪ গোলে হারায় মনপ্রীত সিংহের নেতৃত্বাধীন হকি দল। শেষ বার ১৯৮০ সালে হকিতে পদক জিতেছিল ভারত। এই নিয়ে ১২ বার (৮ বার সোনা, ১ বার রুপো, ৩ বার ব্রোঞ্জ) অলিম্পিক্সে পদক জিতল ভারত।

প্যারালিম্পিক্সে চব্বিশে শেষ করল ভারত

প্যারালিম্পিক্সের ইতিহাসে চরম সাফল্যের মধ্যে দিয়ে টোকিয়োয় এ বারের প্রতিযোগিতা শেষ করল ভারত। জাপানের টোকিয়ো শহরে ২৪ অগস্ট থেকে ৫ সেপ্টেম্বর প্যারালিম্পিক্স প্রতিযোগিতা আয়োজিত হয়। মোট ১৯টি পদক নিয়ে টোকিয়ো প্যারালিম্পিক্স থেকে এ বার ফিরছেন ভারতীয় অ্যাথলিটরা। ৫টি সোনা, ৮টি রুপো ও ৬টি ব্রোঞ্জ পজক জিতেছেন তাঁরা। ২০১২ সালে লন্ডনে এই প্রতিযোগিতায় ভারত পেয়েছিল ১টি পদক। ২০১৬ সালে রিয়ো প্যারালিম্পিক্সে ভারতের পদক ছিল ৪টি। পাঁচ বছরের ব্যবধানে সেই পদকসংখ্যা ১৫টি বাড়িয়ে ১৯-এ নিয়ে গিয়েছেন ভারতীয় অ্যাথলিটরা। এই ১৯ পদকের ৮টি এসেছে অ্যাথলেটিক্স থেকে। শুটিং থেকে মিলেছে পাঁচটি। ব্যাডমিন্টন থেকে পাওয়া গিয়েছে চারটি পদক। তিরন্দাজি ও টেবল টেনিস থেকে একটি করে পদক ভারত পেয়েছে। ১৯৬৮ সালে শুরু হয়েছিল প্যারালিম্পিক্স। তার পর থেকে ২০১৬ সাল পর্যন্ত ভারত এই প্রতিযোগিতা থেকে পেয়েছিল মোট ১২টি পদক। এ বার গত ১৩টি প্যারালিম্পিক্সের মিলিত পদকসংখ্যাকেও ছাপিয়ে গিয়েছেন জাতীয় প্যারা-অ্যাথলিটেরা। ভারত অংশগ্রহণকারী ১৬২টি দেশের মধ্যে জায়গা করে নিয়েছে ২৪ নম্বরে। তবে কেবল পদক-প্রাপ্তিই নয়, গেমসে রেকর্ডও গড়েছেন ভারতীয়েরা। সেই তালিকায় রয়েছেন সুমিত অন্তিল (পুরুষদের জ্যাভলিনে সোনার পদক-সহ বিশ্বরেকর্ড), অবনী লেখারা (১০ মিটার এয়ার পিস্তলে সোনা-সহ বিশ্বরেকর্ড স্পর্শ ও প্যারালিম্পিক্স রেকর্ড), মণীশ নরওয়াল (শুটিংয়ে ৫০ মিটার পিস্তল ইভেন্টে সোনা-সহ প্যারালিম্পিক্স রেকর্ড), নিষাদ কুমার (পুরুষদের হাই জাম্পে রুপো-সহ এশীয় রেকর্ড), প্রবীণ কুমার (পুরুষদের হাই জাম্পে রুপো-সহ এশীয় রেকর্ড)। প্রসঙ্গত, এ বারের প্যারালিম্পিক্সে ৯৬টি সোনা, ৬০টি রুপো ও ৫১টি ব্রোঞ্জ পদক জিতে পদকতালিকায় প্রথম স্থানে শেষ করেছে চিন। ৪১টি সোনা, ৩৮টি রুপো ও ৪৫টি ব্রোঞ্জ এবং ৩৭টি সোনা, ৩৬টি রুপো ও ৩১টি ব্রোঞ্জ-সহ দ্বিতীয় ও

https://t.me/bettersolution4u www.bettersolution4u.blogspot.com

তৃতীয় স্থানে শেষ করেছে যথাক্রমে গ্রেট ব্রিটেন ও আমেরিকা।

এক নজরে ভারতের পদকজয়ীরা

● **ভাবিনাবেন পটেল** ভারতের দ্বিতীয় মহিলা হিসেবে প্যারালিম্পিক্স টেবল টেনিসে রুপো জয়। ১২ মাস বয়সে পোলিওয় আক্রান্ত হন গুজরাতের মহসানা জেলার মেয়ে।

● **নিষাদ কুমার** ছেলেদের হাই জাম্পে ২.০৬ মিটার লাফিয়ে রুপো জেতেন। হিমাচল প্রদেশের ২১ বছরের নিষাদ আট বছর বয়সে এক দুর্ঘটনায় হারান ডান হাত।

● **অবনী লেখারা** ভারতের প্রথম মহিলা খেলোয়াড় হিসেবে প্যারা-লিম্পিক্স ১০ মিটার এয়ার রাইফেলে সোনা। পরে ৫০ মিটার রাইফেল ইভেন্টে ব্রোঞ্জ। ১৯ বছরের অবনীর এক গাড়ি দুর্ঘটনায় শরীরের নিম্নাংশ অসাড় হয়ে যায়।

● **যোগেশ কথুনিয়া** ছেলেদের ডিসকাসে ৪৪.৩৮ মিটার ছুড়ে রুপো। আট বছর বয়সে কঠিন স্নায়ুর রোগে আক্রান্ত হন। শরীরের নীচের অংশের জোর কমে যায়।

● **দেবেন্দ্র ঝাঝারিয়া** আথেন্স ও রিয়োয় সোনা জয়ের পরে টোকিয়োয় ছেলেদের জ্যাভলিনে রুপো। ছোটবেলায় গাছে উঠতে গিয়ে বিদ্যুৎবাহী তার স্পর্শ করে বাদ যায় বাঁ হাত।

● **সুন্দর সিংহ গুর্জর** ছেলেদের জ্যাভলিনে ব্রোঞ্জ। রাজস্থানের ২৫ বছরের অ্যাথলিট লোহার পাততের আঘাতে বাঁ হাতের কব্জির নীচের অংশ খোয়ান।

● **সুমিত অন্তিল** ছেলেদের জ্যাভলিনে সোনা। হরিয়ানার সোনপতের ২৩ বছরের ছেলে ২০১৫ সালে এক মোটরসাইকেল দুর্ঘটনায় হাঁটুর নিচ থেকে বাঁ পা হারান।

● **সিংহরাজ অধুনা** ছেলেদের ৫০ মিটার পিস্তলে রুপো, ১০ মিটার এয়ার পিস্তলে ব্রোঞ্জ। হরিয়ানার ৩৯ বছরের শুটার পোলিয়োয় আক্রান্ত হয়েছিলেন। তাঁর শরীরের নীচের অংশ অসাড়।

● **মরিয়প্পন থঙ্গভেলু** ছেলেদের হাই জাম্পে ১.৮৬ মিটার লাফিয়ে রুপো জেতেন। তামিলনাড়ুর ২৬ বছরের অ্যাথলিট পাঁচ বছর বয়সে গাড়ি দুর্ঘটনার শিকার। ডান পা কেটে বাদ দিতে হয় চিকিৎসকদের।

● **শরদ কুমার** ছেলেদের হাই জাম্পে ১.৮৩ মিটার লাফিয়ে ব্রোঞ্জ জেতেন। পটনার লড়াকু অ্যাথলিট দু'বছর বয়সে পোলিয়ো নেওয়ার পরে পক্ষাঘাতে আক্রান্ত হন। বাঁ পা অসাড় হয়ে যায়।

● **প্রবীণ কুমার** ছেলেদের হাই জাম্পে ২.০৭ মিটার লাফিয়ে নতুন শোয় রেকর্ড গড়ে রুপো জেতেন। দিল্লির ১৮ বছরের প্রবীণের ছোটবেলা থেকেই দু'টি পায়ের দৈর্ঘ্য সমান নয়।

● **হরবিন্দর সিংহ** ছেলেদের তিরন্দাজিতে কোরিয়ার প্রতিপক্ষকে হারিয়ে ব্রোঞ্জ জয়। অর্থনীতিতে স্নাতক, এই তিরন্দাজ দেড় বছর বয়সে ডেঙ্গুতে আক্রান্ত হন। ভুল চিকিৎসায় পায়ের স্বাভাবিক কর্মক্ষমতা নষ্ট হয়ে যায়।

● **মণীশ নরওয়াল** ছেলেদের ৫০ মিটার পিস্তলে সোনা। ডান হাতে ত্রুটি নিয়েই জন্মেছিলেন হরিয়ানার এই শুটার। এর আগে বিশ্বকাপে সোনা জিতেছিলেন বিশ্বরেকর্ড গড়ে।

● **প্রমোদ ভগৎ** ছেলেদের ব্যাডমিন্টনে সোনা। ওড়িশার এই খেলোয়াড় পাঁচ বছয় বয়স থেকে আক্রান্ত হন পোলিয়োয়। যার পর থেকে তাঁর বাঁ পা সুগঠিত নয়।

● **মনোজ সরকার** ছেলেদের ব্যাডমিন্টনে ব্রোঞ্জ। উত্তরাখণ্ডে বসবাসকারী এই বাঙালি খেলোয়াড় ভুল চিকিৎসার শিকার হয়েছিলেন। শরীরের নীচের অংশ অসাড় হয়ে যায়।

● **সুহাস যতিরাজ** ছেলেদের ব্যাডমিন্টনে রুপো। ছোটবেলা থেকে গোড়ালিতে দুবলাত। তবে ৩৮ বছরের আই এ এস অফিসার শারীরিক প্রতিবন্ধকতাকে জয় করে দেশকে পদক দিলেন।

● **কৃষ্ণ নাগার** ছেলেদের ব্যাডমিন্টনে সোনা। রাজস্থানের ২২ বছরের ছেলের স্বাভাবিক শারীরিক বৃদ্ধি ঘটেনি। ২০১৮ সালে প্যারা এশিয়ান গেমসে ব্রোঞ্জ পান।

ওপর থেকে: *অবনী লেখারা, সুমিত অন্তিল, প্রমোদ ভগৎ, মণীশ নরওয়াল ও কৃষ্ণ নাগার*

@bettersolution4u https://ebooks.bettersolution4u.in Page 23/68

সুপার কাপ জিতল চেলসি

উয়েফা সুপার কাপ ফুটবল প্রতিযোগিতা জিতল চেলসি। ১৯৯৮ সালের পর এই নিয়ে দ্বিতীয় বার এই খেতাব ঘরে তুলল ব্রিটিশ ফুটবল ক্লাবটি।

১১ অগস্ট আয়ারল্যান্ডের বেলফাস্টের উইন্ডসর পার্ক স্টেডিয়ামে টাইব্রেকারে ভিয়ারিয়ালকে ৬-৫ গোলে হারিয়ে খেতাব ঘরে তুলল ইংলিশ প্রিমিয়ার লিগের দল চেলসি। জয়ের নেপথ্য কারিগর পরিবর্ত হিসেবে নামা স্পেনীয় গোলরক্ষক কেপা আরিসাবালাগা। নির্ধারিত ৯০ মিনিট ও তার পরে অতিরিক্ত ৩০ মিনিটের খেলায় ফল ছিল ১-১। ম্যাচের ২৭ মিনিটে মিডফিল্ডার হাকিম জিয়াসের গোলে এগিয়ে যায় চেলসি। ৭৩ মিনিটে স্ট্রাইকার জেরার বালাগুয়েরোর গোলে ম্যাচে সমতা ফেরায় ভিয়ারিয়াল। টাইব্রেকারে চেলসি গোলকিপার কেপা প্রথমে আইসা মেন্দি ও পরে অধিনায়ক রাউল আলবিয়োলের পেনাল্টি শট বাঁচিয়ে চেলসিকে কাপ উপহার দেন। ম্যাচের সেরা নির্বাচিত হন ভিয়ারিয়ালের জেরার।

জুভেন্টাস ছেড়ে ফের ম্যান ইউয়ে রোনাল্ডো

১২ বছর পর ম্যানচেস্টার ইউনাইটেডে প্রত্যাবর্তন ঘটল ক্রিশ্চিয়ানো রোনাল্ডোর। ৭ অগস্ট ক্লাবের তরফে বিবৃতি দিয়ে একথা জানানো হল। নাটকীয় ভাবে ভারতীয় মুদ্রায় প্রায় ২৮৩ কোটি ২৭ লক্ষ টাকা (ট্রান্সফার ফি) দিয়ে রোনাল্ডোকে ফেরালেন ম্যান ইউ কর্তারা।

এদিন সকাল পর্যন্তও গোটা বিশ্ব জানত জুভেন্টাস ছেড়ে ম্যানচেস্টার সিটির সঙ্গে চুক্তিবদ্ধ হচ্ছেন রোনাল্ডো, যা মেনে নিতে পারেননি ম্যান ইউ সমর্থকেরা। স্যার অ্যালেক্স ফার্গুসন যখন ২০০৩ সালে স্পোর্টিং লিসবন থেকে পর্তুগিজ প্রতিভাকে ওল্ড ট্র্যাফোর্ডে নিয়ে এসেছিলেন,তখন তাঁর বয়স মাত্র আঠারো। ম্যান ইউয়ের জার্সিতে ২৯২ ম্যাচে ১১৮টি গোল করেছেন তিনি। তিনটি ই পি এল ও এক বার চ্যাম্পিয়ন্স লিগ জিতে ছ'বছর পরে রেকর্ড অর্থে (ভারতীয় মুদ্রায় প্রায় ৮০৯ কোটি টাকা) রিয়াল মাদ্রিদে যোগ দিলেও কখনও ভোলেননি পুরনো ক্লাবকে।

এদিন সোশ্যাল মিডিয়ায় রোনাল্ডো লেখেন, 'আজ আমি ইটালি এবং খুব সম্ভবত ইউরোপের অন্যতম বৃহৎ ফুটবল প্রতিষ্ঠান ছেড়ে চলে যাচ্ছি। জুভেন্টাসের জন্য শরীর এবং মন উজাড় করে দিয়েছি। তুরিন আগের মতোই আমার কাছে ভালবাসার শহর হিসেবে থেকে যাবে। হতে পারে যা প্রত্যাশা করেছিলাম, তার সবটা পূরণ করতে পারিনি। কিন্তু জুভেন্টাস থাকবে আমার হৃদয়ে।'

বার্সেলোনা ছেড়ে প্যারিসে মেসি

৫ অগস্ট সরকারি ভাবে লিওনেল মেসি-র ক্লাব বার্সেলোনা কর্তৃপক্ষ জানিয়ে দিল, লা লিগার নিয়ম অনুযায়ী আর্থিক ও পরিকাঠামোগত প্রতিবন্ধকতার জন্য মেসির সঙ্গে নতুন চুক্তি করা সম্ভব হচ্ছে না। পরবর্তী মরশুমের জন্য প্যারিস সাঁ জারমাঁ ফুটবল ক্লাবে যোগ দিলেন মেসি।

মেসির সঙ্গে ক্লাবকর্তাদের সঙ্গে বৈঠকের পর বার্সেলোনার তরফে বিবৃতি দিয়ে বলা হয়, 'বার্সালেনা এবং লিওনেল মেসি দুই পক্ষই চুক্তিতে সই করতে আগ্রহী ছিল। কিন্তু লা লিগার নিয়ম অনুযায়ী আর্থিক প্রতিবন্ধকতার কারণে তা সম্ভব হল না। এর ফলে মেসির পক্ষে আর বার্সেলোনায় থাকা সম্ভব হচ্ছে না। এই পরিস্থিতিতে উভয় পক্ষই হতাশ।' মেসি চেষ্টা করেছিলেন নিজের প্রিয় ক্লাবে থেকে যেতে। বেতন ৫০ শতাংশ হ্রাস করে পাঁচ বছরের জন্য বার্সেলোনার সঙ্গে চুক্তি করতে রাজি হয়েছিলেন। ২০১৯-২০ মরশুমে লা লিগা ফুটবলারদের বেতন বাবদ ব্যয়ের সীমা বার্সেলোনার ক্ষেত্রে কমিয়ে ৬০০ মিলিয়ন ইউরো (প্রায় ৫,২৩৭ কোটি টাকা) করে দিয়েছে। আগামী মরশুমে আরও ২০০ মিলিয়ন ইউরো (প্রায় ১,৭৪৫ কোটি টাকা) কমানোর সম্ভাবনা রয়েছে। এই পরিস্থিতিতে মেসির সঙ্গে চুক্তি করা অসম্ভব ছিল ক্লাবের পক্ষে। কারণ, মেসির আগের বেতন ছিল ৭০ মিলিয়ন ইউরো (প্রায় ৬১১ কোটি টাকা)।

উল্লেখ্য, ২০০০ সাল থেকে বার্সেলোনার সঙ্গে মেসির সম্পর্ক। মাত্র ১৩ বছর বয়সে পেপার ন্যাপকিনে মেসিকে সই করিয়েছিলেন বার্সেলোনার কর্তারা। আর্জেন্টিনার রোজারিয়ো থেকে লা মাসিয়া অ্যাকাডেমিতে যোগ দেন তিনি। বার্সেলোনার প্রাক্তন প্রেসিডেন্ট জোসেপ মারিয়া বার্তোমেউয়ের সঙ্গে সংঘাতের জেরে চুক্তি থাকা সত্ত্বেও গত মরশুমে ক্লাব ছাড়তে চেয়েছিলেন সদ্য কোপা আমেরিকায় আর্জেন্টিনাকে চ্যাম্পিয়ন করা তারকা। দীর্ঘ টানাপড়েনের পরে শেষ পর্যন্ত বার্সেলোনাতেই থেকে যান তিনি। নতুন প্রেসিডেন্ট জোয়ান লাপোর্তা আসার পর

 https://t.me/bettersolution4u www.bettersolution4u.blogspot.com Page 24/68

পরিস্থিতির উন্নতি হয়। বার্সেলোনাতে মেসির থেকে যাওয়া যখন নিশ্চিত, তখনই অভাবনীয় ভাবে পট পরিবর্তন হয়ে গেল। ছেদ পড়ল ২১ বছরের সম্পর্কে। চোখের জলে ক্যাম্প ন্যু-কে বিদায় জানালেন কিংবদন্তি ফুটবলার।

৮ অগস্ট শেষ সাংবাদিক বৈঠকে কান্নাভেজা গলায় মেসি বলেন, 'কোনও সন্দেহ নেই যে আমার জীবনের অন্যতম কঠিন সময় এটা। এর আগেও অনেক খারাপ সময় এসেছে। কিন্তু এ রকম পরিস্থিতি কখনওই আসেনি। এই ব্যাপারটা মেনে নিতে খুব কষ্ট হচ্ছে। কখনও ভাবিনি এরকম পরিস্থিতি তৈরি হবে। এভাবে ক্লাবকে বিদায় জানাতে চাইনি। প্রথম দিন থেকেই নিজের সেরাটা দিয়েছি। আশা করছি, ভবিষ্যতে এক দিন ঠিক ফিরে আসব। যা অর্জন করেছি, তার জন্য ক্লাব, সতীর্থ ও আমার পাশে যাঁরা ছিলেন তাঁদের সকলকে কৃতজ্ঞতা জানাচ্ছি।'

১১ অগস্ট প্যারিস সাঁ জারমাঁ ফুটবল ক্লাবে যোগ দেন মেসি। সেখানে পুরনো সতীর্থ নেইমারের পাশে ফের এক বার খেলতে দেখা যাবে তাঁকে। তাঁর জার্সির নম্বর ৩০। সূত্রের খবর, এই ক্লাবে মেসির চুক্তির মেয়াদ দু'বছরের। চুক্তির আর্থিক পরিমাণ শুল্ক প্রদানের পরে প্রত্যেক বছর ২৫ মিলিয়ন পাউন্ড (২৫৭ কোটি টাকারও বেশি)। এর সঙ্গে যুক্ত হবে বোনাসের অর্থ।

প্রয়াত গার্ড মুলার

১৫ অগস্ট প্রয়াত হলেন কিংবদন্তি জার্মান ফুটবলার গার্ড মুলার। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৫ বছর। গত ছ'বছর ধরে অ্যালঝাইমার্সে আক্রান্ত হয়ে তিনি ছিলেন সম্পূর্ণ শয্যাশায়ী। বিশ্ব ফুটবলে 'ডের বম্বার' নামেই বেশি পরিচিত মুলারের অবিশ্বাস্য গোলের খিদে বিশ্বের সমস্ত দলের কাছে ছিল রীতিমতো ত্রাসের বিষয়।

মুলারের ফুটবলার জীবনের পরিসংখ্যান নিয়ে এখনও গবেষণা চলে ফুটবল পরিমণ্ডলে। বিশ্বকাপের ইতিহাসে মিরোস্লাভ ক্লোসে (১৬) এবং ব্রাজিলের রোনাল্ডোর (১৫) পরেই গোলসংখ্যার বিচারে রয়েছেন মুলার (১৪)। ১৯৭০ সালের বিশ্বকাপ ফুটবলে ১০টি গোল করে সোনার বুটও পেয়েছিলেন তিনি। জাতীয় দলের হয়ে ৬২টি ম্যাচে ৬৮টি গোল করেছেন। বায়ার্নের হয়ে পরিসংখ্যান আরও বেশি ঈর্ষণীয়। বায়ার্নের হয়ে মুলার ১৯৬৪ থেকে ১৯৭৯ সালের কেরিয়ারে ৬০৭ ম্যাচে ৫৪২টি গোল করার সঙ্গে ক্লাবকে দিয়েছেন চার বার বুন্দেশলিগা ট্রফি। এছাড়া সাফল্যের তালিকায় রয়েছে ডি এফ বি পোকাল কাপ (৪ বার), ইউরোপিয়ান কাপ (৩ বার), ইউরোপিয়ান কাপ উইনার্স কাপ, ইন্টারকন্টিনেন্টাল কাপ। দু'বার জার্মানির বর্ষসেরা ফুটবলারের সম্মান পেয়েছেন। ১৯৭০ সালে পান বালঁ দ্যর খেতাব।

মুলারের মৃত্যুতে শোকস্তব্ধ গোটা ফুটবল দুনিয়া। দীর্ঘদিনের সতীর্থ ফ্রানৎজ বেকেনবাওয়ারের প্রতিক্রিয়া, 'যে-কোনও দুরূহ জায়গা থেকে ওর গোল দেখে অনেক সময় আমিও চমকে উঠেছি।' পেলের মন্তব্য, 'গার্ডের মতো উজ্জ্বল জ্যোতিষ্ক যখন আমাদের ছেড়ে চলে যায়, সেই শূন্যস্থান আর ভরাট হতে পারে না।' প্রাক্তন জার্মান তারকা হেইঞ্জ রুমেনিগে বলেছেন, 'সর্বকালের সেরা স্ট্রাইকার তো বটেই, মুলার প্রতিপক্ষের পেনাল্টি বক্সের মধ্যে ছিলেন মহম্মদ আলির মতো হিংস্র এবং ভয়ঙ্কর।'

বি জ্ঞা ন

রাষ্ট্রপুঞ্জের রিপোর্টে বিশ্বের জন্য অশনিসঙ্কেত

জলবায়ুর ভয়াবহ ভোলবদল ও তার পরিণতি নিয়ে ৯ অগস্ট 'ক্লাইমেট চেঞ্জ ২০২১: দ্য ফিজিক্যাল সায়েন্স বেসিস' শীর্ষক রিপোর্ট প্রকাশ করল রাষ্ট্রপুঞ্জ। এই রিপোর্টকে বলা হচ্ছে 'কোড রেড ফর হিউম্যানিটি'।

রাষ্ট্রপুঞ্জের 'দ্য অথরিটেটিভ ইন্টারগভর্নমেন্টাল প্যানেল অন ক্লাইমেট চেঞ্জ' বা আই পি সি সি-র এই রিপোর্টে স্পষ্টই জানানো হয়েছে, ২০৩০ সালের মধ্যে বিশ্বের গড় তাপমাত্রা বাড়বে ১.৫ ডিগ্রি সেলসিয়াসেরও বেশি। ২০১৫ সালের প্যারিস জলবায়ু চুক্তিতে রাষ্ট্রনেতারা আশ্বাস দিয়েছিলেন, তাঁরা দেখবেন যাতে এই শতকে ১.৫ ডিগ্রি সেলসিয়াসের বেশি না বাড়ে গড় তাপমাত্রা। কিন্তু ছ'বছরেই তাপমাত্রা বেড়েছে ১.১ ডিগ্রি। শুকনো আফ্রিকায় বন্যার আশঙ্কা। তুরস্ক, গ্রিস, আমেরিকার ক্যালিফোর্নিয়া দাবানলে পুড়ছে। জার্মানি, বেলজিয়ামের বিভিন্ন অংশ বন্যা-বিপর্যস্ত। তাপমাত্রা বেড়েছে, ব্রিটেন থেকে কানাডা সর্বত্র। বিশেষজ্ঞদের উদ্বেগের তালিকায় অন্যতম নাম ভারত। এ দেশেও টের পাওয়া যাচ্ছে প্রকৃতির রোষ। আই পি সি সি-র রিপোর্টে সে কথা উল্লেখ করা হয়েছে। হিন্দুকুশ, হিমালয়ে হিমবাহ গলছে। ক্রমেই ছোট হচ্ছে বরফের চাদর। দেশ জুড়ে একের পর এক ঘূর্ণিঝড়। কোথাও বন্যা তো কোথাও বর্ষার খামখেয়ালি আচরণ। এক দিকে সুন্দরবন গিলে নিচ্ছে সমুদ্র, অন্য দিকে খরা, লাগাতার তাপপ্রবাহের দৃষ্টান্তও রয়েছে।

রিপোর্টে বলা হয়েছে,জলবায়ুর পরিবর্তনের জেরেই এই ধরনের বিপর্যয় ঘটছে এবং এর বেশিরভাগই 'অপরিবর্তনশীল'। গ্রিন হাউস গ্যাস নির্গমন একেবারে কমিয়ে ফেললেও রাতারাতি কোনও বদল আসবে না। আই পি সি সি জানিয়েছে, বিশ্বের অন্য অংশের তুলনায় আরব সাগর ও বঙ্গোপসাগর-সহ ভারত মহাসাগরের তাপমাত্রা বাড়ছে বেশ দ্রুত গতিতে। রিপোর্টে বলা হয়েছে, বিশ্বের গড় তাপমাত্রা যখন ১.৫ বা ২ ডিগ্রি সেলসিয়াস বাড়বে, ভারত মহাসাগরের 'সি সারফেস টেম্পারেচার' বা সমুদ্রের উপরিভাগের জলের তাপমাত্রা ১ থেকে ২ ডিগ্রি সেলসিয়াস বেড়ে যাবে। সমুদ্রের তাপমাত্রা বাড়লে ক্ষতিগ্রস্ত হবে তার বাস্তুতন্ত্রও। আই পি সি সি জানিয়েছে, এশিয়ার বার্ষিক গড় তাপমাত্রা ১ থেকে ২ ডিগ্রি সেলসিয়াস বেড়ে যাবে এই শতকে। তাতে বছরের ৯০ থেকে ১২০ দিন গড় সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৫ ডিগ্রি সেলসিয়াসের উপর।

আবার বৈপরীত্যও আছে— বায়ুদূষণ বাড়ায় বাতাসে ভাসমান এরোসল সূর্যরশ্মি শুষে নিয়ে এমন পরিস্থিতি তৈরি করবে যে, দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ায় বর্ষার প্রাধান্য প্রতিষ্ঠিত হবে।

@bettersolution4u https://ebooks.bettersolution4u.in

বেকারত্বের মর্মান্তিক সমস্যা ভারতে এখন ক্রমশ প্রকট হচ্ছে। সিএমআইই-এর সাম্প্রতিক তথ্যে দেখা যায়, ২০ থেকে ২৪ বছর বয়সি স্নাতক তরুণ-তরুণীদের মধ্যে বেকারত্বের হার ৪২% ছুঁয়েছিল ২০১৭ সালে। তারপর থেকে এই সংখ্যা আরও বেড়েছে— ২০১৮ সালে ৫৫.১%, ২০১৯ সালে ৬৩.৪%। কিন্তু দুর্ভাগ্যবশত এই পরিস্থিতি বদলানোর কোনও নীতি সরকার নেয়নি।

কৌশিক বসু, *বিশ্বব্যাঙ্কের প্রাক্তন মুখ্য অর্থনীতিবিদ*
দেশে শিক্ষিত বেকারের সংখ্যাবৃদ্ধিতে উদ্বেগ জানিয়ে

আমেরিকা এবং ন্যাটো-র আগে থেকেই ব্যর্থতা স্বীকার করা উচিত ছিল। মার্কিন অভিযান, শুরুর দিন থেকেই ছিল একটা ব্যর্থ উদ্যোগ যদিও রাশিয়া প্রথম দিকে এটাকে সমর্থন জানিয়েছিল।

মিখাইল গর্বাচভ, *সোভিয়েত ইউনিয়নের প্রাক্তন প্রেসিডেন্ট*
আমেরিকার আফগান নীতি প্রসঙ্গে

পশ্চিমি শক্তিগুলি আফগানিস্তানকে যে অবস্থায় রেখে গেল, তাতে যে সন্ত্রাসবাদী ও অন্য গোষ্ঠীগুলি সেখানে আশ্রয় নিয়েছিল, তাতে প্রতিবেশী দেশগুলিতেও প্রভাব বিস্তার করবে, এটাই আশঙ্কা।

ভ্লাদিমির পুতিন, *রাশিয়ার প্রেসিডেন্ট*
আফগানিস্তানের সাম্প্রতিক পরিস্থিতি প্রসঙ্গে

আমরা যেভাবে এখান থেকে (আফগানিস্তান) এয়ারলিফট করে উদ্ধার কাজ চালাচ্ছি, সেটা অন্য কোনও দেশের পক্ষে সম্ভব নয়। আমার তো মনে হয়, এত কঠিন উদ্ধার কাজ বিশ্বের ইতিহাসে এই প্রথম।

জো বাইডেন, *মার্কিন প্রেসিডেন্ট*
আফগানিস্তান থেকে সেনা সরানো প্রসঙ্গে

শিশুদের সংক্রমণের (কোভিডে) সম্ভাবনা আছে ঠিকই। কিন্তু শিশুদের বেশিরভাগেরই সামান্য উপসর্গ থাকে, কম শতাংশ অসুস্থ হয়।

সৌম্যা স্বামীনাথন
মুখ্য বিজ্ঞানী, বিশ্ব স্বাস্থ্য সংস্থা
শিশুদের উপর কোভিডের প্রভাব নিয়ে

এই উপমহাদেশে ভারত অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি দেশ। তাই আমরা চাইব, আফগানিস্তানের সঙ্গে আগের মতোই সুসম্পর্ক বজায় রাখুক ভারত। পাকিস্তান রুট দিয়ে ভারতের সঙ্গে বাণিজ্যিক সম্পর্ক বজায় রাখাটাও আমাদের কাছে খুবই গুরুত্বপূর্ণ। কথা দিচ্ছি, ভারতের সঙ্গে বাণিজ্যিক স্বার্থে আমাদের এয়ার-করিডর সবসময় খোলা থাকবে।

মহম্মদ আব্বাস স্তানিকজাই, *তালিবানের অন্যতম শীর্ষনেতা*
দিল্লির সঙ্গে সুসম্পর্কের বার্তা দিয়ে

এই সরকার 'বন্ধু' নয়, এ সরকার কারও জন্য ব্যবসা বা কর্মসংস্থান বৃদ্ধির আশ্বাস দেয় না। উলটে যাঁদের চাকরি আছে, তাঁদের থেকেও তা ছিনিয়ে নিতে চায়। দেশবাসীর জন্য শুধু অপেক্ষা করে থাকে আত্মনির্ভরতার ভড়ং।

রাহুল গান্ধী, *কংগ্রেস নেতা ও সাংসদ*
দেশ জুড়ে বেকারত্বের বিবর্ণ ছবি নিয়ে নরেন্দ্র মোদী সরকারকে নিশানা করে

রাষ্ট্র যেটা বলছে, সেটাকেই সত্য বলে বিশ্বাস করবেন না। প্রশ্ন করুন। স্বেচ্ছাচারী সরকার ক্ষমতা কুক্ষিগত করার জন্য ক্রমাগত মিথ্যের উপর ভরসা করে, এটা প্রমাণিত। এমন মিডিয়া প্রয়োজন, যা রাজনৈতিক বা অর্থনৈতিক চাপের মুখে মাথা নোয়াবে না, নিরপেক্ষ তথ্য প্রকাশ করবে।

ডি ওয়াই চন্দ্রচূড়, *সুপ্রিম কোর্টের বিচারপতি*
সরকারকে প্রশ্ন করার নাগরিক কর্তব্য স্মরণ করিয়ে

কাবুলে আরও রক্তপাত, বিপর্যয় এড়াতেই আমাকে আফগানিস্তান থেকে চলে আসতে হয়েছে। আমার নিরাপত্তা আধিকারিকরা জানালেন, তালিব যোদ্ধারা আমাকে ফাঁসিতে ঝোলাতে চায়। সেই সময়ে কোনও ক্রমে বেরিয়ে এসেছি আমি প্রায় ফাঁকা হাতেই। যেভাবে আমাকে আফগানিস্তান ছাড়তে হয়েছে, তাতে চপ্পল খুলে বুট পরার সময়টুকুও পাইনি।

আশরফ গনি, *ক্ষমতাচ্যুত আফগান প্রেসিডেন্ট*
সংযুক্ত আরব আমিরশাহী থেকে ভিডিও মেসেজ পাঠিয়ে

হকির জাদুকর ধ্যানচাঁদের নামে খেলরত্ন পুরস্কারের নামকরণকে স্বাগত জানাচ্ছি। আমরা চাই, দেশের বিভিন্ন ক্রীড়া পুরস্কার এবং স্টেডিয়াম যেন ক্রীড়াবিদদের নামেই করা হয়। প্রথমেই নরেন্দ্র মোদী এবং অরুণ জেটলি স্টেডিয়ামের নাম বদল করা উচিত।

রণদীপ সুরজেওয়ালা, *কংগ্রেস নেতা*
ভারতের সর্বোচ্চ ক্রীড়া সম্মান রাজীব গান্ধী খেলরত্ন পুরস্কার থেকে প্রাক্তন প্রধানমন্ত্রীর নাম মুছে দেওয়া প্রসঙ্গে

 https://t.me/bettersolution4u www.bettersolution4u.blogspot.com Page 26/68

সেন্ট্রাল ভিস্তা কি সরকারের অগ্রাধিকার ?

কৌশিক বন্দ্যোপাধ্যায়

সম্প্রতি সংবাদপত্রে প্রকাশিত খবর অনুযায়ী, রীতিমতো আর্থিক সংকটে ভুগতে থাকা পাকিস্তানের সরকার প্রধানমন্ত্রীর বাসভবনটিকে বেসরকারি অনুষ্ঠান আয়োজনের জন্য ভাড়া দেবে বলে স্থির করেছে। বিষয়টা বেশ কৌতূহল জাগায়। করোনা অতিমারির জেরে বিশ্বের অনেক দেশই আর্থিক সংকটে পড়েছে। আমাদের দেশও তার ব্যতিক্রম নয়, একথা সাম্প্রতিক তথ্যই বলছে। ২০২০-র এপ্রিল থেকে জুনের মধ্যে দেশের জিডিপি ২৪.৪ শতাংশ সংকুচিত হয়। সেই ধাক্কা এখনও কাটিয়ে ওঠা যায়নি। ভারত এখনও কর্মীছাঁটাই, অবিশ্বাস্য মূল্যবৃদ্ধি, বাজারের চাহিদাহীনতার মতো দুর্বল অর্থনীতির নানা রোগে ভুগছে। দুর্ভাগ্যজনক ভাবে কেন্দ্রীয় সরকারের হাতে এ রোগের কোনও দাওয়াই এখনও পর্যন্ত নেই। শূন্য রাজকোষ ভরানোর জন্য এ দেশের সরকারও নীতিগত ভাবে সরকারি সম্পত্তি বেসরকারি প্রয়োজনে ব্যবহার করতে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।

এরই বিপরীতে, খুবই তাৎপর্যের বিষয়, রাজধানী দিল্লিতে জরুরি কাজের তকমা দিয়ে সেন্ট্রাল ভিস্তা প্রকল্পের কাজ চালিয়ে যাওয়া হচ্ছে। প্রধানমন্ত্রী ও উপরাষ্ট্রপতির নতুন বাড়ি ও কার্যালয় এবং নতুন সংসদ ভবন নিয়ে প্রশাসনিক এলাকা গড়ার প্রকল্পের নামই সেন্ট্রাল ভিস্তা। এই চূড়ান্ত প্রতিকূল আর্থিক পরিস্থিতিতে ভারতে এই উচ্চাকাঙ্ক্ষী প্রকল্পটি কতটা জরুরি ছিল বা আদৌ জরুরি কিনা সেই প্রশ্ন উঠছে।

ভারতের ইতিহাসে দেখা যায়, রাজপুরুষদের বিপুল জনপ্রিয়তা বা প্রভূত প্রতিপত্তি প্রকাশের স্বাভাবিক ধরনই ছিল বড় কোনও দুর্গ বা মন্দির বা সমতুল্য কোনও স্থাপত্যের নির্মাণ। রাজা চিরকাল রাজত্ব করেননি, রাজপরিবারও ইতিহাসের অন্ধকারে মিলিয়ে গেছে, সেসব আশ্চর্য নির্মাণ এখন উৎসাহী পর্যটকদের আমোদ জোগায়। খুব বেশি হলে ঐতিহাসিকদের নব নব আবিষ্কার আর জ্ঞানচর্চার বিষয় হয়ে ওঠে।

জনগণতান্ত্রিক দেশেও প্রায় কোনও সরকারকেই এই প্রবণতার বাইরে যেতে দেখা যায়নি। প্রত্যেকেই নিজেদের স্থাপন করা প্রতিষ্ঠানে বা স্থাপত্যে পরিবার, দল বা সরকারের কীর্তি ধরে রাখতে উদ্যোগী হয়েছেন। বর্তমান কেন্দ্রীয় সরকারের কাছে এ বিষয়টা এতটাই গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে যে খোদ প্রধানমন্ত্রীর জীবদ্দশাতেই তাঁর নামে ক্রিকেট স্টেডিয়ামের নামকরণ করা হয়েছে। আহমেদাবাদের ঐতিহ্যশালী মোতেরা স্টেডিয়ামের নাম বদলে রাখা হয়েছে নরেন্দ্র মোদী স্টেডিয়াম। বস্তুত যে-কোনও শাসকের কাছেই আত্মপ্রচারের জন্য এর চেয়েও

@bettersolution4u https://ebooks.bettersolution4u.in Page 27/68

উপযোগী কোনও বিকল্প হতে পারে না, কারণ মোতেরা পৃথিবীর সর্ববৃহৎ ক্রীড়াঙ্গন হিসেবে স্বীকৃত। ১ লক্ষ ৩২ হাজার দর্শকের বসার বন্দোবস্ত আছে সেই স্টেডিয়ামে। ভাবতে অবাক লাগে এই একই সরকার সম্প্রতি প্রাক্তন প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর নামাঙ্কিত ক্রীড়া পুরস্কারের নাম রাজীব খেলরত্ন থেকে পালটে হকির কিংবদন্তি ধ্যানচাঁদের নামে চিহ্নিত করে দিলেন।

বর্তমান কেন্দ্রীয় সরকারের সবচেয়ে উচ্চাকাঙ্ক্ষী প্রকল্পের নাম সেন্ট্রাল ভিস্তা। নতুন দিল্লির রাইসিনা হিলসে রাষ্ট্রপতি ভবন থেকে শুরু করে ইন্ডিয়া গেট পর্যন্ত, রাজপথ ধরে প্রায় ৩.২ কিলোমিটার দীর্ঘ এলাকা জুড়ে প্রধানমন্ত্রী ও উপরাষ্ট্রপতির বাসভবন, সংসদ ভবন এবং অন্যান্য প্রশাসনিক বাড়ি নির্মাণের বিপুল এই কর্মযজ্ঞে প্রায় ১৩ হাজার কোটি টাকা খরচ পড়বে বলে অনুমান করা হচ্ছে। এর মধ্যে গত ১০ ডিসেম্বর নতুন সংসদ ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়। নতুন সংসদ ভবন গড়তে ৮৬২ কোটি টাকা খরচ হবে আর সেন্ট্রাল ভিস্তা এভিনিউ— যা রাজপথ নামেই বেশি পরিচিত, নতুন করে গড়ে তুলতে লাগবে ৪৭৭ কোটি টাকা। আপাতত এই বিরাট প্রকল্পের এই দুই খণ্ডাংশের কাজ চলেছে। এরপর ২০২৪ সালের মধ্যে এই ৩.২ কিলোমিটার চত্বরে আর যেসব ভবন নতুন করে গড়ে উঠবে সেগুলি হল, কেন্দ্রীয় সচিবালয়, কেন্দ্রীয় কনফারেন্স সেন্টার, উপরাষ্ট্রপতির বাসভবন ও কার্যালয়, প্রধানমন্ত্রীর বাসভবন ও কার্যালয়, ইন্দিরা গান্ধী ন্যাশনাল সেন্টার ফর আর্টসের ভবন। এই পুরো কর্মকাণ্ডে লুটিয়েন দিল্লি থেকে মুছে যাওয়া ঐতিহাসিক বাড়ির সংখ্যাও কম নয়, এগুলির মধ্যে রয়েছে ন্যাশনাল আর্কাইভসের অ্যানেক্স ভবন, ইন্দিরা গান্ধী ন্যাশনাল সেন্টার ফর আর্টস, জওহরলাল নেহরু ভবন, কৃষি ভবন, ন্যাশনাল মিউজিয়াম, শাস্ত্রী ভবন, বিজ্ঞান ভবন ইত্যাদি। কাজ সম্পূর্ণ হলে নর্থ ব্লক এবং সাউথ ব্লকও পরিণত হবে মিউজিয়ামে।

সেন্ট্রাল ভিস্তা প্রকল্প কেন জরুরি এবং কেন জরুরি নয়, তা নিয়ে কথার চাপানউতর অনেক দিন ধরেই চলেছে। সরকারি তরফে নানা ভাবে বলার চেষ্টা হয়েছে যে, বর্তমানে সরকারি ভবনগুলির ভাড়া গুনতে সরকারের ১,০০০ কোটি টাকার মতো খরচ হয়ে যায়, এই প্রকল্প সম্পূর্ণ হলে নিজস্ব সরকারি ভবনের সংরক্ষণ বাবদ খরচই শুধু গুনতে হবে। পুরনো সংসদ ভবনকে বাতিল করার সিদ্ধান্তের পিছনেও ইংরেজ আমলে তৈরি ভবনের প্রাচীনতা এবং আধুনিক নিরাপত্তা ব্যবস্থা ও অন্যান্য সুযোগ-সুবিধার অভাবকে তুলে ধরা হচ্ছে। ৬৪,৫০০ বর্গ মিটার আয়তনের নতুন সংসদ ভবনে লোকসভায় ৮৮৮ জন সাংসদ এবং রাজ্যসভায় ৩৮৪ জন সাংসদের বসার ব্যবস্থা থাকবে। যদিও বর্তমানে দেশে লোকসভা আসন ৫৪৫ টি, রাজ্যসভার আসন ২৪৫টি। সংসদ ভবনে প্রত্যেক সাংসদের জন্য পৃথক ঘর থাকবে বলেও জানা যাচ্ছে। সরকারি তরফে আরও যুক্তি, দেশের শীর্ষনেতারা সহ আধিকারিক ও আমলাদের কাজের ক্ষেত্র একই জায়গার মধ্যে সীমায়িত হওয়ায় কাজেও দ্রুতি আসবে।

পালটা কোনও কোনও পক্ষে সরকারের বিরুদ্ধে পরিবেশ দূষণের অভিযোগ আনা হচ্ছিল। সরকার জানিয়েছে, দিল্লির একটি বড় গাছও কাটা পড়বে না। স্থানমাহাত্ম্য বা ঐতিহ্য অবলুপ্তির অভিযোগও গুরুত্ব পায়নি। অবশ্য ঐতিহ্য রক্ষায় বর্তমান সরকার যে খুব যত্নবান এমনও বলা যাবে না।

১৯১২ সালে ইংরেজ ঔপনিবেশিক শাসনের রাজধানীটিকে সাজিয়ে তোলার সময় গভর্নর জেনারেল লর্ড হার্ডিঞ্জ ঘোষণা করেছিলেন, ভারতে ইংরেজ সরকার চিরস্থায়ী, সেটাই যেন শহরের নতুন সজ্জার মধ্য দিয়ে ফুটে বেরোয়। এডউইন লুটিয়েনকে দায়িত্ব দেওয়া হয় দিল্লিকে সাজিয়ে তোলার জন্য, বর্তমান সংবাদমাধ্যমের একাংশ যাঁকে একসময় ভারতীয়দের 'কালো, নেটিভ, নিগার, গায়ে কটু গন্ধ' বলার জন্য ক্ষতবিক্ষত করছে ১০৯ বছর পর। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পর্যন্ত একসময় দিল্লির প্রতিবাদীদের লুটিয়েন দিল্লির বাসিন্দা বলে বক্রোক্তি করেছিলেন। ঘটনা হল, হার্ডিঞ্জ বা লুটিয়েন কালের গর্ভে বিলীন হয়ে গেছেন কবেই, ইংরেজরাও দেশ ছেড়েছে ৭৫ বছর আগে। শুধু তাদের রেখে যাওয়া স্মারককে ঝেড়ে ফেললেই তো ইতিহাসকে মুছে দেওয়া যায় না। বর্তমান বিশ্বে কূটনৈতিক ও বাণিজ্যিক নির্ভরতাকেও কি একই ভাবে অস্বীকার করা যায়? নাকি এককালে ঔপনিবেশিক শাসক ছিল যে-দেশ, বর্তমানে তার প্রতি কূটনৈতিক নরমপন্থাকে সন্দেহের চোখে দেখা সমীচীন?

প্রশ্ন ঔপনিবেশিক শাসক বা ইন্দিরা-আমলের একনায়কতান্ত্রিক শাসনযন্ত্রের ধাঁচে রাজধানীর শরীরে নতুন পোশাক চাপানো নিয়েই শুধু নয়। প্রশ্নটা চক্ষুলজ্জা বা আব্রুরও বটে। যে-সময় অক্সিজেন এবং হাসপাতালের বেডের অভাবে কোভিডে শতশত মানুষ অসহায়, এমনকী মারা যাচ্ছেন, অন্ত্যেষ্টিক্রিয়ার কাঠ অকুলান, আকাশ থেকে তোলা সারি সারি জ্বলন্ত চিতার ছবি দেশবিদেশের সংবাদপত্রে জায়গা করে নিয়েছে এবং সরকার কার্যত দিশাহীন ও ব্যর্থ, ঠিক সেসময় 'জরুরি ভিত্তিতে কাজ' আখ্যা দিয়ে সেন্ট্রাল ভিস্তা প্রকল্পের কাজ চালিয়ে যাওয়া সরকারের জনকল্যাণকারী ভাবমূর্তিতেই আঘাত করেছে। টিকাই যেখানে একমাত্র জীবনদায়ী সামগ্রী, সেখানে তারই অভাবে দুয়ারে-দুয়ারে হত্যে দিয়েছেন অসহায় মানুষ। বিনামূল্যে সব দেশবাসীকে টিকা দেওয়া যখন জরুরি ছিল, সেখানে তার উচ্চমূল্য বেঁধে দিয়েছে খোদ সরকার। কেন্দ্রীয় সরকারের তরফেই জানানো হয়েছে লকডাউনে মৃত পরিযায়ী শ্রমিকদের সংখ্যা সরকারি খাতায় নেই, অর্থাৎ এমন মর্মান্তিক ঘটনাও নেহাত তুচ্ছ বলেই সরকারি ভাবে খাতায়-কলমে প্রমাণ করা হয়েছে। যেমন দেশে দরিদ্রের সংখ্যা কত তারও কোনও হিসাব রাখা হয়নি।

একদিকে যখন এই সরকারি অবহেলা, অন্য দিকে ২০২৪-এ সব সম্পূর্ণ করার লক্ষ্য নিয়ে সেন্ট্রাল ভিস্তা প্রকল্পের কাজ কিন্তু আটকায়নি। আগামী বছর ৭৫তম স্বাধীনতা দিবসের প্রাক্কালে দেশের নতুন সংসদ ভবন হয়তো খুলে যাবে। ২০২৩-এ জি-২০ আন্তর্জাতিক বৈঠকে যোগ দিতে ভারতে এসে বিভিন্ন দেশের রাষ্ট্রনেতারা অপূর্ব কীর্তির সাক্ষী হবেন। ২০২৪-এ, নির্ধারিত সময়ে পুরো প্রকল্প সম্পূর্ণ হলে সে বছর লোকসভা নির্বাচনে এটিই হয়তো সরকারপক্ষের সাফল্যের বিজ্ঞাপন হয়ে উঠবে। দেশের এক চরম দুঃসময়ে সরকার যে অগ্রাধিকার ঠিক করতে না পেরে অমানবিকতার সেরা বিজ্ঞাপন তৈরি

https://t.me/bettersolution4u www.bettersolution4u.blogspot.com

অর্থনীতির হালচাল

বৈষম্য সৃষ্টিকারী ভারতীয় অর্থনীতির মডেল

দেবব্রত দত্ত

বর্তমান ভারতীয় অর্থনীতি সম্পর্কে কোনও আলোচনা করতে গেলে আজকের অর্থনীতিতে যে-মডেল চালু করা হয়েছে, সেই মডেলটিকে বোঝা দরকার। এই মডেলকে বুঝলে ভারতীয় অর্থনীতি সম্পর্কিত যে-সমস্ত পরিসংখ্যান এবং বিভিন্ন নীতি সংক্রান্ত ঘোষণা বিচ্ছিন্ন ভাবে পাওয়া যাচ্ছে, সেই সমস্ত তথ্যকে মিলিয়ে একটি সামগ্রিক সূত্র পাওয়া সম্ভব। প্রথমে আমরা ভারতীয় অর্থনীতি সম্পর্কিত সম্প্রতি প্রাপ্ত কিছু তথ্য পেশ করি।

আর্থিক বর্ষের প্রথম ত্রৈমাসিকের (এপ্রিল-জুন, ২০২১) জাতীয় উৎপাদন বৃদ্ধির হার সম্প্রতি প্রকাশিত হয়েছে। এই হার ২০.৩% , যা আপাত দৃষ্টিতে যথেষ্ট আশাব্যঞ্জক মনে হতে পারে। কিন্তু মনে রাখতে হবে যে, এই হার বার্ষিক ভিত্তিতে গণনা করা হয়, অর্থাৎ এই ২০.৩% হার এপ্রিল-জুন ২০২০-এর নিরিখে বৃদ্ধি। ২০২০-এর এপ্রিল-জুন ছিল লকডাউনের সময়কাল, যে সময় ভারতের উন্নয়ন হার ছিল ঋণাত্মক, -২৪%। অর্থাৎ ২০২০ সালের শুরুতে ভারতের জাতীয় উৎপাদন যদি ১০০ ধরা হয়, সেই উৎপাদন এপ্রিল-জুন, ২০২০-তে দাঁড়ায় ৭৬। এপ্রিল-জুন, ২০২১ সময়কালে ২০% বৃদ্ধির সূত্রে ভারতের জাতীয় উৎপাদন হয় ৯১, অর্থাৎ ২০১৯-২০ সালের তুলনায় ভারতের জাতীয় উৎপাদন এখনও ৯% কম। সুতরাং, প্রথম তথ্য, সব মিলিয়ে ভারতীয় অর্থনীতি এখনও উন্নয়নের পথে ফিরে আসতে পারেনি।

জাতীয় নমুনা সমীক্ষায় দেখা যাচ্ছে যে, ভারতের উপরের ১০% মানুষের সম্পদের মালিকানা ৫০%-এর বেশি, যেখানে নীচের ৭০% মানুষের সম্পদের মালিকানা ১০%-এরও কম। এই তথ্য একটু পুরনো। অক্সফ্যামের সাম্প্রতিক সমীক্ষায় ১০% মানুষের সম্পদের মালিকানা ৭৭%। সুতরাং, দ্বিতীয় তথ্য, পুরনো পরিসংখ্যানের সঙ্গে সাম্প্রতিক পরিসংখ্যানের তুলনায় দেখা যাচ্ছে যে ভারতে আয় এবং সম্পদ-বৈষম্য দ্রুত হারে বাড়ছে।

সম্প্রতি প্রাপ্ত আরেকটি পরিসংখ্যান কৃষি-অর্থনীতির দুর্ভাগ্যজনক পরিস্থিতির উপর আলোকপাত করেছে। বিভিন্ন রাজ্য থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে ভারতে কৃষকের দৈনিক আয় হিসাব করলে দেখা যাচ্ছে যে এই আয় ১০০ টাকারও কম। রাষ্ট্র থেকে কৃষক কিছু ভাতা পাচ্ছে, কিন্তু পেট্রোল, ডিজেল, সার, কৃষিযন্ত্র ইত্যাদির উপর কর এত বেড়েছে যে কৃষকের প্রাপ্তির থেকে ব্যয় বেশি। বিপুল সংখ্যক গ্রামীণ মানুষের আয় বাড়ছে না বলেই আয় এবং সম্পদ-বৈষম্য এত বেশি বৃদ্ধি পাচ্ছে। গত দু' বছরের অতিমারিকালে শিল্প এবং সেবাক্ষেত্রে বিপুল পরিমাণ কর্মসংস্থান কমে যাওয়ায় বহু মানুষ গ্রামীণ ক্ষেত্রে কাজের সন্ধানে ফিরে গেছে, যার ফলে গ্রামীণ ক্ষেত্রে গড় আয় আরও কমে গেছে। বর্তমানে ভারত এমন একটি সময়ের সম্মুখীন হয়েছে, যখন বেকারির হার গত পঞ্চাশ বছরের মধ্যে সর্বাপেক্ষা বেশি, মোট কর্মক্ষম মানুষের ১০%-এর কাছাকাছি। সুতরাং তৃতীয় তথ্য এই যে, ভারতীয় অর্থনীতিতে কাজের সৃষ্টি হচ্ছে না, বেকারি বাড়ছে, অকৃষি থেকে কৃষিক্ষেত্রে শ্রমিক পলায়নের এক বিপরীতমুখী প্রবণতা শুরু হয়েছে।

সবশেষে, সম্প্রতি সরকার সরকারি সম্পত্তি ভাড়া দিয়ে অর্থসংগ্রহের একটি যোজনা ঘোষণা করেছে। ইংরেজ আমল থেকে ইউ পি এ সরকারের সময় পর্যন্ত যে বিপুল পরিমাণ সরকারি অর্থাৎ জনগণের সম্পদ রেল, বন্দর, বিমানবন্দর ইত্যাদি ক্ষেত্রে নির্মিত হয়েছিল, সরকার সেটি লিজের মাধ্যমে বেসরকারি হাতে তুলে দিয়ে চায়, যৎসামান্য অর্থের বিনিময়ে। সরকার এও ঘোষণা করেছে যে, কর্পোরেটের অনাদায়ী ঋণ ব্যাঙ্ক থেকে অন্য প্রতিষ্ঠানে

> অসৎ দোস্তির ধনতন্ত্রের (ক্রোনি ক্যাপিটালিজম) মডেলের মূল কথাই হল, সরকারের সম্পদ এবং জনগণের কর দিয়ে কর্পোরেটের অসৎ পোষণ। ২০১৯ সালে দেড় লক্ষ কোটি টাকার উপর ছাড় কর্পোরেট ক্ষেত্রকে দেওয়া হল, যে-ঘাটতি পূরণ করতে পেট্রোল-ডিজেলের উপর করের বোঝা অসহনীয় স্তরে বাড়িয়ে দেওয়া হল, যার বোঝা পড়ল গরিব ডেলিভারি বয়, কৃষক, বেসরকারি ক্ষেত্রে দিনে ১৪ ঘণ্টা খাটা স্বল্প বেতনের কর্মচারী এবং মূল্যবৃদ্ধির জাঁতাকলে পিষ্ট সাধারণ মানুষের উপর।

@bettersolution4u

@bettersolution4u https://ebooks.bettersolution4u.in

হস্তান্তরিত করা হবে, যাতে আপাত দৃষ্টিতে ব্যাঙ্কের ব্যালান্স শিট ভালো দেখায়। এই সবের মাধ্যমেও সাধারণ মানুষের সম্পদ কমছে, ধনী কর্পোরেটের সম্পদ লাফিয়ে লাফিয়ে বাড়ছে।

*

ভারতীয় অর্থনীতি সম্পর্কে এই সব তথ্য যে-মডেলের ধারণা দিচ্ছে তা হল উন্নয়নের জন্য কর্পোরেট ক্ষেত্রের উপর অপার বিশ্বাস, যার সমর্থন ভারতীয় অর্থনীতিতে ২০০৭ সালের পর থেকে আর দেখা যাচ্ছে না। সরকারি ক্ষেত্রের বিরুদ্ধে অদক্ষতার অভিযোগ তোলা হয়, বলা হয় এগুলি সরকারের আর্থিক লোকসান ঘটায়। কিন্তু যখন টাটা মোটরস, এয়ারটেল, রিলায়েন্স কমিউনিকেশন, পেটিএম, ফ্লিপকার্ট, ইন্টার গ্লোব, ইয়েস ব্যাঙ্ক-এর মতো বড় বড় কর্পোরেট প্রতিষ্ঠান লোকসান করে, তখন অদক্ষতার প্রশ্ন ওঠে না। ভারতের ব্যাঙ্কগুলির বিপুল পরিমাণ অনাদায়ী ঋণের কারণ ভিডিওকন, জে পি, ভূষণ স্টিল, রিলায়েন্স কমিউনিকেশনের মতো বড় বড় ব্যক্তিগত কর্পোরেট সংস্থার বিপুল ঋণ। কনকোরের মতো লাভজনক সরকারি প্রতিষ্ঠানকে বেসরকারি হাতে তুলে দেওয়ার পরিকল্পনা চলছে, যে-লেনদেনে সরকারের অর্থাৎ জনগণের বিপুল লোকসান হবে। কিন্তু অসৎ দোস্তির ধনতন্ত্রের (ক্রোনি ক্যাপিটালিজম) মডেলের মূল কথাই হল, সরকারের সম্পদ এবং জনগণের কর দিয়ে কর্পোরেটের অসৎ পোষণ। ২০১৯ সালে দেড় লক্ষ কোটি টাকার উপর ছাড় কর্পোরেট ক্ষেত্রকে দেওয়া হল, যে-ঘাটতি পূরণ করতে পেট্রোল-ডিজেলের উপর করের বোঝা অসহনীয় স্তরে বাড়িয়ে দেওয়া হল, যার বোঝা পড়ল গরিব ডেলিভারি বয়, কৃষক, বেসরকারি ক্ষেত্রে দিনে ১৪ ঘণ্টা খাটা স্বল্প বেতনের কর্মচারী এবং মূল্যবৃদ্ধির জাঁতাকলে পিষ্ট সাধারণ মানুষের উপর। এখন আত্মনির্ভরতার নামে উৎপাদন উৎসাহ ভাতা চালু করা হয়েছে এবং গত বাজেটে কেন্দ্রীয় অর্থমন্ত্রী প্রায় ২ লক্ষ কোটি টাকা এই বাবদ কর্পোরেট ক্ষেত্রকে দেওয়ার কথা ঘোষণা করেছেন। এই আর্থিক বোঝা কিন্তু সাধারণ মানুষকেই বহন করতে হবে।

অর্থাৎ, যে-মডেল ভারতে আজ চালু করা হয়েছে, তার মূল কথা হল সাধারণ মানুষের উপর করের বোঝা বাড়িয়ে কর্পোরেট উদ্যোক্তাদের বিভিন্ন সুবিধা এবং পারিতোষিক বিতরণ করা। সাধারণ ভাবে এই সুবিধাগুলি হল কর্পোরেটের উপর করভার কমানো, সস্তায় প্রয়োজনাতিরিক্ত জমি, খনিজ সম্পদ, কম সুদে প্রয়োজনাতিরিক্ত ব্যাঙ্ক ঋণ এবং সরাসরি কর্পোরেট ক্ষেত্রকে ভর্তুকি। এই সব খাতে এখন বছরে প্রায় পাঁচ লক্ষ কোটি টাকা সরকারের কাছ থেকে কর্পোরেট ক্ষেত্রে পৌঁছে যাচ্ছে। এই সব অসঙ্গত সুবিধা পাওয়ার জন্য অসৎ উদ্যোক্তাদের শিল্প-প্রতিষ্ঠানগুলি রাজনৈতিক দলগুলিকে চাঁদা দিচ্ছে এবং স্বভাবতই ক্ষমতাসীন দল বেশি চাঁদা পাচ্ছে। অশুভ আঁতাতকে আড়াল করার জন্য অনেক ক্ষেত্রেই এই চাঁদাকে গোপন রাখা হচ্ছে।

এই কর্পোরেট নির্ভর আর্থিক উন্নয়নের মডেলে উন্নয়ন হার বাড়া মুশকিল, কারণ কর্পোরেটের লাভ উৎপাদন বাড়িয়ে আসছে না, আসছে সরকারের সঙ্গে অসৎ দোস্তির মাধ্যমে। উন্নয়ন না হলে কর্মসংস্থান বাড়বে না, বেকারি বাড়বে। কর্পোরেটকে তোষণ করতে গিয়ে সরকারের অর্থসংকট বাড়বে এবং করের পরিমাণ বাড়তেই থাকবে। করের হার বাড়লে চাহিদা কমবে, চাহিদা কমলে উন্নয়ন হার কমবে। অর্থের অভাবে সরকার কর্মী-সংকোচন করবে, সরকারি চাকরি দুর্লভ হয়ে পড়বে। কর্মীর অভাবে সরকারি কর্মদক্ষতা কমবে, সরকার বেশ কিছু কাজ বেসরকারি লোকজনদের দিয়ে করাতে চাইবে। সরকারি এই ব্যয়ের বড় অংশই ঢুকবে এই সব কাজের উদ্যোক্তাদের পকেটে, কর্মীদের নামমাত্র বেতনে কাজ করতে হবে।

> এই কর্পোরেট নির্ভর আর্থিক উন্নয়নের মডেলে উন্নয়ন হার বাড়া মুশকিল, কারণ কর্পোরেটের লাভ উৎপাদন বাড়িয়ে আসছে না, আসছে সরকারের সঙ্গে অসৎ দোস্তির মাধ্যমে। উন্নয়ন না হলে কর্মসংস্থান বাড়বে না, বেকারি বাড়বে। কর্পোরেটকে তোষণ করতে গিয়ে সরকারের অর্থসংকট বাড়বে এবং করের পরিমাণ বাড়তেই থাকবে। করের হার বাড়লে চাহিদা কমবে, চাহিদা কমলে উন্নয়ন হার কমবে। অর্থের অভাবে সরকার কর্মী-সংকোচন করবে, সরকারি চাকরি দুর্লভ হয়ে পড়বে।

এই মডেলের উপরিউল্লিখিত বৈশিষ্ট্যগুলি জনগণের মধ্যে রাজনৈতিক অসন্তোষ সৃষ্টি করতে পারে, তাই বিভিন্ন ধরনের ভর্তুকি ও ভাতা, যা পরিমাণ হিসাবে নগণ্য, চালু করা হবে। সাধারণ মানুষের জন্য এই সব ভর্তুকি ও ভাতার মাথাপিছু পরিমাণ কর্পোরেটের ভর্তুকির তুলনায় নামমাত্র। তাই এতে বাড়তি চাহিদা সৃষ্টি হবে না। সুতরাং, কেন্দ্রীয় ব্যাংক ক্রমাগত টাকা ছাপিয়ে যাবে, যাতে চাহিদা ঠিক থাকে। এই টাকাও কিন্তু পৌঁছবে কর্পোরেটের হাতে, যার ফলে আয় এবং ধন-বৈষম্য আরও বাড়বে। চাহিদাকে বজায় রাখার জন্য মধ্য ও স্বল্প আয়ের লোকজনকে ঋণ নিতে উৎসাহিত করা হবে, যা হয়তো শেষ পর্যন্ত অনেকের পক্ষে শোধ করা সম্ভব হবে না। বেসরকারি শিক্ষা ও স্বাস্থ্যক্ষেত্র মধ্যবিত্ত মানুষকে নিঃস্ব করবে। সম্পদ মধ্যবিত্ত মানুষের পকেট থেকে কর্পোরেটের হাতে পৌঁছে যাবে।

এই নিরাশাজনক পরিস্থিতি থেকে মুক্তির উপায় সহজ নয়। অর্থনীতির নিরিখে বিষয়টি রাজনৈতিক অর্থনীতির অন্তর্গত। রাজনীতি, অর্থনীতি মিলিয়েই এই ব্যবস্থা নিয়ন্ত্রিত হচ্ছে, পরিবর্তন ঘটলেও এই পথেই হবে।

লেখক গাজিয়াবাদের আই এম টি-র প্রফেসর

https://t.me/bettersolution4u www.bettersolution4u.blogspot.com Page 30/68

বাংলা ব্যাকরণ

প্রতিযোগিতামূলক পরীক্ষায়, বিশেষত স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষায় প্রয়োজনীয় ব্যাকরণাংশ নিয়ে আলোচনা করছেন যাদবপুর বিদ্যাপীঠের প্রাক্তন শিক্ষক **শিশিরকুমার আচার্য।**

শব্দগঠনে ধাতুর ব্যবহার

▶√ঈর্-এর অর্থ: যাওয়া, কাঁপা, নিক্ষেপ করা: ধাতুর রূপ: ঈর্তে, ঈরাতে, ঈরতে/ঈরয়তি, ঈরয়ত:, ঈরয়ন্তি ইত্যাদি।

● প্রেরণ + আ (স্ত্রী) = প্রেরণা + ময়ট্ (ময়) = প্রেরণাময় [সঞ্চালনার যোগ্য]

প্রেরীতব্য + তা = প্রেরীতব্যতা } সঞ্চালনের যোগ্যতা
প্রেরণীয় + তা = প্রেরণীয়তা }

পরীরিত + ত্ব = পরীরিতত্ব (চতুর্দিকে সঞ্চালন যোগ্যতা)
সমীর + ষ্ণ = সামীর (সঞ্চালনবিষয়ক)
সমীর + ষ্ণ্য = সামীর্য (সঞ্চালনের ভাব) ইত্যাদি।

● সমীরণ + প্রবাহ = সমীরণপ্রবাহ
সমীর + প্রবাহ = সমীরপ্রবাহ
বীরণ + ক্ষম = বীরণক্ষম (বিশেষ সঞ্চালনে পারদর্শী)
বীরণ + নির্দেশ = বীরণনির্দেশ
বীরণ + আদেশ = বীরণাদেশ (বিশেষ সঞ্চালনের আদেশ)
বীরণ + বিধি = বীরণবিধি (বিশেষ সঞ্চালনের নিয়ম)
বীরণ + শক্তি = বীরণশক্তি (বিশেষ সঞ্চালনের শক্তি)
বীরণ + বীর্য = বীরণবীর্য (বিশেষ সঞ্চালনের শক্তি)
বীর + যুক্ত = বীরযুক্ত (কম্পনশালী)
বীর + মুক্ত = বীরমুক্ত (কম্পনমুক্ত)

বিশেষ দ্রষ্টব্য: এভাবে অনেক অচলিত কিন্তু ব্যাকরণসম্মত শব্দ গঠন করা যায়। আর সেই শব্দ প্রয়োগে বাংলা শব্দভাণ্ডার অচিন্তনীয় পূর্ণতা লাভ করতে পারে।

▶√ঈর্ষ্য = এর অর্থ 'ঈর্ষ্যা করা/হিংসা করা।' ধাতুরূপ হল: ঈর্ষ্যতি, ঈর্ষ্যত:, ঈর্ষ্যন্তি/ঈর্ষ্যয়তি, ঈর্ষ্যয়ত:, ঈর্ষ্যয়ন্তি ইত্যাদি।

● √ঈর্ষ্য + অচ্ + আ (স্ত্রী) = ঈর্ষ্যা (বিকল্পে ঈর্ষা-য্-এর লোপে)-এর অর্থ 'হিংসা'।
√ঈর্ষ্য + ক্ত (ত) = ঈর্ষিত/ঈর্ষ্যিত (হিংসিত)
√ঈর্ষ্য + অনট্ = ঈর্ষ্যণ/ঈর্ষণ (হিংসা)

√ঈর্ষ্য + তব্য = ঈর্ষ্যিতব্য/ঈর্ষিতব্য }
√ঈর্ষ্য + অনীয় = ঈর্ষ্যণীয়/ঈর্ষণীয় } হিংসার যোগ্য/যাকে হিংসা করা
√ঈর্ষ্য + ণ্যৎ = ঐর্ষ্য } যায় বা হিংসা করা
√ঈর্ষ্য + যৎ = ঈর্ষ্য } উচিত

√ঈর্ষ্য + ঘঞ্ = ঐর্ষ্য (হিংসা)
√ঈর্ষ্য +ইন্ (ণিনি) >ঈর্ষ্যিন্ > ঈর্ষ্যী (ঈর্ষাকাতর/পরশ্রীকাতর)।
√ঈর্ষ্য + আলুচ্ (আলু) = ঈর্ষ্যালু (ঈর্ষাপরবশ)। ইত্যাদি

● নিঃ-√ঈর্ষ্য + অচ্ + আ (স্ত্রী) = নিরীর্ষ্যা (ঈর্ষ্যাহীনতা)।
নি-√ঈর্ষ্য + অচ্ + আ (স্ত্রী) = নীর্ষ্যা (চরম ঈর্ষ্যা)।
অপ-√ঈর্ষ্য + অচ্ + আ (স্ত্রী) = অপের্ষ্যা (নিকৃষ্ট ঈর্ষ্যা)।
বি-√ঈর্ষ্য +অচ্ + আ (স্ত্রী) = বীর্ষ্যা (বিশেষ ঈর্ষ্যা)।
সম্-√ঈর্ষ্য +অচ্ +আ (স্ত্রী) = সমীর্ষ্যা (সম্যক্/পরিপূর্ণ ঈর্ষ্যা)।
অতি-√ঈর্ষ্য + অচ্ + আ (স্ত্রী) = অতীর্ষ্যা (অত্যন্ত ঈর্ষ্যা)।
উদ্-√ঈর্ষ্য + অচ্ + আ (স্ত্রী) = উদীর্ষ্যা (উদগ্র ঈর্ষ্যা)।
সু-√ঈর্ষ্য +অচ্ + আ (স্ত্রী) = স্বীর্ষ্যা (অতিশয় ঈর্ষ্যা)। ইত্যাদি

বিশেষ দ্রষ্টব্য: এখানে 'অচ্' প্রত্যয়ের সাহায্যে বিভিন্ন উপসর্গযোগে তৈরি করা হল অনেকগুলি শব্দ। এভাবে অন্যান্য প্রত্যয়ান্ত 'ঈর্ষ্য' ধাতুনিষ্পন্ন নানা শব্দ বিভিন্ন উপসর্গযোগে তৈরি করা সম্ভব।

● ঈর্ষ্যা + ময়ট্ = ঈর্ষ্যাময়।
ঈর্ষ্যা + ময়ট্ + ঈ (স্ত্রী) = ঈর্ষ্যাময়ী (ঈর্ষ্যায় পরিপূর্ণ)।
ঈর্ষ্যা + বতুপ্ = ঈর্ষ্যাবান্ (ঈর্ষ্যাযুক্ত)।
ঈর্ষা + ইলচ্ = ঈর্ষিল (ঈর্ষ্যাকাতর)।
ঈর্ষ্যালু + তা = ঈর্ষ্যালুতা।
ঈর্ষ্যালু + ত্ব = ঈর্ষ্যালুত্ব (ঈর্ষ্যাময় ভাব)।
ঈর্ষ্যা + ষ্ণায়ন = ঈর্ষ্যায়ণ (ঈর্ষ্যার প্রভাবে পড়া)।
ঐর্ষ্য + ষ্ণায়ন = ঐর্ষ্যায়ণ (হিংসাকাতরতা)।
বীর্ষ্যা + বতুপ্ = বীর্ষ্যাবান্।
বীর্ষ্যা + আলুচ = বীর্ষ্যালু। (বিশেষ ঈর্ষ্যায় পূর্ণ)।
উদীর্ষ্যা + ময়ট্ = উদীর্ষ্যাময়।
উদীর্ষ্যা + ময়ট্ + ঈ (স্ত্রী) = উদীর্ষ্যাময়ী।
ঈর্ষ্যাবান্ + তা = ঈর্ষ্যাবত্তা (ঈর্ষ্যাবৎ + তা)।
ঈর্ষিল + তা = ঈর্ষিলতা।
ঈর্ষ্যা + ষ্ণিক = ঐর্ষিক (ঈর্ষ্যাসম্বন্ধীয়)।
উদীর্ষ্য + ষ্ণিক = ঔদীর্ষিক (নিকৃষ্ট ঈর্ষ্যায় পূর্ণ)।
স্বীর্ষ্য + ষ্ণিক = স্বৈর্ষ্যিক (অতিশয় ঈর্ষ্যায় পরিপূর্ণ)।

বিশেষ দ্রষ্টব্য: এখানে দুটি ব্যাপার লক্ষ্য করতে হবে। প্রথমতঃ যেহেতু, 'ঈর্ষ্য' ধাতুটি ঈর্ষ্ অর্থাৎ য্-ফলা হীনও হ'তে পারে সেজন্য প্রতিটি শব্দের বানানে দুটি ক'রে রূপ থাকবে। যথা: ঈর্ষ্যাময়/ঈর্ষাময়; ঈর্ষ্যালুতা/ঈর্ষালুতা; বীর্ষ্যালু/বীর্ষালু ইত্যাদি।

দ্বিতীয়তঃ এখানে যতগুলি শব্দ গঠন করে দেখানো হয়েছে, তার চেয়ে আরও অনেক শব্দ গঠন করা সম্ভব। আবার অন্য প্রত্যয়ের ব্যবহার ক'রেও নতুন নতুন শব্দ গঠন করা যাবে।

● ঈর্ষ্যা পরায়ণ যার = ঈর্ষ্যাপরায়ণ।
বীর্ষ্যাকে বর্জন = বীর্ষ্যাবর্জন।
স্বীর্ষ্যাকে অবলম্বন = স্বীর্ষ্যাবলম্বন।
ঈর্ষ্যালুর ভাব = ঈর্ষ্যালুভাব।
ঐর্ষ্যের ভাব = ঐর্ষ্যভাব।
ঐর্ষী যে মনোভাব = ঐর্ষীমনোভাব।
অপের্ষ্যায় প্রবণ = অপের্ষ্যাপ্রবণ।
বীর্ষ্যা থেকে জাত = বীর্ষ্যাজাত।
ধনে ঈর্ষ্যা = ধনের্ষ্যা।
ঐশ্বর্যে নিরীর্ষ্যা = ঐশ্বর্যনিরীর্ষ্যা ইত্যাদি।

ইংরিজি শিক্ষার আসর

* জেনারেল ইংলিশ

অধিকাংশ প্রতিযোগিতামূলক পরীক্ষায় সাধারণ ইংরেজি থেকে প্রশ্ন আসে। চাকরির পরীক্ষায় যে-ধরনের ইংরেজির প্রশ্ন আসে, এখানে তেমনই কিছু নমুনা প্রশ্ন সাজিয়ে দেওয়া হল। নিয়মিত চর্চা করলে ক্রমশ ইংরেজিতে দক্ষ হয়ে উঠবেন। প্রস্তুত করেছেন **কমলেশ কুমার**।

Choose the correct alternatives:

1. The place for invalids to enjoy good climate:
(a) Restaurant (b) Sanatorium (c) Study (d) Hive
2. The place for grapes to be grown:
(a) Granary (b) Cemetery (c) Vineyard (d) Mint
3. The place for ammunition and weapons:
(a) Arena (b) Aerodrome (c) Den (d) Arsenal
4. The place for pigs:
(a) Stadium (b) Lair (c) Sty (d) Kennel
5. The sound of lambs:
(a) Chatter (b) Squeak (c) Bleat (d) Bellow
6. The sound of flies:
(a) Buzz (b) Blow (c) Clank (d) Yell
7. The sound of doors:
(a) Croak (b) Bang (c) Ripples (d) Jingle
8. The sound of camels:
(a) Grunt (b) Yelp (c) Clank (d) Lisp

Choose the collective nouns:

9. A ___ of eggs.
(a) pod (b) clutch (c) rag (d) charm
10. A____ of crows.
(a) float (b) kine (c) murder (d) school
11. A___ of sheep.
(a) flock (b) sheaf (c) leash (d) gang
12. A___ of pigs.
(a) herd (b) haul (c) stud (d) litter
13. A ____ of wolves.
(a) brew (b) fleet (c) host (d) pack

Choose the correctly spelt word:

14. (a) Bankruptcy (b) Bankrpucy (c) Bankrupty (d) Bankraptcy
15. (a) Liutenant (b) Lieutenant (c) Leftnant (d) Leftnunte
175. She hid the letter ___ a pile of papers.
(a) with (b) among (c) over (d) beneath

176. There is not much understanding ____ my parents and grandparents.
(a) among (b) between (c) with (d) to

177. There is no magic formula ____ success.
(a) for (b) to (c) with (d) at

178. My contract has been extended ___ another year.
(a) in (b) over (c) to (d) for

179. We are leaving for London ____ Sunday.
(a) on (b) at (c) in (d) from

180. He suddenly jumped ____ a bus.
(a) by (b) on (c) to (d) of

Direction (181 to 190): *Fill in the blanks with suitable phrasal verbs.*

181. The hearing has been ____ till tomorrow.
(a) put up (b) put off (c) put down (d) put on

182. Hearing a loud noise, we ____ for the scene of occurrence.
(a) make off (b) made over (c) made straight (d) make up

183. We should never ____ appearances.
(a) go in for (b) go down (c) go up (d) go by

184. Please ____ the matter carefully.
(a) look out (b) look after (c) look into (d) look at

185. He ____ at 10 am.
(a) passed through (b) passed off (c) passed away (d) passed by

186. I can't ____ what he means.
(a) make over (b) make up (c) make out (d) make for

187. He ____ a very learned man.
(a) passes off (b) passes for (c) passess by (d) passes after

188. Can you ____ with a better idea?
(a) come up (b) come by (c) come upon (d) come at

189. I'd love to ____ my own business.
(a) set up (b) set on (c) set out (d) set for

190. Would anybody like to ____ this new client?
(a) take back (b) take for (c) take up (d) take on

Direction (191 to 195): *Find out the suitable indirect speech for the given direct speech and vice versa.*

191. He said, 'Have you heard the news?'
(a) He told if I had heard the news (b) He said that I had heard the news (c) He asked if I had heard the news (d) He asked if I have heard the news

192. Arnab said 'I shall go to home tomorrow.'
(a) Arnab said that he should go to home tomorrow (b) Arnab said that he would go to home tomorrow (c) Arnab said that he would go to home the next day (d) Arnab said that he shall have gone to home the next day

193. Payal said to him, 'Please come here.'
(a) Payal told him to go there (b) Payal requested him to come there (c) Payal requested him to go there (d) Payal requested him to go here

194. He said, 'What a charming face!'
(a) He said, that the face was really charming (b) He exclaimed is wonder that the face was very charming (c) He exclaimed that it was a charming face (d) He said in happiness that it was a charming face

195. The teacher said, 'Always speak the truth.'
(a) The teacher advised to speak the truth always (b) The teacher said that always speak the truth (c) The teacher told to speak the truth always (d) The teacher said that you always speak the truth

Direction (196 to 200): *Read the given passage and answer the following questions.*

There are three main groups of oils; animal, vegetable and mineral. Great quantities of animal oil come from whales, creatures of Arctic sea, which are the largest of the animals remaining animals in the world. To protect the whales from the cold of the Artic seas, nature has provided them with a thick covering of fat called blubber. When the whale is killed, the blubber is stripped off and boiled down. It produces a great quantity of oil which can be made into food for human consumption. A few other creatures yield oil, but none so much as the whale. The livers of the cod and halibut, two kinds of fish, yield nourishing oil. Both cod liver oil and halibut oil are given to sick children and other invalids who need vitamins. Vegetable oil has been known from very old times. No household can get on without it, for it is used in cooking. Perfumes may be made from the oils of certain flowers. Soaps are made from eatable and animal products and the oils of certain flowers.

196. Vegatable oil is mainly used for:

https://t.me/bettersolution4u www.bettersolution4u.blogspot.com

(a) frying (b) eating (c) cooking (d) all of these

197. The ___ of fish yields nourishing oil.

(a) head (b) liver (c) stomach (d) eyes

198. The thick protective covering of fat on a whale is called a:

(a) fin (b) skin (c) cell (d) blubber

199. The main source of animal oil is:

(a) plants (b) fish (c) whale (d) sea weeds

200. _____ are made from vegetable animal produce and the oils of certain flowers.

(a) Soaps (b) Perfumes (c) Cosmetics (d) Cooking medium

Answer

1(a), 2(d), 3(a), 4(a), 5(d), 6(c), 7(d), 8(c), 9(a), 10(a), 11(b), 12(c), 13(b), 14(c), 15(a), 16(a), 17(d), 18(c), 19(c), 20(b), 21(c), 22(a), 23(b), 24(c), 25(a), 26(a), 27(b), 28(c), 29(b), 30(d), 31(a), 32(c), 33(c), 34(c), 35(a), 36(b), 37(c), 38(a), 39(b), 40(d), 41(a), 42(a), 43(a), 44(a), 45(c), 46(d), 47(a), 48(b), 49(b), 50(d), 51(a), 52(c), 53(b), 54(b), 55(b), 56(a), 57(c), 58(a), 59(d), 60(b), 61(c), 62(a), 63(c), 64(b), 65(d), 66(a), 67(b), 68(b), 69(a), 70(a), 71(d), 72(d), 73(a), 74(c), 75(c), 76(c), 77(c), 78(d), 79(d), 80(c), 81(b), 82(a), 83(c), 84(b), 85(d), 86(d), 87(d), 88(c), 89(b), 90(b), 91(b), 92(d), 93(c), 94(a), 95(d), 96(c), 97(c), 98(b), 99(c), 100(d), 101(b), 102(a), 103(c), 104(a), 105(c), 106(b), 107(d), 108(a), 109(d), 110(c), 111(a), 112(a), 113(a), 114(c), 115(c), 116(b), 117(c), 118(c), 119(a), 120(b), 121(c), 122(c), 123(a), 124(a), 125(b), 126(a), 127(a), 128(d), 129(c), 130(b), 131(a), 132(b), 133(c), 134(c), 135(d), 136(b), 137(c), 138(a), 139(d), 140(a), 141(b), 142(a), 143(d), 144(b), 145(d), 146(b), 147(c), 148(b), 149(a), 150(d), 151(c), 152(a), 153(b), 154(d), 155(a), 156(b), 157(c), 158(d), 159(b), 160(a), 161(c), 162(d), 163(b), 164(d), 165(c), 166(c), 167(c), 168(a), 169(d), 170(c), 171(b), 172(c), 173(a), 174(c), 175(d), 176(b), 177(a), 178(d), 179(a), 180(b), 181(b), 182(c), 183(d), 184(c), 185(c), 186(c), 187(b), 188(a), 189(a), 190(d), 191(c), 192(c), 193(c), 194(b), 195(a), 196(c), 197(b), 198(d), 199(c), 200(a).

Solutions

2(d): A S T
↓+1 ↓–1 ↓+1
B R U

Similarly, N Q V
↓+1 ↓–1 ↓+1
O P W

3(a): $(4)^2 + 1 = 17$

$\therefore (7)^2 + 1 = 50$.

4(a): $Y^2 \rightarrow (2)^2$

Similarly, $V^2 \rightarrow (5)^2 = 25$.

8(c): $T \xrightarrow{-1} S$; $X \xrightarrow{-1} W$; $M \xrightarrow{-1} L$

But, $F \xrightarrow{+1} G$.

9(a): Except option (a), all others are divisible by 4.

13(b): $10 \xrightarrow{+6} 16 \xrightarrow{+5} 21 \xrightarrow{+4} 25 \xrightarrow{+3} 28$

14(c): $31 \xrightarrow{\times 2+1} 63 \xrightarrow{\times 2-2} 124 \xrightarrow{\times 2+3} 251 \xrightarrow{\times 2-4} 498$

15(a):

16(a): W Y B
↓+1 ↓–4 ↓+2
X U D
↓+1 ↓–4 ↓+2
Y Q F
↓+1 ↓–4 ↓+2
Z M H

18(c): $(25)^2 \rightarrow 625$; $(13)^2 = 169$; $(11)^2 = 121$

19(c): $9 + 8 + 5 + 4 = 26$; $7 + 6 + 4 + 5 = \square$

$\therefore 8 + 6 + 3 + 5 = 22$

20(b): $9^2 + 6^2 = 81 + 36 = 117$

$\therefore 7^2 + 3^2 = 49 + 9 = 58$

$8^2 + 2^2 = 64 + 4 = 68$.

21(c): c _a_ bba _c_ /cab _b_ ac/ _c_ ab _b_ ac.

22(a): aab _b_ cc _d_ d/aa _a_ bbb _c_ ccddd.

23(b):

$\therefore$ M is to the east of K.

24(c):

$\therefore$ He is now in north-West direction.

(27 to 31): R, P, Q, S, U, V, T (arranged in a circle)

37(c): R O A R
↓+3 ↓+3 ↓+3 ↓+3
U R D U

Similarly, U R D U
↓+3 ↓+3 ↓+3 ↓+3
X U G X

39(b): Reversing the word we get SEQUENCE → ECNEUQES

Now +1 to each letter we get FDOFVRFT

Similarly, CHILDREN in reverse order → NERDLIHC

Now +1 to each letter = OFSEMJID.

40(d): R O S E → # 4 3 $; F I R S T → 5 ★ # 3 7

$\therefore$ S T O R E → 3 7 4 # $

41(a): AIPR → PAIR.

45(c): Total no. of boys = 15 + 5 + 10 = 30.

প্রস্তুত করেছেন: এম্পা কাঁড়ার

সংবাদ শিরোনামে

(১-৩১ অগস্ট ২০২১)

*

শীর্ষ ব্যক্তিত্ব

নরেন্দ্র মোদী: ৯ অগস্ট রাষ্ট্রপুঞ্জের নিরাপত্তা পরিষদে উচ্চ পর্যায়ের বিতর্ক সভায় সভাপতিত্ব করলেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এই প্রথম কোনও ভারতীয় প্রধানমন্ত্রীকে এই ভূমিকায় দেখা গেল। যদিও বৈঠক ছিল ভার্চুয়াল। বৈঠকে সমুদ্র জলসীমায় নিরাপত্তা বিষয়ে আলোচনা হয়। আলোচনায় অংশ নিয়েছেন একাধিক দেশের রাষ্ট্রনেতা এবং নিরাপত্তা পরিষদের সদস্য রাষ্ট্রের প্রতিনিধিরা। নরেন্দ্র মোদী জলপথে অপরাধ এবং নিরাপত্তাহীনতা কীভাবে কমানো যায় সে ব্যাপারে ভারতের মতামত তুলে ধরেছেন। এ দিনের আলোচনাসভায় এ ব্যাপারে আন্তর্জাতিক সহযোগিতা বাড়ানোর কথাও বলা হয়েছে।

মিন আং লেইয়াং: ২ অগস্ট মায়ানমারের সেনাপ্রধান, জেনারেল মিন আং লেইয়াং নিজেকে প্রধানমন্ত্রী হিসেবে ঘোষণা করে মায়ানমারের 'কেয়ারটেকার সরকার'-এর প্রধান হিসেবে দায়িত্ব গ্রহণ করলেন। ফেব্রুয়ারির শুরুতে গণতান্ত্রিকভাবে নির্বাচিত নেত্রী সু কি-কে সরিয়ে ক্ষমতা দখল করেছিল মায়ানমারের সেনা। জেনারেল লেইয়াং এদিন জানিয়ে দিলেন, ২০২৩-এর অগস্টে মায়ানমারে ফের গণতান্ত্রিকভাবে ভোটের আয়োজন করা হবে।

আশরফ গনি, আজমল আহমেদি ও আমরুল্লাহ সালে: ১৫ অগস্ট কার্যত বিনাযুদ্ধে তালিবান কাবুল দখল করার পর দেশছাড়া হলেন আফগান প্রেসিডেন্ট আশরফ গনি। তালিবানের সঙ্গে পৌনে একঘণ্টার 'সমঝোতা' বৈঠক সেরে প্রেসিডেন্ট পদ থেকে ইস্তফা দিয়ে দেশছাড়া হয়েছেন তিনি। আফগান কেন্দ্রীয় ব্যাঙ্কের কার্যনির্বাহী গভর্নর আজমল আহমেদিও দেশ ছেড়ে পালিয়েছেন। প্রেসিডেন্ট গনিকে কাতার আশ্রয় দিলেও আহমেদি কোথায় গিয়েছেন জানা যায়নি। অপরদিকে আশরফ গনি সরকারের ভাইস প্রেসিডেন্ট আমরুল্লাহ সালে কোনও অজ্ঞাত স্থান থেকে নিজেকে দেশের কেয়ারটেকার প্রেসিডেন্ট হিসেবে ঘোষণা করেছেন। এক টুইটে তিনি বলেন, প্রেসিডেন্টের অনুপস্থিতিতে আইনগত ভাবে তিনিই দেশের প্রেসিডেন্ট। তালিবানের সঙ্গে কোনও অবস্থাতেই তিনি সমঝোতায় যাবেন না।

জো বাইডেন: ভবিষ্যতে আফগানিস্তানের পরিস্থিতি যতই খারাপ হোক সেদেশ থেকে সেনা সরানো নিয়ে আগের অবস্থানই বজায় রাখলেন মার্কিন প্রেসিডেন্ট বাইডেন। প্রাক্তন প্রেসিডেন্ট ট্রাম্প থেকে শুরু করে আন্তর্জাতিক বড় অংশ তালিবান আগ্রাসনের জন্য বাইডেনকেই কাঠগড়ায় তুলেছেন। তবু অনড়ই আছেন বাইডেন। টালমাটাল পরিস্থিতির মধ্যেও ২১ অগস্ট বাইডেন বলেছেন, 'আমরা যে ভাবে ওখান থেকে এয়ারলিফট করে উদ্ধারকাজ চালাচ্ছি, সেটা অন্য কোনও দেশের পক্ষে সম্ভব নয়। আমার তো মনে হয়, এত কঠিন উদ্ধারকাজ বিশ্বের ইতিহাসে এই প্রথম।' হোয়াইট হাউসে এক সাংবাদিক বৈঠকে তিনি দাবি করেন, 'তালিবানের সঙ্গে চুক্তি মোতাবেক, মার্কিন পাসপোর্টধারী কাউকেই জঙ্গিরা আটকাতে পারবে না।' তবে মার্কিন নাগরিকরা সেদেশে ১০০ শতাংশ সুরক্ষিত সেই দাবি অবশ্য করেননি তিনি।

জোয়া আগরওয়াল: ১২ অগস্ট রাষ্ট্রপুঞ্জের নারী সংগঠন, ইউএন উইমেনের মঞ্চে ভারতের প্রতিনিধিত্ব করলেন এয়ার ইন্ডিয়ার পাইলট জোয়া আগরওয়াল। তিনি বলেন, 'দেশের পতাকা নিয়ে দেশের প্রতিনিধিত্ব করতে পেরে আমি গর্বিত।' আন্তর্জাতিক যুব দিবস এবং লিঙ্গ বৈষম্য-বিরোধী মঞ্চ জেনারেশন ইকুয়ালিটি ফোরামে ভারতের হয়ে যোগ দিয়েছেন জোয়া। বিখ্যাত পরিবেশকর্মী গ্রেটা থুনবার্গের সঙ্গে এক সারিতে দাঁড়াতে পেরে তিনি খুবই সম্মানিত বোধ করছেন বলে জানিয়েছেন জোয়া।

 https://t.me/bettersolution4u www.bettersolution4u.blogspot.com

রামনাথ কোবিন্দ: ১৪ অগস্ট স্বাধীনতা দিবসের প্রাক্কালে জাতির উদ্দেশে দেওয়া ভাষণে সংসদের গুরুত্বের কথা মনে করালেন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ। সংসদের বাদল অধিবেশনে পেগ্যাসাস, মূল্যবৃদ্ধি-সহ একাধিক ইস্যুতে একাধিক বাক-বিতণ্ডার সাক্ষী থেকেছে সংসদ। সংসদের কাজ চালাতে দেওয়া হয়নি বলে বিরোধীদের দায়ী করেছে সরকার। আবার বিরোধীদের দাবি, সরকার তাদের কণ্ঠরোধ করতে চেয়েছে বলেই এই অশান্তি। রাষ্ট্রপতি এদিন বলেন, 'অনেকেই ভেবেছিলেন ভারতে গণতন্ত্র টিকবে না। তাঁরা জানতেন না, ভারতের মাটিতে গণতন্ত্রের শিকড় প্রাচীন যুগ থেকে রয়েছে। আমরা সংসদীয় গণতন্ত্রকে গ্রহণ করেছিলাম। সংসদ গণতন্ত্রের মন্দিরের মতোই, যা মানুষের উন্নয়ন-সংক্রান্ত বিষয়ে আলোচনা, বিতর্ক ও সিদ্ধান্ত নেওয়ার মঞ্চ খুলে দেয়।'

নরেন্দ্র মোদী: ১৫ অগস্ট স্বাধীনতার ৭৫ বছর পূর্তিতে লালকেল্লা থেকে দেওয়া ভাষণে নারী ক্ষমতায়নের মধ্য দিয়ে 'নয়া ভারত' গড়ার ডাক দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। জানালেন, এবার থেকে দেশের সৈনিক স্কুলের দরজাও খুলে যাচ্ছে মেয়েদের জন্য। প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী এর পর থেকে দেশের সব ক'টি সৈনিক স্কুলে মেয়েদেরও ভর্তি করা হবে। পাশাপাশি এদিন প্রধানমন্ত্রী ১০০ লক্ষ কোটি টাকার 'গতিশক্তি' প্রকল্পের ঘোষণা করেছেন। তাঁর মতে, এই প্রকল্প শিল্প পরিকাঠামো উন্নয়নের পাশাপাশি কর্মসংস্থানও করবে। স্থানীয় উদ্যোগপতিরা আন্তর্জাতিক স্তরে প্রতিযোগিতার সুযোগ পাবেন। যদিও বিরোধী কংগ্রেসের দাবি পরিকাঠামো উন্নয়ন ক্ষেত্রে মোদী এই প্রকল্পের কথা ২০১৯ সাল থেকেই বলছেন, যদিও তা এখনও বাস্তবায়নের মুখ দেখেনি।

মার্সেল জেকবস: উসেইন বোল্ট পরবর্তী যুগে বিশ্বের দ্রুততম আখ্যা পেলেন ইতালির মার্সেল জেকবস। ১ অগস্ট অলিম্পিক্সে ছেলেদের ১০০ মিটার দৌড় প্রতিযোগিতায় ৯.৮০ সেকেন্ডে দৌড় শেষ করে সোনা জিতলেন তিনি। জেকবস-এর এই দৌড় গত অলিম্পিক্সে বোল্টের থেকেও দ্রুত। ৯.৮৪ সেকেন্ড সময় নিয়ে রুপো জিতলেন আমেরিকার ফ্রেড কার্লি, ৯.৮৯ সেকেন্ড সময় নিয়ে ব্রোঞ্জ জিতেছেন কানাডার আন্দ্রে দে গ্রাসে।

নীরজ চোপড়া: ৭ অগস্ট টোকিয়ো অলিম্পিক্সে ছেলেদের জ্যাভলিন থ্রোতে ভারতকে সোনা এনে দিলেন হরিয়ানার নীরজ চোপড়া। অলিম্পিক্সে ভারতীয় অ্যাথলিটরা ট্র্যাক অ্যান্ড ফিল্ডে কোনও দিনই পদক ছুঁতে পারেননি। এদিন ৮৭.৫৮ মিটার দূরত্বে জ্যাভেলিন ছুড়ে সেই অধরা পদকই এনে দিলেন নীরজ। ১৩ বছর পর ভারত অলিম্পিক্সে আবার সোনা পেল। ২০০৮ সালে বেজিংয়ে অভিনব বিন্দ্রা শুটিংয়ে দেশকে সোনা এনে দিয়েছিলেন। জ্যাভলিন থ্রোয়ের এই ইভেন্টে দ্বিতীয় জাকুব ভেদলেজিচ (৮৬.৬৭ মিটার) এবং তৃতীয় ভিতজেস্লেভ ভেসেলি (৮৫.৪৪ মিটার) দু'জনেই চেক প্রজাতন্ত্রের।

রবি কুমার দাহিয়া: ৫ অগস্ট টোকিয়ো অলিম্পিক্সে কুস্তিতে রুপো জিতলেন ভারতের রবি কুমার দাহিয়া। ফাইনালে ৫৭ কেজি বিভাগে রাশিয়ার জাভুর উগুয়েভের কাছে ৪-৭ ব্যবধানে হেরে দ্বিতীয় স্থান পেলেন তিনি। রবি সাফল্য পেলেও ভারতের বাকি কুস্তিগিররা সেভাবে সফল হননি। যাঁকে নিয়ে বিরাট আশা ছিল, সেই বিনেশ ফোগত প্রথম রাউন্ডে আশা জাগিয়েও বেলারুশের ভানিশা কালাদজিন্সকায়ার কাছে হেরে গেলেন।

পি ভি সিন্ধু: ১ অগস্ট টোকিয়ো অলিম্পিক্সে ব্যাডমিন্টনে ব্রোঞ্জ জিতলেন পি ভি সিন্ধু। তিনি ভারতের দ্বিতীয় ক্রীড়াবিদ ও প্রথম মেয়ে, যিনি পরপর দুটো অলিম্পিক্সে দেশকে পদক এনে দিলেন। ২০১৬ সালে রিও-য় রুপোর পরে টোকিয়োয় ব্রোঞ্জ। পদক জিততে সিন্ধু হারালেন চিনের মেয়ে হে বিং জায়োকে ২১-১৩, ২১-১৫ ব্যবধানে। করোনা পরবর্তী যুগে এই জয় নিঃসন্দেহে ভারতীয় খেলাধুলোর ইতিহাসে একটা বড় সাফল্য। তাছাড়া ২০১২ সালে সাইনা নেহওয়ালের পরে ২০১৬ এবং বর্তমান অলিম্পিক্স মিলিয়ে পরপর তিনটে অলিম্পিক্সে মেয়েদের সিঙ্গলসে পদক অবশ্যই অভাবনীয় কৃতিত্বের।

পি আর শ্রীজেশ: ৫ অগস্ট ৪১ বছর পর অলিম্পিক্সে হকিতে পদক পেল ভারত। তৃতীয় স্থান নির্ধারণকারী ম্যাচে জার্মানিকে ৫-৪ গোলে হারিয়ে ব্রোঞ্জ পেল ভারতীয় হকি দল। ১৯৮০ সালে মস্কো অলিম্পিক্সে শেষবার সোনা জিতেছিল ভারত। অলিম্পিক্সের ইতিহাসে এই নিয়ে মোট ১২ বার হকিতে পদক পেয়েছে ভারত। এর মধ্যে ৮ বার সোনা, ১ বার রুপো, ৩ বার ব্রোঞ্জ এনেছে ভারতীয় হকি দল। এদিনের ম্যাচের ৫৯ মিনিটে জার্মানির উইন্ডফেডেরের পেনাল্টি কর্নার বাঁচিয়ে রাতারাতি নায়ক হয়ে গেলেন ভারতের গোলরক্ষক পি আর শ্রীজেশ। গোলরক্ষণে তাঁর অসাধারণ কৃতিত্বের জন্যই পদক এল ভারতের।

@bettersolution4u https://ebooks.bettersolution4u.in

বজরং পুনিয়া: ৭ অগস্ট টোকিয়ো থেকে ব্রোঞ্জ নিয়ে ফিরলেন ভারতের আর এক কুস্তিগীর বজরং পুনিয়া। অলিম্পিক্সের শেষ দিনে দেশকে গর্বিত করলেন পালোয়ান বজরং। কাজাখস্তানের দাউলেত নিয়াজবেকভকে ৮-০ উড়িয়ে দিয়ে তৃতীয় স্থান দখল করলেন তিনি। এদিন বজরং পুনিয়ার ব্রোঞ্জ ও নীরজ চোপড়ার সোনা জয়ে ভারত অলিম্পিক্সে সবথেকে ভালো ফল করল। এর আগে লন্ডন অলিম্পিক্সে ভারত ৬টি পদক পেলেও সেখানে কোনও সোনা ছিল না। এবার সেখানে ১ সোনা, ২ রুপো ও ৪ ব্রোঞ্জে মোট ৭ পদক দখল করল ভারত।

লিওনেল মেসি: ১০ অগস্ট একটানা একুশ বছরের বার্সেলোনা পর্ব শেষ করে প্যারিস সাঁ জার প্রস্তাবে রাজি হলেন লিওনেল মেসি। পিএসজি-র সঙ্গে দু'বছরের চুক্তিতে রাজি হলেন তিনি। এদিনই প্যারিসে সপরিবারে পৌঁছে যান মেসি। তিনি প্যারিস পৌঁছতেই বিমানবন্দরে পিএসজি-র সমর্থকদের ঢল নামে। খবরে প্রকাশ, প্রতিবছর আয়কর কেটে নেওয়ার পর মেসি হাতে পাবেন প্রায় সাড়ে তিন কোটি ইউরো। তৃতীয় বছরের জন্য চুক্তি নবীকরণের সুযোগও থাকবে তাঁর কাছে।

জেমস অ্যান্ডারসন: ৬ অগস্ট অনিল কুম্বলেকে টপকে টেস্ট ক্রিকেটে উইকেট শিকারের সংখ্যায় তৃতীয় স্থানে উঠে এলেন জেমস অ্যান্ডারসন। নটিংহ্যামের ট্রেন্ট ব্রিজে ভারতের বিরুদ্ধে প্রথম টেস্টের প্রথম ইনিংসেই মাইল ফলক ছুঁয়ে ফেললেন তিনি। প্রথম ইনিংসে ৪ উইকেট নিয়ে অ্যান্ডারসনের উইকেট সংখ্যা হল ৬২১। তাঁর আগে দুই বিশ্ববিখ্যাত স্পিনার মুথাইয়া মুরলীধরণ (৮০০) ও শেন ওয়ার্ন (৭০৮)। অ্যান্ডারসনের পরে চতুর্থ স্থানে চলে গেলেন অনিল কুম্বলে। যাঁর উইকেট শিকারের সংখ্যা ৬১৯।

ভাবিনাবেন প্যাটেল ও নিষাদ কুমার: ২৯ অগস্ট জাতীয় ক্রীড়া দিবসে প্যারালিম্পিক্সে জোড়া রুপো জয় করে দেশকে সম্মানিত করলেন ভাবিনাবেন প্যাটেল ও নিষাদ কুমার। টেবল টেনিসে রুপো জিতেছেন ভাবিনাবেন। নিষাদ কুমার রুপো জয় করেছেন হাইজাম্পে। এর আগে রিও প্যারালিম্পিক্সে ভারত চারটি পদক পেয়েছিল।

অবনী লেখারা ও সুমিত আন্টিল: ৩০ অগস্ট টোকিয়ো প্যারালিম্পিক্সে প্রথম ভারতীয় কন্যা হিসেবে সোনা জিতলেন শুটার অবনী লেখারা। ১০ মিটার এয়ার রাইফেলে ২৪৯.৬ স্কোর করে সোনা জেতেন তিনি। অন্যদিকে জ্যাভলিন থ্রোয়ে সোনা জিতেছেন সুমিত। মাত্র ২৩ দিন আগেই মূল অলিম্পিক্সে জ্যাভলিনে সোনা জেতা নীরজ চোপড়া সুমিতের জয়ে উচ্ছ্বসিত প্রশংসা করেছেন।

নরেন্দ্র মোদী ও রণদীপ সুরজেওয়ালা: ভারতের সর্বোচ্চ ক্রীড়া সম্মান রাজীব গান্ধী খেলরত্ন পুরস্কার থেকে প্রাক্তন প্রধানমন্ত্রীর নাম মুছে দিয়ে তাকে হকির কিংবদন্তি ধ্যানচাঁদের নামে মেজর ধ্যানচাঁদ খেলরত্ন পুরস্কার করলেন নরেন্দ্র মোদী। ৬ অগস্ট প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী টুইট করে লেখেন, 'দেশের নানা প্রান্ত থেকে বহু নাগরিক আমাকে অনুরোধ করেছেন, খেলরত্ন পুরস্কার মেজর ধ্যানচাঁদের নামে করা হোক।' তারপরেই পুরস্কারের নাম বদলের ঘোষণা করেন। ১৯৯১-৯২সালে রাজীব গান্ধীর মৃত্যুর পর শুরু হয় এই পুরস্কার দেওয়া।
মোদীর ঘোষণার পর দেশ জুড়ে প্রতিবাদের ঝড় উঠেছে। অনেকের মতে, অলিম্পিক্সে হকিতে পদক-জয়ের আবেগে ভর করে সুচারু ভাবে খেলরত্ন পুরস্কার থেকে রাজীব গান্ধীর নাম মুছে দেওয়া হল। কংগ্রেস নেতা রণদীপ সুরজেওয়ালা বলেন, 'হকির জাদুকর ধ্যানচাঁদের নামে খেলরত্ন পুরস্কারের নামকরণকে স্বাগত জানাচ্ছি। আমরা চাই, দেশের বিভিন্ন ক্রীড়া পুরস্কার এবং স্টেডিয়াম যেন ক্রীড়াবিদদের নামেই করা হয়। প্রথমেই নরেন্দ্র মোদী এবং অরুণ জেটলি স্টেডিয়ামের নাম বদল করা উচিত।'

নিত্যানন্দ রাই: ১০ অগস্ট লোকসভায় এক লিখিত প্রশ্নের জবাবে স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিত্যানন্দ রাই জানালেন দেশজুড়ে এনআরসি চালুর এখনই সম্ভাবনা নেই। নাগরিকপঞ্জি বিজেপির বহুদিনের ঘোষিত কর্মসূচি

 https://t.me/bettersolution4u www.bettersolution4u.blogspot.com Page 60/68

হলেও এ নিয়ে যে তারা বিশেষ অগ্রসর হয়নি তা এদিনের ঘোষণায় আরও পরিষ্কার হয়েছে। বিজেপি সরকার ইতিমধ্যেই সংশোধিত নাগরিকত্ব আইন পাশ করিয়ে দিয়েছে। যা এনআরসি-র আগের ধাপ হিসেবেই মনে করছেন অনেকে। কিন্তু তার বিধি তৈরি না হওয়ায় সেটিও এখনও প্রয়োগ করা সম্ভব নয়।

ডি ওয়াই চন্দ্রচূড়: ভুয়ো খবর বা মিথ্যে তথ্য থেকে গণতন্ত্রকে বাঁচাতে ক্ষমতায় থাকা সরকারকে প্রশ্নের মুখে ফেলা খুব জরুরি বলে মন্তব্য করলেন শীর্ষ আদালতের বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়। ২৮ অগস্ট একটি ওয়েবইনারে বিচারপতি চন্দ্রচূড়ের এই মন্তব্যকে বেশ তাৎপর্যপূর্ণ বলে মনে করছেন বিশেষজ্ঞরা। কারণ কোভিড পরিস্থিতি থেকে মূল্যবৃদ্ধি, কৃষক বিক্ষোভ— নানা বিষয়ে বিরোধীদের প্রশ্নের মুখে পড়তে হয়েছে কেন্দ্রীয় সরকারকে। বিচারপতির এ দিনের মন্তব্যে সরকারের নাম না করলেও তাঁর লক্ষ্য যে কেন্দ্রই সেদিকেই ইঙ্গিত করেছেন বিশেষজ্ঞরা।

সীতারাম ইয়েচুরি: ৯ অগস্ট জাতীয় স্তরে বিজেপিকে রুখতে তৃণমূলের সঙ্গে সিপিএম যৌথ আন্দোলনে থাকবে বলে জানালেন শীর্ষ স্তরের সিপিএম নেতা সীতারাম ইয়েচুরি। এদিন নয়াদিল্লিতে দলের এই অবস্থানের কথা স্পষ্ট করলেন তিনি। তবে তিনি এও জানিয়েছেন যে পশ্চিমবঙ্গে বিজেপির বিরুদ্ধে তৃণমূলের সঙ্গে যাওয়ার কোনও সম্ভাবনা নেই। ত্রিপুরার ক্ষেত্রে রণকৌশল কী হবে, তা সেই রাজ্যের সিপিএম নেতৃত্বই ঠিক করবেন বলে জানান তিনি। বাংলায় সিপিএমের এই অবস্থানকে 'আত্মঘাতী' রাজনীতি হিসেবেই মন্তব্য করেছে তৃণমূল।

অজয় ভাট: ইজরায়েলি সংস্থার কাছ থেকে পেগ্যাসাস স্পাইওয়্যার কেনা নিয়ে বিরোধীদের তোলা প্রশ্নের জবাবে রাজ্যসভায় এই সংক্রান্ত প্রশ্নের উত্তরে প্রতিমন্ত্রী অজয় ভাট লিখিত ভাবেই জানালেন, পেগ্যাসাস নির্মাতা এনএসও-র সঙ্গে প্রতিরক্ষা মন্ত্রকের কোনও লেনদেনই হয়নি। যদিও এতে বিতর্কের নিরসন হয়নি কারণ বিরোধীরা দাবি তুলেছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহকেই আড়ি পাতার জবাব দিতে হবে।

সুস্মিতা দেব: ১৬ অগস্ট অসমের প্রয়াত কংগ্রেস নেতা সন্তোষমোহন দেবের কন্যা সে রাজ্যের কংগ্রেস নেত্রী তথা প্রাক্তন সাংসদ সুস্মিতা দেব এবার কংগ্রেস ছেড়ে তৃণমূলে যোগ দিলেন। কলকাতায় তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের উপস্থিতিতে তৃণমূলে যোগ দেন শিলচরের ওই প্রাক্তন সাংসদ। মহিলা কংগ্রেসের প্রাক্তন সভানেত্রী সুস্মিতা তৃণমূলে যোগ দেওয়ার পর এদিন দলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গেও দীর্ঘ বৈঠক করেন।

শশী থারুর: দীর্ঘ আইনি লড়াইয়ের পর স্ত্রী সুনন্দা পুষ্কর মৃত্যু মামলা থেকে নিষ্কৃতি পেলেন কংগ্রেস সাংসদ শশী থারুর। ১৮ অগস্ট দিল্লির এক আদালত তাঁকে 'বেকসুর' বলে জানিয়েছে। ২০১৪ সালে দিল্লির এক হোটেলে শশীর স্ত্রী সুনন্দা পুষ্করের মৃতদেহ উদ্ধার হয়। শশী থারুরের বিরুদ্ধে আত্মহত্যায় প্ররোচনা দেওয়া ও বধূ নির্যাতনের অভিযোগ আনে দিল্লি পুলিশ। একাধিকবার দীর্ঘ পুলিশি জেরার মুখেও পড়তে হয় তাঁকে। কিন্তু শেষপর্যন্ত তাঁর বিরুদ্ধে কোনও জোরালো প্রমাণ পেশ করতে পারেনি পুলিশ।

নিয়োগ / নির্বাচিত পদত্যাগ / বরখাস্ত

জহর সরকার: ৪ অগস্ট প্রসার ভারতীর প্রাক্তন অধিকর্তা জহর সরকার রাজ্যসভায় তৃণমূলের সদস্য হিসেবে শপথ নিলেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর কট্টর সমালোচক হিসেবে জহরবাবুর কেন্দ্র-বিরোধী প্রকাশ্য অবস্থান বিবেচনা করেই তাঁকে রাজ্যসভায় নিয়ে এল তৃণমূল। শপথ গ্রহণের পর জহরবাবু বলেন, গত কয়েক বছরে ভুল ভাবে সরকার চালনার জন্য কেন্দ্রের বহু নীতি খাদে পড়েছে। তার মধ্যে রয়েছে তড়িঘড়ি জিএসটি চালু করা এবং নোট বাতিলের সিদ্ধান্ত।

বিনোদকুমার যাদব, দেবল রায়: ১২ অগস্ট পশ্চিমবঙ্গের প্রধান মুখ্য বনপাল (বন্যপ্রাণ) পদে থাকা ১৯৮৮ ব্যাচের ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিসের অফিসার বিনোদকুমার যাদবকে প্রধান মুখ্য বনপাল (রিসার্চ, মনিটরিং অ্যান্ড ডেভেলপমেন্ট) পদে বদলি করা হল। বিনোদকুমারের পদে নিযুক্ত হয়েছেন ১৯৯১ ব্যাচের দেবল রায়।

ধৃতি বন্দ্যোপাধ্যায়: ৫ অগস্ট জুলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ার (জেডএসআই)

@bettersolution4u https://ebooks.bettersolution4u.in Page 61/68

নতুন অধিকর্তা হলেন ধৃতি বন্দ্যোপাধ্যায়। সংস্থার ১০৫ বছরের ইতিহাসে এই প্রথম কোনও মহিলা অধিকর্তা হলেন। ১৯৪৯ সালে মীরা মানসুখানি প্রথম মহিলা বিজ্ঞানী হিসেবে যোগ দিয়েছিলেন ভারত সরকারের জীববৈচিত্র গবেষণা সংস্থায়। ৭২ বছর পর ২০২১-এ এসে প্রতিষ্ঠান পেল প্রথম মহিলা অধিকর্তা। ট্যাক্সোনমি ও জুলজিক্যাল জিয়োগ্রাফির গবেষক ধৃতি দায়িত্ব নেওয়ার পর জানিয়েছেন, জেডএসআইয়ের সংগ্রহে থাকা ৪০ লক্ষেরও বেশি স্পেসিমেন কী ভাবে গোটা দেশের পাশাপাশি সারা পৃথিবীর গবেষকরা এক ক্লিকেই চোখের সামনে যাবতীয় তথ্য-সহ পেয়ে যেতে পারেন, আপাতত সেটাই বাস্তবে পরিণত করা তাঁর লক্ষ্য।

রোহিনটন এফ নরিম্যান: সুপ্রিম কোর্টের বিশিষ্ট বিচারপতি রোহিনটন এফ নরিম্যান ১২ অগস্ট অবসর নিলেন। কর্মজীবনের শেষ দিনে প্রথা মেনে প্রধান বিচারপতির বেঞ্চে বসেছিলেন বিচারপতি নরিম্যান। তাঁর বিদায় অনুষ্ঠানে প্রধান বিচারপতি এন ভি রমণা বলেন, 'বিচারপতি নরিম্যান তাঁর জ্ঞান ও স্বচ্ছতার জন্য পরিচিত। তিনি সব সময়েই যা ঠিক তার পক্ষে দাঁড়িয়েছেন।' বিশিষ্ট আইনজীবী ফলি নরিম্যানের ছেলে রোহিনটন বিচারপতি পদে নিযুক্ত হওয়ার আগে সলিসিটর জেনারেলের দায়িত্ব সামলেছেন।

মেলিন্ডা পাভেক: ১৩ অগস্ট কলকাতায় মার্কিন কনস্যুলেটের নয়া কনসাল জেনারেল হলেন মেলিন্ডা পাভেক। প্যাটি হফম্যানের স্থলাভিষিক্ত হলেন পাভেক। এক সংক্ষিপ্ত বিবৃতিতে তিনি বলেন, 'পূর্ব ও উত্তর-পূর্বের রাজ্যগুলিতে আমেরিকার প্রতিনিধিত্ব করতে পেরে আমি সম্মানিত। আমি কনস্যুলার ডিস্ট্রিক্টের মানুষের সঙ্গে মিশতে চাই এবং এই অঞ্চলে দু'দেশের সম্পর্ককে আরও এগিয়ে নিয়ে যেতে চাই।'

বীরেন্দ্র: ১৯ অগস্ট পশ্চিমবঙ্গ পুলিশের ডিজি বীরেন্দ্রকে পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ডের চেয়ারম্যান হিসেবে অতিরিক্ত দায়িত্ব দেওয়া হল। এই পদে এতদিন দায়িত্বে ছিলেন ১৯৮৫ ব্যাচের আইপিএস কে হরিরাজন। ৩১ জুলাই তাঁর মেয়াদ শেষ হয়েছে। ১৯৮৫ ব্যাচের আইপিএস বীরেন্দ্রর অবসরের দিন ৩১ অগস্ট। তবে অবসরের পরও তিনি চেয়ারম্যানের দায়িত্ব পালন করতে পারবেন।

লা গনেশন: ২২ অগস্ট তামিলনাড়ুর প্রবীণ বিজেপি নেতা ৭৬ বছর বয়সি লা গনেশন মণিপুরের রাজ্যপালের দায়িত্ব পেলেন। রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দের দপ্তর সূত্রে এই খবর দেওয়া হয়েছে। অগস্টের শুরুতে মণিপুরের রাজ্যপাল নাজমা হেপতুল্লার অবসর গ্রহণের পর থেকে সিকিমের রাজ্যপাল গঙ্গাপ্রসাদ অস্থায়ীভাবে মণিপুরের রাজ্যপালের দায়িত্ব পালন করছিলেন। অবশেষে লা গনেশন এই পদে এলেন। একসময় আরএসএসের প্রচারক লা গনেশন পরবর্তীকালে রাজ্যসভার সদস্যও হয়েছিলেন।

মহুয়া দাস ও চিরঞ্জীব ভট্টাচার্য: ১৩ অগস্ট উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের সভাপতি মহুয়া দাসকে অপসারিত করে তাঁর স্থলাভিষিক্ত করা হল যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সহ উপাচার্য চিরঞ্জীব ভট্টাচার্যকে। তাঁকে সংসদ সভাপতি হিসেবে চার বছরের অতিরিক্ত দায়িত্ব দিয়েছে শিক্ষা দপ্তর। ২০১৩ সালের ১২ অগস্ট মহুয়া সংসদ সভাপতির দায়িত্ব নেন। এ বছর উচ্চ মাধ্যমিকের বিকল্প মূল্যায়ন পদ্ধতিতে ২০ হাজার পড়ুয়া অকৃতকার্য হয়। অভিভাবকরা এবং বিভিন্ন মহল থেকে প্রশ্ন ওঠে পরীক্ষাই যেখানে হল না, সেখানে ফেল কীসের? শেষপর্যন্ত নবান্নকে হস্তক্ষেপ করতে হয় এবং পরিস্থিতি বুঝে সব পরীক্ষার্থীকে পাশ করানোর সিদ্ধান্ত নেয় সংসদ। এরপরই তাঁকে সংসদ সভাপতির পদ থেকে অব্যাহতি দেওয়া তাৎপর্যপূর্ণ বলেই মনে করছে শিক্ষামহল।

পু র স্কা র / স ম্মা ন

লোকমান্য তিলক সম্মান ২০২১

পুনের সিরাম ইনস্টিটিউট অব ইন্ডিয়ার চেয়ারম্যান ডঃ সাইরাস পুনাওয়ালা এ বছরের লোকমান্য তিলক ন্যাশনাল অ্যাওয়ার্ড ২০২১-এর জন্য নির্বাচিত হলেন। কোভিড অতিমারি রুখতে ভারতে কোভিশিল্ড প্রতিষেধক উৎপাদনে পুনাওয়ালার অবদানের স্বীকৃতিস্বরূপ তাঁকে এই সম্মান প্রদান করা হল। ১৩ অগস্ট পুরস্কারের অর্থ এক লক্ষ টাকা ও স্মারক তুলে দেওয়া হয় পুনাওয়ালার হাতে।

প্র য়া ণ

গার্ড মুলার: ১৬ অগস্ট জার্মানির বিশ্বখ্যাত ফুটবলার গার্ড মুলার (৭৫) প্রয়াত হলেন। অপ্রতিরোধ্য এক গোল মেশিন নামে পরিচিত জার্মান এই কিংবদন্তি গত পাঁচ-ছয় বছর ধরে আক্রান্ত ছিলেন অ্যালঝাইমার্সে। পরে ডিমেনশিয়াও বাসা বাঁধে মস্তিষ্কে। শেষ বছর দুয়েক ছিলেন একেবারেই শয্যাশায়ী। গত শতকের ছয়ের দশকের শেষ থেকে সাতের দশকের মাঝামাঝি পর্যন্ত

https://t.me/bettersolution4u www.bettersolution4u.blogspot.com Page 62/68

ফুটবল মাতিয়ে রেখেছিল তাঁর পায়ের জাদু। বায়ার্ন মিউনিখ ও পশ্চিম জার্মানি দুই দলই সে সময়ে অপ্রতিরোধ্য হয়ে উঠেছিল মুলার, বেকেনবাউয়ার, উলি হোয়েনস, পল ব্রাইটনারদের মতো খেলোয়াড়দের সৌজন্যে। বিশ্ব ফুটবলে মুলারই শেষ খেলোয়াড় যিনি বিশ্বকাপে ১০-এর বেশি গোল করেছিলেন। টানা ১২ মরসুমে ক্লাব ফুটবলে ৩০-এর বেশি গোল। ৪ বার ইউরোপিয়ান কাপে হয়েছেন টপ স্কোরার। দেশের হয়ে ৬২ ম্যাচে রয়েছে ৬৮ গোল।

চিন্ময় চট্টোপাধ্যায়: ১৬ অগস্ট জাতীয় দলের প্রাক্তন ফুটবলার চিন্ময় চট্টোপাধ্যায় প্রয়াত হলেন। ১৯৭৪-এ ইউথ এশিয়ান কাপ জয়ী দলে এবং ১৯৭৮-এ এশিয়ান গেমসে ভারতের হয়ে প্রতিনিধিত্ব করেন। সন্তোষ ট্রফি জয়ী বাংলা দলে চার বার প্রতিনিধিত্ব করেছেন। ক্লাব ফুটবলে মূলত ইস্টবেঙ্গল এবং মহামেডানে খেলেছেন। মাত্র এক মরসুমের জন্য মোহনবাগানে ১৯৭৫ সালে সই করলেও একটি ম্যাচও খেলেননি।

ও এম নাম্বিয়ার: ১৯ অগস্ট অ্যাথলেটিক্সের কিংবদন্তি কোচ ও এম নাম্বিয়ার (৮৯) প্রয়াত হলেন। তাঁর সেরা ছাত্রী হলেন 'ট্র্যাকের রানি' পি টি উষা। ভারতের প্রথম দ্রোণাচার্য পুরস্কারজয়ী কোচ নাম্বিয়ার বার্ধক্যজনিত অসুখে ভুগছিলেন। পেয়েছেন পদ্মশ্রী পুরস্কারও। এয়ারফোর্সের প্রাক্তন এই কর্মী দেশের একঝাঁক অ্যাথলিট তুলে আনলেও নাম্বিয়ারের বড় পরিচয় ছিল তিনি পি টি উষার কোচ।

কল্যাণ সিং: উত্তরপ্রদেশের প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা রামমন্দির আন্দোলনের অন্যতম নেতা কল্যাণ সিং (৮৯) বার্ধক্যজনিত দীর্ঘ রোগভোগের পর ২১ অগস্ট প্রয়াত হলেন। উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রিত্ব ছাড়াও রাজস্থান এবং হিমাচলপ্রদেশের রাজ্যপালের দায়িত্বও সামলেছেন তিনি। দু'বার লোকসভার সাংসদও নির্বাচিত হন। কল্যাণ সিংয়ের মৃত্যুতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর টুইট, 'কল্যাণ সিংজি একজন তুখোড় রাষ্ট্রনেতা, প্রবীণ প্রশাসক, তৃণমূল স্তরের নেতা এবং অসাধারণ একজন মানুষ ছিলেন। উত্তরপ্রদেশের উন্নয়নে তাঁর ভূমিকা অতুলনীয়।'

চন্দ্রশেখর মেনন: ষাটের দশকের দাপুটে ডিফেন্ডার তথা জাতীয় দলের প্রাক্তন অলিম্পিয়ান ফুটবলার চন্দ্রশেখর মেনন ২৪ অগস্ট (৮৫) প্রয়াত হলেন। ১৯৬০ সালে রোম অলিম্পিক্সে শেষবার ফুটবল খেলেছিল ভারত। সেই দলে ছিলেন কেরালার চন্দ্রশেখর। ১৯৬২-তে জাকার্তা এশিয়ান গেমসের সোনা জয়ী ভারতীয় দলেরও সদস্য ছিলেন তিনি। ১৯৬৪ সালে এশিয়ান কাপে রানার্স হওয়া ভারতীয় দলেরও অন্যতম তারকা ছিলেন তিনি। জাতীয় দলের হয়ে ২৫টি ম্যাচ খেলেছেন তিনি।

সৈয়দ শাহিদ হাকিম: ২২ অগস্ট প্রাক্তন অলিম্পিয়ান ফুটবলার সৈয়দ শাহিদ হাকিম (৮২) প্রয়াত হলেন। খেলা ছাড়ার পর ফিফা ব্যাজধারী রেফারি হয়েছিলেন। তারপর হন ভারতীয় ফুটবল দলের প্রশিক্ষক। স্পোর্টস অথরিটি অব ইন্ডিয়ার (সাই) রিজিওনাল ডিরেক্টরের দায়িত্ব পালন করেছিলেন সাফল্যের সঙ্গে। টিভিতে ফুটবল বিশেষজ্ঞ হিসেবে ছিলেন দারুণ জনপ্রিয়। কর্মজীবনে ছিলেন ভারতীয় বায়ুসেনার স্কোয়াড্রন লিডার।

শুভঙ্কর বন্দ্যোপাধ্যায়: ২৫ অগস্ট প্রখ্যাত তবলা শিল্পী শুভঙ্কর বন্দ্যোপাধ্যায় (৫৪) করোনায় প্রয়াত হলেন। দু'টি টিকা নেওয়া সত্ত্বেও করোনায় আক্রান্ত হয়ে প্রায় দু'মাস যাবৎ একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন তিনি। ভারত বিখ্যাত সঙ্গীতকারদের সঙ্গে সঙ্গত করেছেন শুভঙ্কর। তাঁর মৃত্যুতে শোকের ছায়া নেমে আসে সারা দেশের সঙ্গীত জগতে।

গৌরী ঘোষ: ২৬ অগস্ট বিশিষ্ট বাচিকশিল্পী গৌরী ঘোষ (৮৩) প্রয়াত হলেন। বাচিক শিল্পে বহুল জনপ্রিয় পার্থ ঘোষ ও গৌরী ঘোষ শিল্পী দম্পতির 'কর্ণকুন্তী সংবাদ'। শ্রোতাদের কাছে সমান প্রশংসিত তাঁদের অনেক উপস্থাপনা। গৌরী ঘোষের মৃত্যুতে শোকবার্তায় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বলেছেন, 'তাঁর অনবদ্য আবৃত্তি মননশীল শ্রোতাদের হৃদয়ে চিরস্থায়ী হয়ে থাকবে। তাঁর প্রয়াণ সাংস্কৃতিক জগতে এক অপূরণীয় ক্ষতি।

টেড ডেক্সটার: ইংল্যান্ডের প্রাক্তন টেস্ট অধিনায়ক টেড ডেক্সটার (৮৬) ২৬ অগস্ট প্রয়াত হলেন। বার্ধক্যজনিত কারণে বেশ কিছুকাল যাবৎ ভুগছিলেন তিনি। আইসিসির হল অব ফেমেও অন্তর্ভুক্ত হয়েছেন টেড। ইংল্যান্ডের জাতীয় দলের নির্বাচকও ছিলেন। ১৯৭২-এ ক্রিকেট থেকে অবসর নেওয়ার আগে পর্যন্ত ৬২ টেস্টে করেছেন ৪৫০২ রান। সর্বোচ্চ ২০৫। শতরান ৯টি। ব্যাটিং গড় ৪৭.৮৯। বল হাতে উইকেট নিয়েছেন ৬৬টি।

@bettersolution4u https://ebooks.bettersolution4u.in Page 63/68

বুদ্ধদেব গুহ: প্রখ্যাত আরণ্যক সাহিত্যিক * বুদ্ধদেব গুহ (৮৫) ৩০ অগস্ট প্রয়াত হলেন। কোভিড পরবর্তী জটিলতার কারণেই চিরঘুমে চলে গেলেন 'মাধুকরী', 'কোজাগর', 'হলুদ বসন্ত' বা 'কোয়েলের কাছে'র লেখক। এছাড়াও বাংলা সাহিত্যের দু'টি জনপ্রিয় কাল্পনিক চরিত্র ঋভু এবং ঋজুদার স্রষ্টা। সাহিত্য চর্চার সঙ্গে সঙ্গে করেছেন পুরাতনী, রবীন্দ্রসঙ্গীত এবং দুর্লভ বাংলা টপ্পা গানের চর্চাও। ব্যতিক্রমী এই সাহিত্যিকের প্রয়াণে শোকজ্ঞাপন করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য-সহ বহু বিশিষ্ট মানুষ। পেশাগতভাবে একজন চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট বুদ্ধদেব গুহ খেলাধুলোতেও ছিলেন দক্ষ। চুনী গোস্বামীর সঙ্গে ক্রিকেট খেলেছেন। খেলেছেন টেনিসও। বাংলা কথাসাহিত্যে একটা আলাদা ঘরাণা তৈরি করেছিলেন যা পাঠকদের কাছে তাঁকে চিরস্মরণীয় করে রাখবে।

গুরুত্বপূর্ণ স্থান

ভারত: অগস্ট মাসের জন্য রাষ্ট্রপুঞ্জের নিরাপত্তা পরিষদের সভাপতির দায়িত্ব পেল ভারত। পরিষদের একটি বৈঠকে সভাপতিত্ব করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এই প্রথম ভারতের কোনও প্রধানমন্ত্রী এমন দায়িত্ব পালন করবেন। ১ অগস্ট বিদেশমন্ত্রক সূত্রে এ খবর জানা গিয়েছে। রাষ্ট্রপুঞ্জে ভারতের রাষ্ট্রদূত টি এস তিরুমূর্তি জানিয়েছেন, ভারতকে ফ্রান্স এই বিষয়ে যেভাবে সমর্থন জানিয়েছে সেজন্য ভারতের তরফে ফ্রান্সকে ধন্যবাদ জানানো হচ্ছে। এই এক মাসে সমুদ্রপথে সুরক্ষা, শান্তি বজায় রাখা, সন্ত্রাসবাদ বিরোধিতার মতো বিষয়গুলি নিয়ে আলোচনায় জোর দিয়েছে ভারত। পশ্চিম এশিয়ার দেশগুলোর সঙ্গেও আলোচনায় বসার আগ্রহ প্রকাশ করেছে ভারত।

হাইতি: ১৪ অগস্ট প্রবল ভূমিকম্পে কেঁপে উঠল হাইতি। প্রাথমিক ভাবে ২৯ জনের মৃত্যুর খবর পাওয়া গেলেও মৃতের প্রকৃত সংখ্যা অনেক বেশি বলে আশঙ্কা প্রশাসনের। দেশ জুড়ে জারি হয়েছে জরুরি অবস্থা। কম্পনের কেন্দ্র ছিল রাজধানী পোর্তে-অ্যা-প্রিন্স থেকে ১০০ মাইল দূরে। ভূমিকম্পের কেন্দ্রস্থলের এলাকাগুলির যে ছবি সামনে এসেছে, তা এককথায় ভয়াবহ। উল্লেখ্য, ২০১০ সালের জানুয়ারিতে হাইতির ভূমিকম্প দু'লক্ষেরও বেশি মানুষের প্রাণ কেড়েছিল। আহত হয়েছিলেন অন্তত তিন লক্ষ মানুষ। ১৫ লক্ষেরও বেশি মানুষ মাথার উপর ছাদ হারিয়েছিলেন। এ দিনের ভূমিকম্পের পর প্রধানমন্ত্রী এরিয়েল হেনরি টুইট করেন, 'আমার প্রশাসনের যেটুকু রসদ রয়েছে সবটুকু দিয়ে মানুষকে সাহায্য করার চেষ্টা করব।' প্রবল দারিদ্র্য, মুদ্রাস্ফীতি, বেকারত্বের মুখোমুখি এই দেশে সম্প্রতি প্রেসিডেন্ট জাভেনেল মোসে খুন হওয়ার পর সেদেশের দুরবস্থার চিত্র বিশ্বের সামনে উঠে এসেছিল। বিধ্বস্ত সেই দেশকেই আবার ধাক্কা দিয়ে গেল ভূমিকম্প।

জাপান: অলিম্পিক্সে বাস্কেটবলে সেরা হল আমেরিকাই। ছেলেদের বাস্কেটবলে টানা চারবার সোনা জিতল তারা। ৭ অগস্ট ফাইনালে ফ্রান্সকে ৮৭-৮২ হারাল আমেরিকা। এই নিয়ে ছেলেদের বাস্কেটবলে মোট সাতবার সোনা এল আমেরিকায়। অপরদিকে, ইয়োকোহামা স্টেডিয়ামে বেসবলে সোনা জিতে ইতিহাস গড়ল জাপান। ছেলেদের বেসবলের ফাইনালে তারা ২-০ আমেরিকাকে হারিয়ে সোনা জিতল। সংগঠক দেশ হিসেবে এর আগে কেউ বেসবলে সোনা পায়নি। জাপানের এটা বেসবলে প্রথম সোনা।

ইংল্যান্ড: ইংল্যান্ডকে লর্ডস টেস্টে ১৫১ রানে হারাল ভারত। ১৬ অগস্ট পাঁচ টেস্ট সিরিজের দ্বিতীয় টেস্টের শেষ ইনিংসে মাত্র ১২০ রানে শেষ হয়ে যায় ইংল্যান্ডের ইনিংস। ভারতের পেসবোলারদের অভাবনীয় সাফল্য দলকে জয় পেতে বেশি সাহায্য করেছে। সিরাজ নিয়েছেন চার উইকেট। বুমরা তিন, ইশান্ত দুই ও মহম্মদ সামি একটি উইকেট নিয়েছেন। এদিন ইংল্যান্ডের মাটিতে অষ্টম টেস্ট জিতল ভারত। লর্ডসে টিম ইন্ডিয়ার এটি তৃতীয় জয়।

 https://t.me/bettersolution4u www.bettersolution4u.blogspot.com Page 64/68

কলকাতা: কলকাতা বিশ্ববিদ্যালয় দেশের সেরা বিশ্ববিদ্যালয়গুলির মধ্যে দ্বিতীয় সেরার জায়গা করে নিল। ১৬ অগস্ট সাংহাই র‍্যাঙ্কিং ২০২১-এর রিপোর্টে বিশ্বের ১০০০টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে নাম রয়েছে দেশের ১৪টি বিশ্ববিদ্যালয়ের। সেখানে বেঙ্গালুরুর ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সায়েন্স-এর ঠিক পরেই রয়েছে কলকাতা বিশ্ববিদ্যালয়।

আফগানিস্তান: ১৫ অগস্ট কার্যত বিনাযুদ্ধেই কাবুল দখল করে আফগানিস্তানে ফের নিজেদের রাজত্ব কায়েম করল তালিবান। ২৫ বছর পর ফের আছড়ে পড়া তালিবানের ভয়ঙ্কর আগ্রাসনের মুখে তাসের ঘরের মতো ভেঙে পড়ল আফগান বাহিনীর প্রতিরোধ। তালিবানের সঙ্গে পৌনে এক ঘণ্টার 'সমঝোতা' বৈঠক সেরে প্রেসিডেন্ট পদ থেকে ইস্তফা দিয়ে দেশছাড়া হয়েছেন আশরাফ ঘানি। তালিবান রাজধানী দখল করতেই কাবুল বিমানবন্দরে মরিয়া হয়ে ভিড় জমিয়েছিলেন দেশ ছাড়তে চাওয়া আফগানরা। যদি ওঠা যায় এই বিশ্বাসে টিকিট ছাড়াই চলন্ত বিমানের ওপরেই ঝাঁপিয়ে পড়েন বহু মানুষ। উড়ন্ত বিমানের চাকা জাপটে ধরে দেশ থেকে পালাতে চেয়েছিলেন বেশ কয়েকজন। বিমানের চাকা থেকে খড়কুটোর মতো খসে পড়া তিনজনের মর্মান্তিক মৃত্যু গোটা বিশ্বকে নাড়িয়ে দিয়েছে। ১৯৮৯ সালে সোভিয়েত সমর্থন সরে যাওয়ার পর আফগান ভূমির দখল চলে যায় পাক গুপ্তচর সংস্থা আইএসআই-এর হাতে। নেপথ্যে মদত ছিল আমেরিকা ও সৌদি আরবের। তারই প্রতিচ্ছবি ফিরল ২০২১-এ। মার্কিন সেনা সরে যেতেই দ্রুত আফগানিস্তানের দখল নিল তালিবান। এবারেও সেই পাকিস্তানি মদতের তত্ত্ব জোরালো। শুধু আমেরিকা ও সৌদি আরবের পরিবর্তে এবারে উঠেছে চিনের নাম।

গ্রিস: আফগান শরণার্থীদের ঢল নামতে পারে এই আশঙ্কায় তুরস্কের সঙ্গে সীমান্তে ২৫ মাইল লম্বা ইস্পাতের পাঁচিল তুলে দিল গ্রিস। সিরিয়ার গৃহযুদ্ধের সময় থেকেই শরণার্থী সমস্যার শিকার হচ্ছে গ্রিস। ২০১৫ সাল থেকেই হাজার হাজার শরণার্থী গ্রিসের মধ্যে দিয়ে ইউরোপে প্রবেশের চেষ্টা চালিয়েছে। সে কারণেই আফগানিস্তানের টালমাটাল পরিস্থিতিতে ফের আতঙ্কিত গ্রিস। ২২ অগস্ট সেখানকার এক মন্ত্রী মিকাইল ক্রাইসোকোডিস জানিয়েছেন, আমাদের সীমান্ত নিরাপদই থাকবে, কেউ তা পেরোতে পারবে না। আমরা শরণার্থীদের স্রোত আর বরদাস্ত করব না।

জাপান: অলিম্পিক্সে ফুটবলে সোনা থাকল ব্রাজিলেই। ৭ অগস্ট স্পেনকে ২-১ হারিয়ে ফুটবলে সোনা জিতল তারা। গতবার রিও অলিম্পিক্সেও সোনা জিতেছিল ব্রাজিল। স্পেনের সামনে ১৯৯২ সালের পর আবার সুযোগ এসেছিল সোনা পাওয়ার। কিন্তু রুপোতেই সন্তুষ্ট থাকতে হল।

গুরুত্বপূর্ণ তারিখ

১ অক্টোবর: প্রবীণ দিবস।
২ অক্টোবর: বিশ্ব অহিংসা দিবস।
৪ অক্টোবর: বিশ্ব পশু দিবস।
অক্টোবর মাসের প্রথম সোমবার: বিশ্ব বসতি দিবস।
৮ অক্টোবর: ভারতীয় বায়ু সেনা দিবস।
অক্টোবর মাসের দ্বিতীয় বুধবার: আন্তর্জাতিক প্রাকৃতিক বিপর্যয় হ্রাস দিবস।
৯ অক্টোবর: বিশ্ব ডাকঘর দিবস।
১০ অক্টোবর: জাতীয় ডাক দিবস।
১২ অক্টোবর: বিশ্ব চক্ষু দিবস।
১৪ অক্টোবর: বিশ্ব মান সুরক্ষা দিবস।
১৫ অক্টোবর: বিশ্ব সাদা ছড়ি (হোয়াইট কেন) দিবস (অন্ধ মানুষের সুরক্ষায়)।
১৬ অক্টোবর: বিশ্ব খাদ্য দিবস।
২৪ অক্টোবর: রাষ্ট্রপুঞ্জ দিবস; বিশ্ব উন্নয়ন তথ্য দিবস।

জাপান: ২৪ অগস্ট টোকিয়োতে শুরু হল প্যারা অলিম্পিক্স। কিন্তু ভারতীয় দলের মার্চ পাস্টে দেশের পতাকা বহন করতে পারলেন না গতবার রিও প্যারা অলিম্পিক্সের হাই জাম্পে সোনা জয়ী মারিয়াপ্পান থাঙ্গাভেলু। তাঁকেই এবার উদ্বোধনে দেশের পতাকাবাহক বাছা হয়েছিল। মারিয়াপ্পান যে বিমানে টোকিয়ো পৌঁছন সেই বিমানে করোনা রোগীর হদিশ মেলায় সহযাত্রীদের সঙ্গে নিভৃতবাসে যেতে হয় মারিয়াপ্পানকে। তাঁর জায়গায় উদ্বোধনে ভারতের পতাকা বইলেন জ্যাভলিন থ্রোয়ার টেক চাঁদ। এ বার প্যারা অলিম্পিক্সে ভারতের সর্ববৃহৎ ৫৪ জনের দল অংশ নিয়েছে।

 @bettersolution4u https://ebooks.bettersolution4u.in Page 65/68

গ্রন্থ ও গ্রন্থকার

The Magic Mindset: How to Find Your Happy Place *by* Preeti Shenoy.
India vs UK *by* Syed Akbaruddin.*
The Blind Matriarch *by* Namita Gokhale.
Parsi Kitchen *by* Anahita Dhondy.
The Murderer, The Monarch and The Fakir *by* Appu Esthose Suresh.
The Almanack of Naval Ravikant *by* Jorgenson Eric.
Kathmandu Dilemma *by* Ranjit Rae.
The Colour of God *by* Ayesha S. Chaudhry.
Lahore *by* Manreet Sodhi Someshwar.
Coward and the Sword *by* Jugal Hansraj.

সংক্ষিপ্ত শব্দ

LOCF: Learning Outcome Based Curriculum Framework.
CDC: Centers for Disease Control and Prevention.
AmCham: American Chamber of Commerce.
ISHWM: Indian Society of Hospital Waste Management.
EKWMA: East Kolkata Wetland Mangement Authority.
CTBUH: Council on Tall Buildings and Urban Habitat.
IPCC: Intergovernmental Panel on Climate Change.
PFRDA: Pension Fund Regulatory and Development Authority.
SGSY: Swarnjayanti Gram Swarozgar Yojana.
NRLM: National Rural Livelihoods Mission.

সংখ্যাতত্ত্ব

১৫ লক্ষ

—জন। অগস্টে গোটা দেশে কাজ খোয়ানো মানুষের সংখ্যা। অগস্টে দেশে বেকারত্বের হার ছিল ৮.৩২ শতাংশ। গ্রামীণ এলাকায় ৭.৩৪ শতাংশ, শহরাঞ্চলে ৯.৭৮ শতাংশ।

২৪

—টি। ভারতে মোট জীবনবিমা সংস্থার সংখ্যা। এর মধ্যে মাত্র একটি— লাইফ ইনশিওরেন্স কর্পোরেশন রাষ্ট্রায়ত্ত সংস্থা। বাকিগুলি বেসরকারি।

২৩ লক্ষ ৭ হাজার

—টন। চলতি বছরের জুলাই মাসে দেশে যত পরিমাণ পেট্রল বিক্রি হয়েছে। ডিজেল বিক্রি হয়েছে ৫৪.৫ লক্ষ টন। ২০২০-র জুলাইয়ের তুলনায় বিক্রিতে বৃদ্ধির পরিমাণ যথাক্রমে ১৭ শতাংশ ও ১২.৩৬ শতাংশ।

বিবিধ

সামুদ্রিক ঝড়ে আদিম জনজীবন ধ্বংসের আশঙ্কা

সামুদ্রিক ঝড়ের বিপত্তি শুধু আজকের নয়, গবেষকদের অনুমান, আজ থেকে সাড়ে তিন হাজার বছর আগেও প্রাচীন উপকূলীয় জনজাতির মানুষকে ঝড়ের সঙ্গে লড়াই করে বেঁচে থাকতে হয়েছে।

কলকাতা বিশ্ববিদ্যালয়ের পুরাতত্ত্ব বিভাগের অধ্যাপক কৌশিক গঙ্গোপাধ্যায়ের পরিচালনায় সম্প্রতি পূর্ব মেদিনীপুরের এরেন্দায় খননকার্য চালিয়ে পাওয়া গিয়েছে হলোসিন যুগের দ্বিতীয়ার্ধের কিছু ঘর-গৃহস্থালির নিদর্শন। খ্রিস্টপূর্ব ১৪০০ থেকে ৯০০ অব্দ— এই সময়কালে এখানে মানুষ বসবাস করেছে।

প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ের ভূতত্ত্ব ও কলকাতা বিশ্ববিদ্যালয়ের পুরাতত্ত্ব বিভাগের গবেষণায় জানা গিয়েছে যে, ভূতাত্ত্বিক কারণে সমুদ্র সরে যাওয়ার পর মানুষ এখানে বসবাস শুরু করে। সম্ভবত রাঢ়বঙ্গ থেকে তারা এরেন্দাতে এসেছিল। এলাকার কাছাকাছি ছিল প্রাকৃতিক ভাবে সৃষ্ট জলাভূমি। বন্য ধান জাতীয় শস্য ফলানো দিয়ে এখানে কৃষিকাজের সূচনা হয়। অধ্যাপক গঙ্গোপাধ্যায় বলেন, 'এই অঞ্চল থেকে গৌড়ের রাজা শশাঙ্কের একটি তাম্রলিপ্ত শাসনলিপি পাওয়া গিয়েছিল প্রথমে। সেই বিষয়ে অনুসন্ধান করতে করতেই এই জনজাতির অবিষ্কার।'

মূলত কালচে লোহিত মাটির পাত্র, হাড়ের তৈরি বঁড়শি, তামার জালকাঠি উদ্ধার হয়েছে। ওই প্রাচীন জনজাতির বাস্তুতন্ত্র ও পরিবেশ নিয়ে গবেষণাকারী, ভূতত্ত্বের অধ্যাপক সুপ্রিয় কুমার দাস জানান, প্রায় দুশো বছর বসবাসের পর হঠাৎ এই অঞ্চলটি পরিত্যক্ত হয়ে যায়, কিন্তু ভূমিকম্প বা হিংসার কোনও প্রমাণ পাওয়া যায়নি। তবে, খ্রিস্টপূর্ব দ্বিতীয় শতকে খারবেলের হাতিগুম্ফা লিপিতে এমন এক ঝড়ের উল্লেখ আছে, যার জেরে ঝামাপাথরের দেয়ালও ভেঙে গিয়েছিল। সেই থেকে গবেষকদের অনুমান, ওড়িশা এখান থেকে খুব বেশি দূরবর্তী না হওয়ায় বসতি পরিত্যাগের কারণ প্রবল ঘূর্ণিঝড় হওয়া অসম্ভব কিছু নয়।

https://t.me/bettersolution4u www.bettersolution4u.blogspot.com Page 66/68

স্বর্ণাক্ষরের সব বই নীচের ঠিকানায় পাওয়া যায়

অনলাইন কিনতে হলে লগ ইন করুন ▶ www.readbengalibooks.com

অমরেন্দ্র চক্রবর্তীর উপন্যাস

বিষাদগাথা

হারানো অতীত থেকে কাঁপানো বর্তমান অবধি বিস্তৃত বাংলার স্মৃতি-ইতিহাস। নদীহারা এক গ্রামের দর্পণে দুই শতাব্দী যাপনের নিবিড় মায়াচিত্র কিংবা সমকালীন রূপকথা। **দ্বিতীয় মুদ্রণ ₹২০০**

অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত

ভ্রমণকাহিনীর মহাসংকলন

সেরা ভ্রমণ কাহিনী

প্রখ্যাত লেখক-পর্যটকদের অবিস্মরণীয় ভ্রমণকথা

১ম খণ্ড ৫ম মুদ্রণ ₹৭৫০

২য় খণ্ড ৩য় মুদ্রণ ₹৩০০

৩য় খণ্ড ১ম প্রকাশ ₹৩০০

বিমল মুখার্জির

দুচাকায় দুনিয়া

১৯২৬ সালে সাইকেলে পৃথিবী পর্যটনে বেরিয়েছিলেন প্রথম ভারতীয় ভূ-পর্যটক বিমল মুখার্জি। তাঁর সেই দুঃসাহসিক বিশ্বভ্রমণের রোমাঞ্চকর অভিজ্ঞতা। **অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত**। ৮ম মুদ্রণ ₹৩০০

শঙ্খ ঘোষের **ইছামতীর মশা** ₹১৫০ **বেড়াতে যাবার সিঁড়ি** ₹১২০

নবনীতা দেব সেনের **ভ্রমণের নবনীতা** ₹১২৫

প্রতাপকুমার রায়ের **দেশে দেশে** ₹৭৫

বসন্ত সিংহ রায়ের **কাঞ্চনজঙ্ঘা অভিযান** ₹১৫০

অমরেন্দ্র চক্রবর্তীর **বন্ধুভরা বসুন্ধরা** ₹১২০

রবীন চক্রবর্তীর **বাঁধা পথের বাঁধন ছেড়ে** ₹৯০

শঙ্কররঞ্জন রায়চৌধুরীর **চিন তিব্বত মোঙ্গোলিয়া** ₹৯০

অমরেন্দ্র চক্রবর্তীর গল্পসংকলন **নিমফুলের মধু** ₹৬০

অমিতাভ চৌধুরির **মহাজনসঙ্গ** ₹১২০

কালীকৃষ্ণ গুহর **গ্রিক কথামৃত** ₹১৫০

ক্ষণকথক বিরচিত **ক্ষণের বচন** ₹৪৫

অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত **কবিতা-পরিচয়** ₹৩০০

অমরেন্দ্র চক্রবর্তীর কবিতার বই **ভূমিকম্পের রাত** ₹১০০

মৃত্যুর অধিক এই মেরে ফেলা ₹৬০

নদী জানে, কচি নিমপাতারাও জানে ₹৩০

সুভাষ মুখোপাধ্যায়ের কাজের বই **কাজের বাংলা** ₹৩০

শিশিরকুমার আচার্যর **বাংলা সমাস** ₹৭৫

বাংলা প্রত্যয় প্রকরণ ও পদ্ধতি ₹১০০

স্বর্ণাক্ষরে ছোটদের বই

অমরেন্দ্র চক্রবর্তীর

গরিলার চোখ

মধ্য আফ্রিকার রোয়ান্ডার আদিম অরণ্যে গরিলাদের মুখোমুখি। কিশোর উপন্যাস। ₹৮০

সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত

মহাশ্বেতা দেবীর **তুতুল** ৩য় মুদ্রণ ₹৬০

কানাইলাল চক্রবর্তীর

কুমির হয়ে জলে গেল ₹৩০

চলো দেখে আসি দশম মুদ্রণ ₹৫০

চড়ুইয়ের সঙ্গে ₹১৫

মৈত্রেয়ী নাগের

আষাঢ়ে গল্প ₹৬০

বাঘ বেড়ালের ছড়া ছবি ₹৩০

নেকড়ের চোখ ₹৬০

প্রখ্যাত ফরাসি লেখক দানিয়েল পেনাক-এর L'OEIL DU LOUP বইয়ের অনুবাদ

সুভাষ মুখোপাধ্যায়ের **বকবকম** ₹১৫

পূর্ণেন্দু পত্রীর **আমার ছেলেবেলা** ₹১৮

পবিত্র সরকারের **কথামালা: ছড়ায় ঢালা** ₹১৫

অমরেন্দ্র চক্রবর্তীর ছোটদের বই

নতুন ছড়ার বই

জল-বাতাসা

প্রত্যেক পাতায় দেবব্রত ঘোষের প্রাণঢালা চিত্রাঙ্কন। মূল্য ৮০ টাকা

সঙ্গে বিনামূল্যে লেখকের কালোত্তীর্ণ কিশোর উপন্যাস **ঋষিকুমার**

হীরু ডাকাত

পাগলকরা ছন্দে দম বন্ধ করা ডাকাতের গল্প। ১০ম মুদ্রণ ₹১২০

সঙ্গে বিনামূল্যে দু'ঘণ্টার অখণ্ড MP3 সিডি

চোখে দেখা গল্প

মোঙ্গোলিয়ায় যাযাবরদের তাঁবুতে, সিরিয়ায় মরুভূমিতে বেদুইনদের সঙ্গে, আফ্রিকার জঙ্গলে গরিলাদের মুখোমুখি, শ্রীলংকায় ভেলায় চড়ে ভারত মহাসাগর। চোখে দেখা সব সত্যি গল্প। যুধাজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹১৫০

বরফের বাগান

পরিমার্জিত ও পরিবর্ধিত সংস্করণ

দুঃসাহসিক সমুদ্র-অভিযানের রুদ্ধশ্বাস কাহিনি। পাতায় পাতায় ছবি ₹১২০

শাদা ঘোড়া

ছোটদের স্বপ্ন আর যুদ্ধের রূপকথা। পাতায় পাতায় দেবব্রত ঘোষের ছবি। নানা ভাষায় অনূদিত। ৭ম মুদ্রণ ₹৭০

আমাজনের জঙ্গলে

আমাজনের গভীরে রহস্যে ঢাকা অরণ্যবাসীদের নিয়ে বিস্ময়কর কিশোর উপন্যাস। ৮ম মুদ্রণ ₹৮৫

লেখকের অন্যান্য বই: লিচুবাগানের চৌকিদার ₹৮০ ছেঁড়াকাঁথার গল্প ₹৭৫ ঋষিকুমার ₹২০ ভূতের বাঁশি ₹৪০ পাখির খাতা ₹৪০ তালগাছের ডোঙা ₹২০ মাতলাগাঙের ভূত ₹৭৫ গৌর যাযাবর ₹১২০

প্রাপ্তিস্থান

শিশু সাহিত্য সংসদ প্রাঃ লিঃ, ৩২এ, আচার্য প্রফুল্লচন্দ্র রোড, কলকাতা-৯ **ফোন:** ২৩৫০-৭৬৬৯/৩১৯৫ **কথাশিল্প**, কলেজ স্ট্রিট। **অভিযান বুক স্টোর**, ১০/২এ, রমানাথ মজুমদার স্ট্রিট, কলকাতা-৯ **ফোন:** ৮০১৭০ ৯০৬৫৫। **দে বুক স্টোর** (আদি), **দে বুক স্টোর** (দীপু), **বলাকা বুক স্টল** ইত্যাদি। ■ **বাংলাদেশে: বাতিঘর চট্টগ্রাম**, প্রেস ক্লাব ভবন, ১৪৬/১৫১ জামাল খান রোড, চট্টগ্রাম-৪০০০। ফোন: ০৩১২৮৬৯৩৯১/০১৭৩৩০৬৭০০৫। **বাতিঘর ঢাকা**, বিশ্বসাহিত্য কেন্দ্র ভবন, ১৭, ময়মনসিংহ রোড, বাংলা মোটর, ঢাকা ১০০০। ফোন: ০২৯৬৩৫৩৩৯/০১৯৭৩৩০৪৩৪৪। **বাতিঘর সিলেট**, গোল্ডেন সিটি কমপ্লেক্স, ৬৮২, পূর্ব জিন্দাবাজার, সিলেট ৩১০০ ফোন: ০১৯১১৫০৯৬৯৬

স্বর্ণাক্ষর ✆ ৯৮৩৬৩ ০৯১৭০ (সকাল ১১টা থেকে সন্ধে ৬টা) ই-মেল: swarnakshar.books@gmail.com